अन्यती आहि।



ओकिरनावी मान वावाजी







বীৰীকৃষ্ণ চৈতব্য শরনম্

A STATE OF THE STATE OF

পদাবলী সাহিত্যে গৌরাস পার্মদ (প্রাচীন বৈঞ্চৰ পদাবলী (লখক গবের জীবনী)

★ প্রথম সংস্করণ ★



—বৈঞ্চৰ বিসাৰ্চ ইনফিটিউট হইতে— শ্লীকিশোৱী দাস বাবাজী কৰ্তৃক সম্পাদিত ও প্ৰকাশিত





CATAMOR STATE



॥ सीसीनिठाँ भौतात्र भूक्षात्र ॥

। প্রীপাদ ঈশ্বর পুরীর প্রীপাট । প্রীচৈতগ্য ডোবা । হালিসহর । উত্তর ২৪ পরগণা । পশ্চিমবদ প্রকাশক :

জ্রীকিশোরী দাস বাবাজী জ্রীচৈতহ্যডোবা, হালিসহর, উত্তর ২৪ পরগণা। সম্পাদক কর্তৃক সর্ববস্থ সংরক্ষিত। প্রথম সংস্করণ ঃ ১৪০৩ বলাব।

शाशिश्वाव 8

 এীকিশোরী দাস বাবজী
 এীচৈতন্সডোবা, পোঃ হালিসহর উত্তর ২৪ পরপণা, পশ্চিমবঙ্গ

২। মহেশ লাইত্রেরী

২৷১. খ্যামচরণ দে খ্রীট, কলিকাডা : ৭°°°৭৩ কোন : ৩১-১৪৭৯

- ৩। জয়গুরু পুস্তকালয় ১২।১৮, বঙ্কিম চ্যাটার্জী খ্রীট, কলিকাডা: ৭০০০৭৩
- ৪। সংস্কৃত পুস্তক ভাণার ৬৮, বিধান সরনী, কলিকাডাঃ ৭০০০৩৬ কোনঃ ৩২-২১০৮

ভিক্ষা ভিরিশ টীকা

মুতাকর: জ্রীপ্রাণকৃষ্ণ ভক্তি প্রেস, জ্রীচৈত্যাভোৱা।

॥ जुबिका ॥

তঃ মিহিব চৌধুৰী কামিল্য।

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, বর্ধমান বিশ্ববিভালয় কো-নর্ডিনেটার ঃ ডি,এস,এ, বাংলা বর্ধমান বিশ্ববিভালয় কো-নর্ডিনেটার ঃ করেসপনডেনস বাংলা এম,এ, বঃ বিশ্বঃ ভূতপূর্ব বিলাচ কলার ঃ বৈক্ষব সাহিত্য শাখা, বঃ বিশ্বঃ কোন—

•৩৪২-৬৫°৮২

রক-এ ফ্লাট-৬

বর্ধমান-৭১৩১°৪

কবি সত্যেন্দ্ৰনাথ দত্ত বলেছিলেন — বাঙালীর হিয়া অমিয় মথিয়া নিমাই ধরেছে কায়া। আর সেই নিমাই-চৈত্তগ্রদেবকে অবলম্বন করে বাঙলা ও বাঙালী জীৰনে এক আকস্মিক বিশাল ও সৰ্বব্যাপী আলেড্ন উঠেছিল। সমালোচক যথাৰ্থই ৰলেছেন যে তাঁকে অবলম্বন করে মানুষের ভক্তির উচ্ছাস, ভালোবাসার আত্মীয়তা বোধ, দেবতের স্পর্শ, অস্তরের আলোড়ন, কবিতের অফুরস্ত নিঝ'র, অলংকার দর্শন ও বিধি ংচনার আশ্চর্য মনন শক্তি, ধম'চেড-নার প্রগাঢ় অনুভূতি এবং ধর্ম ানুষ্ঠানের আন্তরিক সাধনা আশ্চর্যভাবে সর্বব্যাপী রূপে আত্ম প্রকাশ করেছিল। বাঙালী চৈতত্ত্বের ভাবপুষ্ট হয়ে নতুন জন্ম পরিগ্রহ করেছিলো। চৈতন্মের জীবন সাধনা সবচেয়ে বেশি আলোড়িড করেছিলো মামুষের অস্তর সাধনাকে। তাঁকে ঘিরে মামুষ যে কি কর্বে কি লিখৰে কি ভাৰতে সেই নিয়ে আত্মহারা হয়েছিল। রবীশ্রনাথ বলেছেন— "বর্ষাঝতুর মতো মানুষের সমাজে এমন একটা সময় আসে, যখন হাওয়ার মধ্যে ভাবের বাষ্প প্রচুর পরিমা.ণ বিচরণ করিতে থাকে। চৈতত্ত্বের পরে বাঙলাদেশের সেই অবস্থা আসিয়াছিল। তথ্য সমস্ত আকাশ প্রেমের রসে আর্ত্র হইয়াছিল। তাই দেখে সে সময় যেখানে যত কবির মন মাথা তুলিয়া দাঁড়াইয়াছিল, সকলেই সেই রসের বাষ্প্রকে ঘন করিয়া কত অপুর্ব ভাষা এবং নৃতন ছন্দে কভ প্রাচুর্যে এবং প্রবলভায় দিকে দিকে বর্ষন করিয়াছিল।" আর তারই ফলে চৈতত্যের জীবদ্দশায় ও পরে অগণিত বাডালীর কণ্ঠে গানের পর গান ধ্বনিত হয়েছে। কতভাবে যে সে গান তরস্থায়িত হয়েছে, তার ইতিহাস আমাদের অজানা।

চৈত্তগ্ৰদেৰকে অবলম্বন করে নানা সক্ষের সাহিত্য রচিত হয়েছে। সেগুলিহচ্ছে—বৈক্ষৰ পদাবলী ও গৌৰাঙ্গ পদাবলী, চৈত্তগ্ৰ জীৰনী ও চৈত্তগ্ৰের নাম নিয়ে 'নাগরী-পদাবলী'। এছাড়া তাঁকে অবলম্বন করেই সেকালে রাধাকৃষ্ণ লীলা বিষয়ক পদাবলী রচনার একটা অসম্ভব জোয়ার এসেছিল এবং সেই ধারা অষ্টাদশ শতাব্দীর শেষ পর্যন্ত অব্যাহত ছিল। তৈতত্ত্বর পূবে বিস্থাপতি ও চন্ডীদাস ছাড়া আর কোনো কবি-ই পদ লিখছেন বলে জানা যায়নি। কিন্তু চৈতত্ত্বের সমকালে ও পরবর্তীকালে এত অলংখ্য কবি পদ লিখেছেন যে সংখ্যায় যাঁরা হাজার ছাড়িয়ে যেতে পারেন। বৈষ্ণম্ব পণ্ডিত ও পুঁথি সংগ্রাহক পদাবলী সাহিত্যের ভগীরথ ডঃ হরেকৃষ্ণ মুখোপাখ্যায় তাঁর বৈষ্ণৱ পদাবলীতে এই রক্ম ২০৮ জন কবির প্রায় চার হাজার পদ সংগ্রহ করে দিয়েছেন। এদেশে এটি বৃহত্তম পদাবলী সংকলন। তারপরেও কাঞ্চন বস্থ প্রমুখ কেউ কেউ পদাবলী মুদ্রণে ব্রতী হয়েছেন, কিন্তু পুঁথি সংগ্রহ করে নতুন পদ আবিষ্ণানের প্রানান্তকর প্রচেষ্টা চালাননি।

আমাদের পরম সৌভাগ্য যে হালিসহর চৈতত্য ডোবার শ্রীপাদ সমপুরীর শ্রীপাটের অধ্যক্ষ ও শ্রীশ্রী বৈঞ্চব রিসার্চ ইনষ্টিটিউট-এর সম্পাদক ও বৈষ্ণব সাহিত্যের সাম্প্রতিক কালের শ্রেষ্ঠতম তত্তাবধায়ক সুপণ্ডিত শ্রীকিশোরী দাস বাবাজী তাঁর একক প্রচেষ্টায় অন্তত পঞ্চাশটি বৈফৰগ্রন্থ সম্পাদনার পর সম্প্রতি চৈত্ত সমসামগ্রিক বৈফব কবিদের জীবনী ও পদ সংকলন সম্পাদনা করে প্রকাশ করেছেন। ১৩৬১ বঙ্গাব্দে ডঃ সতীঘোষ 'প্রভাক্ষদর্শীর কাব্যে মহাপ্রভু জ্রীচৈতক্য নামক গ্রন্থে মাত্র নয়জন চৈতক্য সমকালীন কবির ২২৮টি পদ প্রকাশ করেছিলেন। তার মধ্যে অনেকগুলি পদই চৈতল্যোত্তর কালের অন্য কবির লেখা, নরহরি সরকারের নামে তা তিনি ছেপেছেন এ বিষয়ে আমি বর্ধমান বিশ্ববিদ্যালয়ে প্রকাশিও নরহরি চক্রবর্তী জাবনীও রচনাবলী গ্রন্থে বিস্তৃত আলোচনা করেছি। তবুও ঐতিহাসিক বিচারে সতীঘোষের গ্রন্থ মূল্যবহ। কিন্তু আমি আশ্চর্ম হই পণ্ডিত কিশোরী দাস ৰাবাজী তাঁর অক্লান্ত পরিশ্রমে চৈততা সমকালীন ও পরবর্তী কৰিদের बीवनी मश् वृहर श्रम मारकनन প্রস্তুত করেছেন। এতে নরহরি সরকার, ৰাস্ত্ৰদেব ঘোষ, গোৰিন্দ ঘোষ, মাধৰ ঘোষ, রামানন্দ ৰস্তু, শিৰানন্দ সেন, পরমানন্দ শুল্ড, বংশীবদণ দাস, ছাড়া গোবিন্দ দাস, রাধামোহন, প্রেমদাস, নরহরি চক্রবর্ত্তী ও আরে! অসংখ্য কবির জীবনী এবং প্রভূত পদ সংকলন করে দিয়েছেন। চৈততা সমসামন্ত্রিক ও পরবর্তী এত কবির এত অগনিত পদ যে

্ছিল, তা আমাদের জানা ছিল না। এীকিশোরী দাস বাবালী পরম নিষ্ঠার দ্বীর্ঘদিন অক্লান্ত পরিশ্রম করে নানা তান থেকে নানাভাবে এই সবলপদ সংকলন করেছেন তৎসঞ্চে পদ লেখক গণের পরিচিতি ও প্রদান করেছেন এবং নিজের সামর্থ মতো তুইটি সুনর সংকলন প্রকাশ করে প্রদাবলী রসিক মাত্রেরই কৃতজ্ঞতা ভারন হয়েছেন। বিশাল পদ সমুদ্রকে "বৈহুব পদাবলী সাহিত্য সংগ্ৰহ কোষ" নামে ইভিপুৰ্বেক তুইখতে প্ৰকাশিত হইয়াছে। প্ৰথম খণ্ডে নরহারি সরকারের জাননী সহ ভাঁহার রচিত মোট ১৩৫টি পদ। বিভীয় খণ্ডে নরহরি চক্রবর্ত্তীর গৌরলীলা বিষয়ক ৬০৭টি পদ প্রকাশিত হইয়াছে 1 তৃতীয় খণ্ডে নরহরি চক্রবর্তীর কুম্ফলীলা বিষয়ক পদ প্রভাগিত হইতেছে। এই সমস্ত পদকর্তাগণের পদাবলী গোলালা ও কৃষ্ণলীলা হিভাগ করতঃ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইবে। । अध्यक्षना भागवनी माহিত্যে গৌরাক পার্যদ গ্রন্থে গ্রন্থকার কিশোরী দাস বাবাজী বিশেক বিচক্ষনার মহিত বিচার বিশ্লেষন করিয়া ১৭৯ জন পদকর্ত্তার জীবনী প্রকাশ করেছেন এতে বহু অজ্ঞাত পরিচয় পদাবলী লেখকের পরিচয় পাওয়া যাবে। রাংলা সহিত্যের ইথা একটি অমূল্য সম্পদ হয়ে থাকবে। গবেষনারত ছাত্র ছাত্রী ও বিশ্বং সমান্তকে গবেষনার প্রভূত খোৱাক যোগাবে বলিয়া আশারাখি। এই গ্রন্থ ও তাই ঐতিহাসিক মর্যাদা দাবী করিতে পারে। প্রীগৌরাঙ্গ দেবের আবির্ভাব বাংলা ভাষা. সাহিত্য ও সংস্কাতিক প্রভূত মূল্যায়ণ করেছিল বিত্যাপতি চণ্ডীদাস থেকে নরহরি দাস, প্রেমদাস পর্যান্ত এক যুগ সান্ধিকন সৃষ্টি হয়েছিল। প্রভাব পুষ্ট বালো ভাষার পরবর্ত্তী কবি ও সাহিত্যিকগণ। জীকিশোরী দাস বাবাজী "পদাবলী সাহিত্যে গৌরাস্থ পার্ষদ "গ্রন্থখনি প্রণয়ন হকরে বংলা ভাষা ও সানিভার পূর্ধা গণের পরিচিতি প্রকাশ করতঃ এক নৃতন অধ্যায়ের সূচনা করলেন। একদা পদাবলী সাহিত্যের ওপর এদেশে গ্রন্থের অভাব ছিলনা। কিন্তু সম্প্রতি পদাবলীর পাঠক বিরল বলে বিষয়টি যেমন গবেষণার বস্তু হয়ে দাঁড়িয়েছে, তেমনি পদাবলী গ্রন্থের সংগ্রাহক ও প্রকাশক তুল'ভ হ্য়ে দাঁড়িয়েছে। চারদিকে যখন পদাবলী সাহিত্যের এই হুর্ভাগ্যজনক অবস্থা তখন কিশোরী দাস ৰাৰাজীর এই প্রচেষ্টা আমাদের আশান্বিত ও আনন্দিত আর এ জন্মেই আমরা পদাবলীর গবেষক পাঠক ও গায়কেরা চিরকৃতজ্ঞ থাকবো। সর্বোপরি এই হ্যুগোর বাজারে নামমাত্র মূল্যে তিনি যে এই বই দৰ্বত্ৰ ছড়িয়ে দিলেন, তাতে ও আমরা শান্তি ও স্বস্তি লাভ করছি। আর এই মহৎগুনের জন্মেই বাঙালী সমাজ বাবাজীকে চিরকাল স্মরণ করবে ।

আমি সশ্রন্ধচিত্তে বাবান্ধীর এই পূণ্য কর্মকৈ আনতশিরে প্রনাম জানাই। পণ্ডিত জগৎবন্ধু ভত্র, সতীশচন্দ্র রায়, হরিদাস দাস. ও হরেকুঞ মুখোপাধ্যায়ের সার্থক উত্তরসূরী এই কিশোরী দাস বাবাদ্ধী বৈফবগ্রন্থ প্রকাশের যে উন্তম নিয়েছেন, আমি মনে করি সরকারী ও বেসরকারী প্রতিটি প্রতিষ্ঠানে তাঁকে যথোচিত দাহায্য করবেন যাতে বাংলা সাহিত্য সংস্কৃতির এই পূজনীয় ব্যক্তিত আমাদের সমাজ সংস্কৃতি ও সাহিত্যকে আরো অনেক কিছু আরো স্থন্দরভাবে দিয়েযেতে পারবেন। তাঁর এই গ্রন্থ সর্বত্র প্রচারিত হলে দেশও শাতির যথায়থ কল্যাণ সাধিত হবে। আমরাও অমুভব্ করতে পারবো যে আমাদের পূর্বপুরুষেরা সে কালে সাহিত্যের কি বিপুল রত্ন ভাণ্ডার আমাদের জন্মে রেখে গিয়েছিলেন আর যেই 'রছভাণার' কে জনসমাজে উপস্থাপন করে কিশোরী দাস বাবাজী যে পুণাকম' করলেন ভা তুলনারহিত। আমি দেশবাসীর পক্ষ থেকে বাবাজীকে শ্রদ্ধাও অভিনন্দ জানাই।

২৬ ৷ ৪৭ ৯৬ কামিল্যা

THE REAL PROPERTY AND ADDRESS OF THE PARTY AND

THE RESERVED TO SELECT THE PARTY OF THE PART

The part of the state of the state of the state of APPENDED TO BE THE STREET AND STREET and sactors to select the land the sactors of THE SECRET STATE OF THE STATE OF THE STATE OF the to a still a series that the west plans and ONE PROPERTY OF THE PARTY OF THE STATE OF TH

বধ'মান মিহির চৌধুরী

३ मम्भामकीय ३

সংকীর্ত্তন পিতা প্রীন্তিনিতাই গৌরাঙ্গের অহৈতৃকী করুণায় 'পদাবলী লাহিত্যে গৌরাঙ্গ পার্যদ' প্রন্থখানি প্রকাশিত হইল। বৈষ্ণৱ পদাবলী জীঞ্জীগৌর গোবিন্দের প্রেমলীলা বৈচিত্রের মূর্ত্ত প্রতীক। প্রীশ্রীপৌর গোবিন্দের প্রেমলীলা অবলম্বনে কাব্য, নাটক, দর্শন, সাহিত্যাদি প্রভূত গ্রন্থাবলী রচিত ইইয়াছে। উক্ত গ্রন্থাবলী পাঠ করে প্রীশ্রীগৌর গোবিন্দের প্রেমলীলা বৈচিত্র উপলব্ধি করিতে অনেক অধ্যবসায় ও প্রতিভার প্রয়োজন। কিন্তু বৈষ্ণৱ পদাবলী রচিত্রভাগন যেন ছন্দ বৈচিত্রে তৃলিকা নিয়ে প্রেমলীলা বৈচিত্র পরিক্ষাট করেছেন। যাহা পাঠ করে গৌরগোবিন্দের প্রেমলীলা অতি সহজে হাদয় পটে পরিক্ষাট হার। তাই নিজরস আম্বাদন করি প্রীগৌর স্থান্যর বিভারে বর্তিনের বর্তানের বর্তান করে জয়দেব, বিল্লাপতি চঙ্গীদাসের পদাবলীর বর্ণনে রস আম্বাদন করেওঃ নিজরসে বিভার থাকিতেন।

তথাহি—জ্বীচৈততা চরিতামৃত মধ্যখণ্ড—২ পরিছেদ

"চন্তীদাস বিতাপতি, রায়ের নাটক গীতি, কর্ণামৃত প্রীগীতগোবিন্দ।

স্বরূপ রামানন্দ সনে, মহাপ্রভু রাত্রি-দিনে, গার গুণে পরম-আনন্দ ।

এইভাবে জ্রীমন্মহাপ্রভু নিজে আস্থাদন কর্তঃ সমগ্র ভক্ত সমাজের আস্থাদনের
পথ নির্দ্দেশ করেন।

পদাবলী কিভাবে সাধককে অভিঅৱ সময়ে দিয়ভাবে ভাবাবীষ্ট করে; শ্রীমশ্মহাপ্রভূ নিজে আচরণ করে জগদাসীকে দেখিয়ে দিয়েছেন। তদামুগত্যে গৌরাস পার্ষদ পরস্পরায় শ্রীগ্রীগৌর গোবিন্দের লীলা বৈচিত্র এক অভিনব ভাব উদ্বিপনে রস বিস্যাস করেছেন।

জয়দেব-বিভাপতি-চণ্ডীদাসের লেখনী প্রস্তুত সাহিত্য ও রস ভাগার পরবর্ত্তী সাহিত্য প্রেমিক ও রস পিপাস্থগণের রসমাধুর্য্য বিজ্ঞাতিত সাহিত্য রচনার অনুপ্রেরণা যোগাইরাছে। গ্রীগৌরাঙ্গ লীলা বৈচিত্র অবলম্বনে সর্বাত্রে লেখনী ধারন করেন গ্রীগৌরাঙ্গের নদীয়া লীলার সঙ্গী শ্রীখণ্ডবাসী শ্রীনরহির সরকার ঠাকুর। তাহার রচিত পদের বর্ণন যথা—

["]গৌরলীলা দরশনে, বড় ইচ্ছা হয় মনে, ভা**া**য় লিখিয়া সৰ রাথি । মুঞিত অতি অধম, লিখিতে না জানি ক্রম, কেমন করিয়া ভাহা লিখি। এ গ্রন্থ লিখিবে যে, এখনো জন্মে নাই সে, জন্মিতে বিলম্ব আছে বছ। ভাষায় বচনা হৈলে, বুঝিলে লোক সকলে, কবে বাহা পুরাইবেন পত ॥ গৌর গনাধর লীলা, আদ্রব করয়ে শিলা, কার সাধ্য কংবে বর্ণন। সারদা লিখেন বদি, নিরম্ভর নিরব্ধি, আর সদাশিব পঞ্চানন # কিছু কিছু পদ লিখি, য'দ ইঃ কেং দেখি, প্রকাশ করয়ে প্রভুলীলা। নরহার পাবে হুখ, ঘুর্চিয়ে মনের তুঃখা গ্রন্থগানে দরবিবে শিলা। নরহরি সরকার ঠাকুর সর্ববাত্রে গৌরলীলা পদ রচনা করিয়ালগৌর প্রসাতুরাগী গণকে গৌৎলীলা বর্ণনে উদ্ধৃদ্ধ করিলেন; ওৎসলে ভাব মাধুর্য্যের দিক দর্শন **₹রিলেন। তদ**তুকঃনে জ্রীবাস্থদেব ঘোষ ব্রহুভ:বে বিভাবিত জ্রীগৌরত্বলরের প্রেমলীলা বৈচিত্র পদাবলী রচনার মাধ্যমে জগতে বিশেষভাবে প্রতিভাক্ত করেন। ভদত্তরনে মুরারী গুপু, বুন্দাবন দান লোচন দাস, কুফদাস কবিরাজ পরবর্ত্তী গোবিন্দ দাস, রাধামোহন বিশ্বনাথ চক্রবর্তী ২ইতে প্রেন্দাস, নরহরি চক্রবর্তী ক্রেম্ পরবর্তী বহু পদকর্তা পদাবলী রচন। ভসকেলন করে পদাবলী সাহিত্য ভাতারকে এক অভিনৱ রূপ প্রদান করিয়াছেন।

বৈষ্ণৰ পদাবকী সাছিত্যের অবদান বিষয়ে প্রিইরেক্স মুখোপাধাার সম্পাদিত বৈষ্ণৰ পদাবলী গ্রন্থের প্রথম সংস্করনে প্রকাশকের নিবেদন হুইতে সংগৃহীত

"বৈষ্ণৰ পদাবদী বাঙলা সাহিত্যের মহাযুগের সমৃদ্ধতম সাহিত্য। ভাবের প্রশার্থা এবং স্ক্রা সৌকুমার্থা প্রক ল ভদ্নীর চাক ও এবং বৈচিত্রো এই পদ গুলি পৃথিবীর যে কান্ত সংক্রি প্রকাশ, বাড়ল, সপ্তদশ, শতকের গীতি কবিতার সহিত তুলনায় গার্থ বস্তুর বলিয়া বিবেচিত হইতে পারে। এক্ষেত্রে অন্তান্ত সাহিত্যের গাঁতি কবিতার গাঁতি কবিতার গাঁতি কবিতা গুলু সাহিত্যের লাম গ্রী। বিশেষভাবে সাহিত্যিকগণই তাহার ক্লমান্তানের অধিকারী কিন্তু বাংলা বৈষ্ণ্যব পদাবলীর ব্যাপক জনপ্রিয়তার অনেকগুলি দিক রহিয়াছে।
ইহার মধ্যে মানুষের ধর্মবাধ এবং সাহিত-বোধের একটি অপূর্ব সমন্বয়

ঘটিয়াছে। উচ্চাঙ্গের সাহিত্য রূপে ইহার চমৎকারিত্ব অনুশীলি । চিতে যেমন কেটি গভীর আবেদন সৃষ্টি করে তেমন রুম্য স্পদনের ভিতর দিরা একটি আধ্যান্ধরোধের ঈষৎ জাগরণ ইহার রুসাম্বাদনকে পরিস্পৃষ্ট এবং পরিস্কৃত্ত করিয়া ভোলে। বাঙলার বৈদ্ধৰ সাধকগণের নিকটে এই পদাবলী আবার আধ্যাত্ম সাধনারই অবলয়ন লীলা কীর্ত্তন কৈব সাধনারই অস । ধর্ম এবং সাহিত্য এই উভয় দিক হইতেই বৈদ্ধর পদাবলী বাঙলাদেশের সমাজ জীবনের স্বর্ধ স্তরের জনসাধারণের মধ্যেই একটা সামাজিক উত্তরাধিকাররপে ছড়াইয়া পড়িয়াছে। এই জন্মই বাঙলার ইচ্ছতম শিক্ষাকেন্দ্রগুলিতেও যেমন স্ক্রেক্সাকার বিদেশ্ব মধ্যে এই পদাবলী সাহিত্যের বিচার বিদ্নেষণ ও আম্বাদন, আবার বাঙলার অসংখ্য মন্দির প্রাক্তণেও ইহার তেমনিই সোৎস্কেক গ্রহন বাঙলার মাঠে ঘাটে, পথে প্রান্তরে, স্বর্হই ইহার স্বস্তরের লোকের দ্বান্থা স্বিস্তরের লোকের মধ্যে একটা বাংল্যন। এই ভাবেই বৈষ্ণ্য পদাবলী বাঙলার চনসমাজের মধ্যে একটা বাংল্যন। এই ভাবেই বৈষ্ণ্য পদাবলী বাঙলার চনসমাজের মধ্যে একটা বাংল্যক জনপ্রিয়তা লাভ করিয়াছে।

সর্বজন সমা ত বৈহবে প্রাথলী সাহিত্যের ব্যাপক জনপ্রিয়তা তথা কবি, সাহিত্যিক দার্শনিক ভ সাধকাদির সমাদর পরিচ্ছি ইইটা সেই সকল পদাৰলী রচয়িতাগণের পরিচিতি প্রনহণে উদেয়ামী ইইরাছি। বিষ্কৃতি বিজ্ঞেন পদাবলী রচহিতা গণের পরিচিতি প্রিয়ম্ব বিবেচনার বিশ্লেষণ করে প্রভুত গ্রন্থ প্রনরণ করেছেন। আমি লেখনীমুখে তাহাদের চর্বিবত চর্বেন করিতেছি। পদাবলী সাহিত্য পর্য্যালোচনায় যে সকল পদকর্তাগণের পদাবলী প্রাপ্ত ইইয়াছি। সেই সকল পদকর্তা গণের পরিচিতি বিভিন্ন গ্রন্থ পর্যালোচনা করে একত্যে সামবেশিত করিলাম। তাঁহাদের বিরচিত পদাবলা "পদাবলী সাহিত্য সংগ্রহ কোষ" নামক গ্রন্থে খণ্ডে প্রকাশিত হইলেছে। পদকর্ত্তাগণের জীবনী যথা সম্ভব সংক্ষেপে উল্লেখিত হইল বিশেষ প্রমাণ ভিত্তিক জীবনীগুলি জ্ঞাত হইডেমৎপ্রণীত প্রাণীরভন্ত শ্বত গ্রন্থ অমুণীলন করন।

গৌরভক্তামৃত লহরী গ্রন্থে গৌরাঙ্গ পার্যদ বর্গের জীবন চরিত শাস্ত্রের প্রমান উল্লেখ পূর্বেক দশ খণ্ডে সমাপ্ত করা হইয়াছে। বৈষ্ণৰ পদাবলী সাহিত্য সংগ্রহ কোষ গ্রন্থে পনকর্তাগণের জীবনী সহ উইনের পদাবলী প্রকাশিত হইতেছে। আলোচা গ্রন্থ সম্পাদনে ক্রটি বিচ্যুন্তি থাকা অমাভাবিক নহে।
পাঠকবৃন্দ আমার ক্রটিগুলি নিরূপন করে ভ্যোগ্য প্রমান ভিত্তিক জানাইলে
পরবর্ত্তী সংস্করণে এবং 'পদাবলী সাহিত্য সংগ্রহ কোষ' গ্রন্থে পদকর্ত্তাগণের
পদাবলী প্রকাশ কালে ভাহাদের পরিচিত্তি পরিমর্ভ্জিত ভাবে প্রকাশ করিব।
পাঠকবৃন্দ অসংস্লাচে জানাইবেন, কারণ পদাবলী রচয়িভাগণের পরিচ্ছর
পরিচিত্তি জনমানসে প্রতিভাত হউক ইহাই একমাত্র কাম্য। বাংলা সাহিত্যের
অধিকাংশ স্থান জুড়ে রয়েছে বৈষ্ণব সাহিত্য। ভাই সেই সকল সাহিত্যিকগণের
পরিচিতি সঠিক ভাবে নিরূপিত হওয়া একান্ত প্রয়োজন। বাংলা ভাষা,
সাহিত্য ও সাংস্কৃতির কর্ণধার এই পদাবলী রচয়িভাগণে জীবন চরিত বাঙালীর
স্বৃত্তিপটে সর্ব্বন্ধণ বিরাজমান থেকে বাংলা সাহিত্য ভাঙার উত্তরোত্তর শ্রীবৃদ্ধি
যটুক; ইহাই কাষ্য।

প্রীপ্রাণকৃষ্ণ ভক্তিৰন্দির
জগদ্গুরু শ্রীপাদ ঈশ্বরপুরীর শ্রীপাট
শ্রীচৈতদ্যভোবা,
পো: হালিসহর, ২৪ পরগণা, পশ্চিমবল।
সন ১৪০০ সাল, শ্রীকৃষ্ণের রাস্যাত্রা।

graph consist of the or

নিবেদন—

ক্রীজ্ঞীগুরু বৈফবের
কৃপাপ্রার্থী

দীন

কিশোরী দাস

३ मृत्रीशव ३

জয়দেব বিহাপতি ত কেশব ভারতি ত ত কিশ্রমান নবহরি সরকার বহু সন্ধকার	ন্য	., সৃষ্ঠ।	~14~	পৃষ্ঠা
চিত্তীলাস নরহরি সরকার অ সলাধর লাস অ অ অ অ অ অ অ অ অ অ অ অ অ	-11-1	Ś	414	-
চণ্ডালাস নৱহরি সরকার ইং গদাধর ভট্ট ৩৪ সলাধর দাস অভিকান দাস অভিকান দাস অভিরান দাস অনন্ত দাস ইঙ গিরিধর দাস ত৬ আত্মারাম দাস ইঙ গোবিন্দ আচার্যা তল্পালা ইঙ গোবিন্দ আচার্যা তল্পালা ইঙ গোবিন্দ আচার্যা তল্পালা ইঙ গোবিন্দ কার্যার তল্পালা ইং গোবিন্দ কর্যার তল্পালা ইং গোবিন্দ কর্যার তল্পালা ইং গোলালা ইং গ	खग्रदम्य		কৃষ্প্ৰসাদ	లత
নরহরি সরকার ত্য সদাধর ছাস তথ সক্ষেদাস তথ সক্ষেদাস তথ সক্ষেদাস হণ সদাধর ছাস তথ সদাধর দাস তথ সক্ষেদাস হণ সাজি পাবিন্দ হণ সাজি পোবিন্দ তথ সাজারাম দাস হণ সাজারাম ভাল হণ সাজারাম হণ সাজারাম ভাল হণ সাজারাম সাজারাম হণ সাজারাম হণ সাজারাম	্ বি ত্তাপতি	6	কেশব ভারতি	७ 8
প্রদানৰ তন্ত্র সদাধর দাস ৩৫ অবিকান দাস ২৬ সভি গোবিন্দ তার্ড প্রিরমর দাস ৩৬ প্রারিন্দ আভারাম দাস ২৬ প্রেরিন্দ আভারাম দাস ২৭ গোবিন্দ করিরান্ত্র ৩৮ আনন্দ চাঁদ ২৭ গোবিন্দ করিরান্ত ৩৯ আগর ওয়ালি ২৭ গোবিন্দ করিরান্ত ৩৯ গোবন্দ চাঁদ ২৭ গোবিন্দ করিরান্ত ৩৯ গোবন্দ দাস ৪২ গোবন্দ দাস ৪৯ করিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ করিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ করিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ করানাই খুটিয়া ২৯ গোবিন্দ ঘোষ ৪৫ গোবন্দ ঘোষ ৪৫ গোরান্দ দাস ৪৫ গোরান্দ লাস ৪৫ গোরান্দ ৪৫ গোরা	চতীদাস	. 50	9	r
অবিঞ্চন দাস অভিনাম দাস অভিনাম দাস অভিনাম দাস অনন্ত দাস অন্যান্ত্ৰাম দাস উল্লেখন কৰিব কৰিব কৰিব কৰিব কৰিব কৰিব কৰিব কৰিব	ন্রহ্রি সরকার	২ই	গদাধর ভট্ট	৩8
অভিকান দাস অভিকান দাস ২৬ সিত্তি গোবিন্দ অভিরাম দাস ২৬ পিরিমর দাস ৩৬ অনন্ত দাস ২০ গোবিন্দ আচার্য্য ৩৭ আআরাম দাস ২৭ গোবিন্দ চক্রবর্ত্তী ৩৮ আনন্দ চাঁদ ২৭ গোবিন্দ কবিরাজ ৩৯ আগর এয়ালি ২৭ গোবিন্দ কবিরাজ ৩৯ গোক্ল দাস ৪২ উদ্ধর দাস ২৭ গোক্লানন্দ ৪২ উদ্ধর দাস ২৭ গোক্লানন্দ ৪২ উদ্ধর দাস ২০ গোক্লানন্দ ৪২ উদ্ধর দাস ২০ গোক্লানন্দ ৪৯ কবিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ কমলাকান্ত দাস ২৮ গোপাল দাস ৪৪ কমলাকান্ত দাস ২৮ গোপাকান্ত চক্রবন্তী ৪৪ কমলাকান্ত দাস ২৮ গোপাল দাস ৪৪ কমলাকান্ত দাস ২৮ গোপাল দাস ৪৪ কমলাকান্ত দাস কানাই খুটিয়া ২০ গোবিন্দ ঘোষ ২০ গৌরা দাস ৪৫ কাম দেবদাস কাম দেবদাস কমিন দেবদাস কম্মানন্দ ১০ গৌরী মাহন ক্ম্মানন্দ ১০ বিন্ধ স্লানাম ১৭ ক্ম্মানন্দ ১০ বিন্ধ স্লানাম ১৭ ক্ম্মানন্দ ১০ বিন্ধ স্লানাম ১৭ ক্ম্মানন্দ ১০ বিন্ধানাম ১০ ব		অ		© @
অভিরাম দাস অনস্থ দাস থ সেবিন্দ আচার্যা আআরাম দাস থ গোবিন্দ করিরাজ ত আনন্দ চাঁদ থ গোবিন্দ করিরাজ ত আগর ওয়ালি ইণ গোবিন্দ করিরাজ ত গোবুলানন্দ ইং উদ্ধর দাস ইং গোবুলানন্দ ইং গোবুলানন্দ ইং গোবার্জন দাস ইং গোবার্জন দাস ইং গোবার্জন দাস ইং গোপাল ঘায ইং গোপাল ঘায ইং গোপাল ঘায ইং গোলাল্দ ঘোষ ইং গোরা দাস ইং গোরা দাস ইং গোরা দাস ইং গোরাম দাস ইং গোরা মাস ইং স্ক্রাম দাস স্ক্রাম দাস ইং স্ক্রাম দাস স্কর্ম দাস স্ক্রাম দাস স্কর্ম দাস স্ক্রাম দাস স্ক্রাম দাস স্ক্রাম দাস স্কর্ম দাস স্কর্ম দাস স্ক্রাম দাস স্ক্রাম দাস স্ক্রাম দাস স্ক্রাম দাস স্ক্	অবিঞ্ন দাস	ર હ		.
আনন্ত দাস আজারাম দাস আজারাম দাস ২৭ গোবিন্দ করেবর্তী ত আনন্দ চাঁদ হণ গোবিন্দ করিবান্ধ ত আগর ওয়ালি ইণ গোকুল দাস ইং উদ্ধর দাস ইং করিবান্ধন ইং করিবান ইং করিবান্ধন ইং করিবান ইং করি	, অভিরাম দাস	२७		95
আত্মারাম দাস আনন্দ চাঁদ আনন্দ চাঁদ বি পোৰিন্দ কবিরাজ আগর ওয়ালি বি পোপাল ভট্ট গোকুল দাস বি পোকুলানন্দ বি গোকুলানন্দ বি পোকুলানন্দ বি পোপাল দাস বি কান্তা কাম দোকা কাম দাস ক্মানা ক্ম	অনন্ত দাস	20		. ভ
ভাগর ভয়ালি ত গোকুল দাস ৪২ উদ্ধব দাস ২৭ গোকুলানন ৪২ উদ্ধয় আদিত্য ক গোবৰ্জন দাস ৪৬ কবিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ কবিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ কমলাকান্ত দাস ২৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কানাই খুটিয়া ২৯ গোবিন্দ ঘোষ ১৯ গোরা দাস ৪৫ কান্ত বার্লিন্দ ঘোষ ১৯ গোরা দাস ৪৫ কান্ত বার্লিন্দ ঘাষ ৪৫ কান্ত বার্লিন্দ ঘাষ ৪৫ কান্ত বার্লিন্দ ঘাষ ৪৫ কান্ত বার্লিন্দ ঘাস ৪৫ কান্ত বার্লিন্দ ঘাস ৪৪ ক্রম্কান	আতারাম দান	. 29		এ৮
উদ্ধন দাস ইণ গোকুলানক ইং গোকুলানক ইং গোকুলানক ইং গোকিন দাস ইং গোকিন দাস ইং গোপাল দাস ইং গোপাল দাস ইং গোপাল দাস ইং গোপাল দাস ইং গোপালাভ চক্ৰৰতা ইং গোলালভ চক্ৰৰতা ইং গোল	আনন্দ চাঁদ	ર ૧	গোৰিন্দ কবিৱাজ	ھو
উদয় আদিত্য ইচ্চ গোৰ্কুলান্স ইচ্চ গোৰ্কুলান্স ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপালান্ত চক্ৰুৰহা ইচ্চ গোৰ্কুল ঘাস ইচ্চ গোৰ্কুল ঘাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গুলিকুল স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিকুল স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত	আগর ওয়ালি	29	গোপাল ভট্ট	
উদয় আদিত্য ইচ্চ গোৰ্কুলান্স ইচ্চ গোৰ্কুলান্স ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপাল দাস ইচ্চ গোপালান্ত চক্ৰুৰহা ইচ্চ গোৰ্কুল ঘাস ইচ্চ গোৰ্কুল ঘাস ইচ্চ গোৰ্কুল দাস ইচ্চ গুলিকুল স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিকুল স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত স্কলান্ত স্কল্পনাম ইচ্চ গুলিক স্কলান্ত		3	গোকুল দাস	-82
কবিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ কবি কণ্ঠহার ২৮ গোপাল দাস ৪৪ কনলাকান্ত দাস ২৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কনলাকান্ত দাস ২৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কানাই থুটিয়া ২৯ গোবিন্দ ঘোষ ৪৫ কান্ত ২৯ গৌর দাস ৪৫ কান্তর্মাম দাস ২৯ গৌরস্থানর দাস ৪৫ কাম দেবদাস ৩১ গৌরী দাস ৪৬ কিশোরী দাস ৩১ গৌরী মোহন ৪৭ ক্রম্দানন্দ ৩১ দ্বিল্ল গলারাম ৪৭ কৃষ্ণকান্ত ৩১ দ্ব	উদ্ধৰ দাস	٠, , 	গোকুলানস	82
কবিরপ্রন ২৮ গোপাল দাস ৪৪ কবি কণ্ঠহার ২৮ গোপাল দাস ৪৪ কনলাকান্ত দাস ২৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কনলাকান্ত দাস ২৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কানাই থুটিয়া ২৯ গোবিন্দ ঘোষ ৪৫ কান্ত ২৯ গৌর দাস ৪৫ কান্তর্মাম দাস ২৯ গৌরস্থানর দাস ৪৫ কাম দেবদাস ৩১ গৌরী দাস ৪৬ কিশোরী দাস ৩১ গৌরী মোহন ৪৭ ক্রম্দানন্দ ৩১ দ্বিল্ল গলারাম ৪৭ কৃষ্ণকান্ত ৩১ দ্ব	উপয় আদিত্য	২৮	গোশীকান্ত	89
কবি কণ্ঠহার কমলাকান্ত দাস ১৮ গোপীকান্ত চক্রবন্তা ৪৪ কমলাকান্ত দাস ১৯ গোবিন্দ ঘোষ ১৯ গোর দাস ১৯ গোরী দাস ১৯ ক্র্ম্নান্দ ১৯ ক্র্ম্নান্দ ১৯ ক্র্মানান্দ ১৯ ক্র্মানান্দ ১৯ ক্র্মানান্দ ১৯ ক্র্মানান্দ ১৯ ক্রমানান্দ ১৯ ক্রমান্দ ১৯ ক্রমানান্দ ১৯ ক্র		क	গোৰ্বন্ধন দাস	
ক্মলাকান্ত দাস ক্মলাকান্ত দাস কানাই থুটিয়া কান্ত কান	কবিরঞ্জন	2 ×	গোপাল দাস	88
কানাই খুটিয়া কান্ত কা	কবি কণ্ঠহার	٠	গোপীরমন	88
কান্ত ২৯ গোর দাস ৪৫ কান্ত্রনাম দাস ২৯ গোরহুন্দর দাস ৪৫ কাম দেবদাস ৩১ গোরী দাস ৪৬ কিলোরী দাস ৩১ গোরী মোহন ৪৭ কুমুদানক্ষ ৩১ দ্বিজ গলারাম ৪৭ কুম্বনাম্ভ ৩১ দ্ব	ক্মলাকান্ত দাস	् _र . ३৮	গোপীকাম চক্ৰবন্তা	.88
কান্ত ২০ গৌর নাস ৪৫ কান্তরাম নাস ২০ গৌরস্থনর নাস ৪৫ কাম দেবদাস ৩০ গৌরী দাস ৪৬ কিশোরী নাস ৩০ গৌরী মোহন ৪৭ কুমুদানন্দ ৩০ দ্বিজ সলারাম ৪৭ কুম্কান্ত ৩০ দ্ব	কানাই খুটিয়া	45	গোবিন্দ ঘোষ	8¢
কার্যাম দাস কার্যাম দাস কার্যাম দাস কার্যাম দাস কার্যাম দাস ত গারী দাস ৪৬ কিলোরী দাস ত গারী মোহন ৪৭ কুম্দানক ত ডিজ গদারাম ৪৭ কুম্দানক ক্র্যাম দাস ৪৭	কান্ <u>ত</u>	২৯	গৌর দাস	•
কাম দেবদাস ত গৌরী দাস ৪৬ কিশোরী দাস ত গৌরী মোহন ৪৭ কুম্দানজ ত দ্বিজ্ব সদারাম ৪৭ কুম্কান্ত ক্ষকান্ত ক্ষকান্ত ক্ষকান্ত ক্ষকান্ত ক্ষকান্ত ক্ষ	কাতুরাম দাস	२२	গৌরস্থন্দর দাস	
কিশোরী দাস (গীরী মোহন কুম্দানন্দ কুম্দানন্দ কুম্দানাদ কুম্দা	কাম দেবদাস	92	•	•
কুম্দানজ ৩১ ছিল গলারাম ৪৭ কুম্কান্ত ৩১ ছ কুম্কানস ৩২ খনরাম দাস ৪৭	কিশোরী দাস	ر در در در اور در در اور در		
कृक्कांख ७२ चनताम मान ४९१	কুমুদানন্দ		***	•
89	ুক্ষকান্ত	, A • 6 5		
	कुकारान .	** * * * * * * * * * * * * * * * * * *	খনরাম দাস	
		:		

- নাম	পৃষ্ঠা	নাম	পৃষ্ঠা
্ঘনশ্রাম দাস	89	নয়নানন্দ পণ্ডিত	৬৪
Б		नकन लोग	৬৬
চন্দ্ৰেখন	86	নবৰাস্ত	৬৭
চম্পৃতি রায়	8b-	नवहन्त्र माम	. ৬৭
চন্দ্ৰকান্ত	86	नविशिष्टक गांग	৬৭
চূড়ামৰি দাস	85	় নটবর দাস	৬৭
চৈত্তত্য দাস	8>	নাসির মামুদ	৬৭
•		নিমানন গাস	৬৭
্ জগদা মন্দ্	85	নন্দরাম দাস	৬৮
্ৰগল্প দাস	. «১	মূসিংহ দেব	৬৮
অগমোহন দাস	æ	নৃসিংহ কবিরাজ	৬৮
. ख्वांन मांग	œ২	প	
***		প্রধ্রাম দাস	69
अक्र नीत्रमन	αą	পরমানন্দ গুপ্ত	9.
जूननी नान	, 60	পরমেশ্র দাস	<u></u> 9 •
₹		< यंत्रान पात्र	43
्रः १८: मिर्बाजिस्	. 40	প্রবোধানন্য সরস্বতী	93
দারকানাথ ঠাকুর	cs.	পী শস্ত্র দাস	93
होनवक् मांग	(2)	পুরুষোত্তম দাস	92
ধাড়ঙ্গ দীনবন্ধু দাস	¢8	পূৰ্ণানন্দ দাস	१२
्र हाथिनी	ee	প্রেম-দাস	92
্ৰৈকীনন্দৰ	aa	. व	
রামোপর	46	্ ৰাস্থদেৰ ঘোষ	9 9
व	.,	- ৰাস্থদেৰ দত্ত	৭৬
শ্ৰীনিবাস পাচাৰ্য	৫৭	ं वश्मीवनन	99
ু শ্রহরি শাস	٠, ७•	্বন্দাবন দাস	92
হরোত্তম দাস	७२	. বলরাম দাল	b -0

		(2.2	,	
নাম		शृष्ठं।	নাম	शृ ष्ठ
वनामन मान		W5	শাধ্বী দাস	29
रञ्जवी मान		h.)	শাধুৱী জী	ఎ٩
ব্লভ দাস		J#2	मुक्न नाम	ar .
ফুলাই দাস		₩8	মোহন দাস	<i>چ</i> ھ
ব্দস্থ রায়		.	म्बादी खरा	2
:ৰিজয়ানন্দ			ৰী নাবাঈ	2*5
বিশ্বস্তর দাস		70	• य	
্ৰৈক্ষৰ দাস		> 6	ষত্নক্ৰ দাস া	5.0
বীরচন্দ্র		₽9	যত্নাথ দাস	. · . ∖.* ⊌
বীরবল্পভ		49	- হশোৱাৰ খান	3.6
বিশ্ৰদাস ঘোৰ		৮৭	যাদ্যবন্দ্র	7.0
বীরহান্তীর	•	F-9	R	- 12th 12th
ব্ৰানন্		. ታ৮	্ল্রিরপ গোখামী	150 q
াব্যাস		हर्यः	ক্ৰপনাৱাহৰ <u>-</u>	1.3.509
শ্ৰহ্মবিহারী			'রঘুনাথ দাস	FF.30.
	ভ		রামানুক্র ব স্থ	33.
াদ্বিজ্ঞভীম		1 (F)	রতিপতি ঠা ত্ র	`33•
'ভূৰন দাস		49	্রাধানোহন ঠাকুর	:\$5\$:
ভূপতি সিংহ		; ?	রাবাদোরণ তারুখ রামগোপাল দাস	332
,	ষ		द्राम्या नाम	274
মথুরা দাস		»°	রুগনত্ন নাগ রুসিকানন্দ	226
মদন রায়		» •	রাপ্যাপন্য রুস্কিক দাস	
মধুস্দন দাস		۶۰ ده	त्रांथा नाम	. 376 . 376
মনোহর দাস		ده ده	রাধাবলভ দাস	96 C
ৰহে শ ৰত্		\$\$. \$\$.	রাথামুকুন্দ দাস	296 200
শাধব ঘোষ		26	41 11 2 14	300

৯৫ রাষ

মাধবে<u>জ</u>পুরী

220

•			
নাম	शृष्ठी।	নাম	পৃষ্ঠা
2171251001	• • •	107	`
রামকান্ত	\$59	স	
রামচন্দ্র ক্ষিরাজ	>>9	महानन्त ज्ञाम	३ २७
बामानच त्रांत्र	279	সর্বানন্ত	১২৬
f to a	ल	স্মাভন দাস	১২৬
্লোচন দাস ঠাকুর	25.	স্থনর দাস	১২৭
লন্ত্ৰীকান্ত দাস		' সাল বেগ	>29
राजासाख नागः	252	শৈয়দ শরতৃত্বা	১২৭
	4	সরজ মাধুরীজী	254
শেশর রার	> 27:	स्दर्भाम यमनस्यादनकी	> 26
मं ठीन स न	>২২	সরপ দাস	254
শব্দ দাস	.255	সম্বৰ্ধন	522
শঙ্কর ঘোষ	750	ē	:
্শুলিশেখন	\$ > > > > > > > > > > > > > > > > > > >	•	
্ শ্রা মদাস	** . 350	হরিবছ্রভ	১২৯
শ্রামান-দ	>38	হিল হরিদাস	1.707
শিবাই দাস	320	হরি দাস	১৩২
শিবানস চক্রবর্ত্তী	320	হরিরাম দাস	700
শিবরাম দাস	১২৬	হরেকৃষ্ণ দাস	298
শ্ৰীদাৰ দাস	ऽ२७	হৃদয়নাপ্	208

३ भनावनी जारिए (भौतान भार्येन ३

बञ्चादसु:-

रिकथ्व भाषावित्र मार्थिला सार्थित कार्या व भारतिहास

কবি জয়দেব

বৈষ্ণব পদাৰলী রচনায় কীর্ত্তন জগতের আদি পথ দ্রন্থী জয়দেব, বিত্যপতি, চন্ডীদাসের নাম চির স্মরণীয় কবি জয়দেব সবার পূরধা। এই কবি ত্রয়ের ৰন্দনায় পদ কল্লতরুগ্রন্থের সঙ্কলক শ্রীবৈষ্ণব দাসের বর্ণন—

ভয় জয়দেব, নৃপতি শিরোমণি, বিচাপতি রসাধাম ।
জয় জয় চণ্ডী, দাস রস শেখর, অখিল ভ্বনে অনুপম ॥
যা কর রচিত, মধূর রস নিরমল, গতা পতা ময় গীত।
প্রভু মোর গৌর, চল্রু আস্বাদিলা, রস যার স্বরূপ সহিত ॥
যবস্থ যে ভাব, উদয় কর অন্তরে, তব গাওই তুরুঁ মেলি।
শুনইতে দারু, পায়ান গলি যায়ত, এছন সুমধূর কেলি।
আছিল গোপত, যতন করি পত্তু মোর, জগতে করল পরকাশ ॥
সো রস শ্রবনে, পরশ নাহি হোয়ল, রোয়ত বৈষ্ণব দাস ॥

জয়দেবের মহিমা বর্ণনে নরহরি চক্রবর্তীর বর্ণন যথা—
বিপ্রকৃত্ত অবতংস কবিভূষণ, ভূবনে কে সম তার ।
প্রেমরসে মহামত্ত সদা, কেন্দু বিবন্ধে বসতি যার ।
জীরাধা মাধব, সেবা শুবিগ্রহ, কেবা না হেরিয়া ভূপে।
যে রস অমিয়া, পিরা দিবানিশি, ভাসরে আনন্দ জলে।
পদ্মাবতী সহ, গানে বিচক্ষণ, আনে কি উপমা সাজে।
পশুপক্ষী ঝুরে, গুনিয়া গর্কব কিন্তর মরয়ে লাজে।

যাঁর বিশ্বচিত, গ্রীগীত পোবিন্দ, গ্রন্থ ফুকোমল তাতে।

নীলাচল চন্দ্র জগন্নাথ যাহা, গুনয়ে আনন্দ মাতি। জয়দেবের নিজ পিতৃ পরিচয় বিষয়ে তাঁহার স্বর্গচিত দ্রীগীত গোবিন্দ গ্রান্থের দ্বাদশ সর্গের ত্রিশ শ্লোকের বর্ণন যথা—

শ্রীভোজদেব প্রভাবস্থা বামাদেবী স্থত শ্রীজয়দেবকস্থা।
পরাশরাদি প্রিয়বন্ধ্ কঠে শ্রীগীত গোবিন্দ কবিত্বমস্তা ।
ভোজদেবের ঔরসে বামাদেবীর গর্ভে যাঁর আবিভাব সেই কবি জয়দেব রচিত
এই গীত গোবিন্দ কারা পরাশরাদি বন্ধুগণের কঠে বিরাদ্ধ করুক।

জয়দেববীরভূম জেলার কেন্দ্বির গ্রামে আবিভূতি হন। জয়দেবের পিতৃ পথিচয় ভিন্ন তাঁহার জন্মকাল, বাল্য জীবন, অধ্যয়নাদি বিষয়ে কোন তথ্য জানা যায় না। তবে সংস্কৃত সাহিত্যে যে তাঁহার বিশেয় ব্যুৎপত্তি ছিল, তাহা তাহার জ্রীগীত গোবিন্দ রচনার মাধ্যমে বিশেষ ভাবে প্রতিভাত হয়।

জয়দেব রাজা শক্ষণ সেনের সভাকবিগণের পূরধা ছিলেন। লক্ষণ সেনের রাজসভার কবিপঞ্চকের নাম ধোয়ী, উমাপতিধর গোবর্জন, শরণ ও জয়দেব।
কবি জয়দেব স্বর্রচিত শ্রীগীত গোবিন্দ কাব্যের প্রথম সর্গে ইহাদের সঞ্চাশংস উল্লেখ
করিয়াছেন।

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভ শুদ্ধিং গিরাং,
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাছো তুরহ ক্রতে।
শ্লারোত্তর—সং— প্রমেয়—রচনৈরাচার্য্য— গোবর্দ্ধন
স্পর্নী কোহপি ন বিশ্রুতঃ শ্রুতি ধরো ধোয়ী কবিন্দ্রাপতিঃ ।

শ্রেষ্ঠ কবি উমাপতি বাক্য বিন্যাসে স্থপরিচিত, কঠিন কঠিন শব্দ চয়নে আর ক্রত লেখনীতে শরণের খ্যাতি চারিদিকেই বিরাজমান, আদিরসের ছোট ছোট কবিডা রচনায় গোবর্জনাচার্য্যের সঙ্গে কাহারও তুঙ্গনা হয় না। শ্রাক্তধর হিসাবে কবিরাজ ধোয়ীর স্থনাম সর্ববিত্রই কিন্তু কবি শ্রেষ্ঠ জয়দেবই একমাত্র কবি যিনি সর্বব ভাবময়, সর্ববর্সযুক্ত গ্রন্থ রচনা করিতে সমর্থ। লক্ষ্মণ সেনের রাজহুকাল ১১৭৯ খৃষ্ঠাক্দ হইতে ১২০৬ খৃষ্টাক্দ। কলে জয়দেবের আবির্ভাব কাল ঘাদশ শতাকীর মাঝামাঝি অনুমেত হয়। জয়দেব সংসারে উদাসীন হইয়া নীলাচলে গমন করতঃ করোয়া কাস্থা সম্বল্প করে বৃক্ষতলাশ্রয়ী হইলেন। এদিকে আপডাহীন এক ব্রাহ্মণ ক্ষেত্রে আগমন করতঃ শ্রীজ্ঞগাশ্বাথ দেবের পাদপদ্মে আত্মনিবেদন সহকারে বলিলেন যদি পুত্র কিংবা কন্যা সন্থান লাভ হয়, তাহাকে তোমার পাদপদ্মে সমর্পন করিব। ভক্তবাঞ্ছা কল্পত্রক ভক্তের বাসনা পূর্ণ করিলেন। এককন্যা সন্থান জন্মগ্রহণ করিল। যথা সময়ে কন্যা সন্থান আনিয়া জন্মাথের পাদপদ্মে সমর্পন করিলেন।

ভথাহি--ভক্তমালের ১২ মালা

''জগন্নাথ আগে দাসী করিয়া সোঁপিলা। প্রভূ অঙ্গীকার করি বিপ্রে আজ্ঞা দিলা। কিন্তু এক দাস মোর বিরক্ত উদাসী।। লইনু তোমার কন্যা হৈল মোৰ দাসী। তাঁহারে লইয়া কন্তা সৌপহ তুরিতে। জয়দেব নাম হয় অমুক স্থানেতে। অতএব তাহে মুক্রি পাব গুৰ রাশী॥ তেঁহ মোর দাস, তব কন্মা হবে দাসী। বি<mark>প্র জগন্নাথের কুপাদেশে</mark> জয়দেব সমীপে নিবেদন করিলেন। জয়দেব জগন্ন থের আদেশে বিপ্র কন্যা পদ্মাবতী কে গ্রহণ করিলেন এবং একটি ঝুপড়ী নির্মান করিয়া শ্ৰীরাধা মাধব শ্রীৰি<u>গ্রহ স্থাপন করতঃ সেবানন্দে বিভোর হইলেন।</u> ভাবাবেগে শ্রীগীত গোবিন্দরচনা করতঃ শ্রীরাধা গোবিন্দের প্রেমলীলা বৈচিত্র প্রতিভাত করেন। "দেহি পদ পল্লব মুদারম" শ্লোক রচনার মাধামে ভক্ত ভগবানের নিগৃঢ় সম্বন্ধের এক পূর্বতর অভিব্যক্তি ঘটিয়াছে। জয়দেবের পদরচনা, পদ্মাবতীর শ্রীকৃষ্ণ দর্শন ও সেবা, ভগবান জ্রীকৃষ্ণের ভক্ত বাসনা পৃহণের মধ্যমে ভক্তের প্রেম বৈচিত্রের প্রকাশ ও তাঁহার ভক্ত বাংসালতার অভূতপূর্ব্ব প্রেম বৈচিত্র পরিক্ষাট হইয়াছে। জয়দেৰ কৃত জীগীত গোৰিন্দের মহিমা সর্ববত্র ব্যাপিত হওয়ায় ক্ষেত্ররাঞ্চ নিজে শ্রীগীত গোবিন্দ নামে একটি গ্রন্থ রচনা করিয়া আমত্যগণকে প্রচারের নির্দ্দেশ দিলেন। সভাসদ পণ্ডিত মণ্ডলী রাজার রচিত গ্রন্থ অপেক্ষা জয়দেব কৃত গ্রন্থের গুরুত্ব বর্ণণ করায় রাজা বিহবল হইয়া পড়িলেন।

তথাহি—ভক্ত মালের দ্বাদশ মালা ইহা গুনি রাজা শ্রীমন্দিরের প্রভুদ্থানে। কবিরাজ কৃত গ্রন্থ হৃদয়ে লইলা। তাহাতে রাজার চিতে অভিমান হৈয়া। রাজা নিজ ভক্ত পুনঃ দয়া উপজিল।

তুই গ্রন্থ ধরি দিলা পরীক্ষা কামনে ।।
নূপকৃত গ্রন্থ প্রভুর চরণে ক্ষেপিলা ॥
বুড়িয়া মরিতে গেলা সমুদ্রে যাইয়া ॥
না মর ভোমার গ্রন্থ অঙ্গীকার কৈল ॥

জয়দেব কৃত গ্রন্থ দাদশ যে সর্গে। তব কৃত বার শ্লোক থাকিবেক অগ্রে।
জগমাথ কৃপামৃত পাইয়া রাজন। আননদ উল্লাদে সাধু হইলা মগণ।
এই ভাবে জগমাথ জয়দেবের কৃত জীগীত গোবিন্দের মহিমা জগতে প্রতিভাত
করিলেন। একদা গৃহের ছাউনি দিভে গিয়া রৌজে ভক্তের কন্ত পরিলক্ষিত করতঃ
জগমাথদেব ভক্তের সহযোগিতায় ব্রতী হইলেন। সাহার্য্য রত পদ্মাবতী কার্যান্তরে
গেলে জগমাথদেব ভক্তের সহযোগিতা করিতে লাগিলেন—

তথাহি—তত্রৈব

ছাপন হইতে তবে জিজ্ঞাসেন্ তাঁরে। এই গিরো ফুঁড়ি দিলা পুন দেখি দূরে।
পদ্মা কহে আমি নাহি গিরে ফুঁড়ি দেই। সাধু নাম্বি দেখে গৃহে কোথা কেহো নাই।
রাধা মাধবের হস্তে দেখে ঝুলমালা। বৃঝিয়া সাধুর মনে অতি ত্বয়থ ভেলা।
ভক্ত বংসল ভগবানের মহিমা প্রকাশের জন্ম করেই না লীলা করেন। ভক্ত যেমন
ভগবানের মহিমা ব্যক্ত করিয়া জগতের ঈশ্বর লীলা বৈচিত্র প্রকাশ করেন। তৎসদে
ভগবান ভক্তের ভক্তির মহিমা পরিক্ত,ট করতঃ তাঁহার ভকত বাংসল্যের দিক
দর্শন করান।

একদা জয়দেব ভগবৎ সেবার আমুকুলা গ্রহনের জন্ম দেশান্তরে গমন করিয়া অর্থ
সংগ্রহ করতঃ প্রত্যাবর্ত্তন পথে দত্মা কর্তৃ ক আক্রান্ত হন । দত্মগণ তাহার হস্তপদ
কাটিয়া শুক্ত কৃপে নিক্ষেপ করেন। জয়দেব কৃপ মধ্যে রহিয়া কৃষ্ণ নাম কীর্ত্তনে
বিভার রহিলেন। এদিকে এক রাজা মৃগয়া করিতে গিয়া জয়দেবের দর্শন পান।
রাজা কৃপ হইতে জয়দেবকে উত্তোলন করতঃ দিবিকা আরোহনে প্রাসাদে আনিয়া
প্রভূত পরিচর্যা করেন এবং তাহার অভিলাষ প্রণের জন্ম নিজেনন করেন। জয়দেব
বৈক্ষর দেবার অভিলাম প্রকাশ করিলে রাজা মহালমারোহে বৈক্ষর লেশে রাজা
হাজনে । জয়দেবের আঘাতকারী দত্মগণ সম্পদ লালসায় বৈক্ষর রেশে রাজা
বাভিতে উপনীত হইলেন । ছদাবেশী দত্মগণেক জয়দেব চিনিতে পারিয়া রাজাকে
বলিলেন, ইহাদের যথাযোগ্য সম্মান সহকারে মহাসমাদরে পরিচর্যা করিবেন।
দত্মগণ জয়দেবকে চিনিতে পারিয়া প্রকৃত কার্যাের কথা চিন্তা করতঃ অত্যন্ত উদ্পিয়
হইয়া পভিলেন । রাজার বহুমুখী পরিচর্যা৷ তাহাদের চরম উদ্বেগের কারণ হইয়া
উঠিল। বৈক্ষবপণের উদ্বিশ্বত। দেখিয়া রাজা জয়দেব সমীপে নিবেদন করিলে;
জয়দেব সেবক সহ বহু অর্থ সন্তার প্রদান করিতে আজ্ঞা দিলেন। সেবক সহ

বৈক্ষবৰ্গণ কিছুদূর গিয়া দেবৰু গণকে বিদায় দিতে চাহিলে সেবকৰ্গণ ৰলিল, রাজ প্রসাদে বহু বৈক্ষব এল কিন্তু আপনাদের প্রতি এত সম্মান মর্য্যাদা কেন ? বৈক্ষব বেশ ধারী দস্তাগণ আপনাদের গোপন করতঃ বলিলেন, এই দাধু এক রাজবাড়ীর চাকর ছিল। কোন অপরাধে ইহার মৃত্যুদণ্ড হয় আমরা হত্যা না করিয়া হস্ত পদ কাটিয়া অব্যাহতি দিলাম। সেই চাকর

এখন সাধু হইরাছে, পাছে গোপন তথ্য আমরা বলি তাই আমাদের এত প্রকারের যত্ন। সেবকগণ এই বাক্যে সন্তুত্ত হইল না। বরং চ বৈষ্ণব অপরাধেদস্যুগণের অসৎ গতি হইল। তথাহি—

হেনকালে পৃথিবী ফাটিয়া দস্তাগণে। মৃত্তিকা ভিতরে নিঞাদাবে ক্রোধ মনে । রাজভূত্য গণ দেখি অবাক্ হইল। সাধুদেষা এই চুষ্ট মনে বিচারিল । সেবকগণ রাজা সমীপে আসিয়া সমস্ত বিবরণ বলিলেন। রাজা জয়দেবের সমীপে সমস্ত বিবরণ শুনিলেন। ঘটনার সমাপ্তির সঙ্গে জয়দেবের হস্তপদ পূর্ববিত্ত হইয়া গেল। তথাহি—তঠ্রৈব—

কহিতে কহিতে হস্তপদ পূর্ববিত। হৈল সাধু অসাধুর এই তুই পথ ।
কিছুদিন তথায় অবস্থান করিয়া জয়দেব পদ্মাবতী সহকারে পুরুষোত্তমে উপনীত
হইলেন। তথায় কতদিন অবস্থান করিয়া প্রীগীতগোবিন্দের মহিমা প্রকাশ করতঃ
গ্রীরাধামাধৰ সহ বৃন্দাবনে উপনীত হইলেন। জয়দেবের প্রেম মহিমায় অভাপি
ও জগন্নাথ মন্দিরে শ্রীগীত গোবিন্দ কীর্ত্তন হইয়া থাকে। জয়দেব বৃন্দাবনে গমন
করিয়া কেশীঘাটে অবস্থান করেন। তথাহি—

বৃন্দাবন ধাম দেখি পূলক হইলা। কেশীঘাট সন্নিধানে আনন্দে রহিলা।
কোন মহাজন রাধা মাধবে হেরিয়া। আদ্র হইয়া দিলা মন্দির বনাইয়া।
কবিরাজ অপ্রকটে বছকাল পরে। ঠাকুর লইয়া গেলা রাজা জয়পুরে।
অতাবিধি তথা ঘাটি নাম রমাস্থানে। বিরাজ করয়ে চাঁদ ছলকে বদনে।
জয়দেব কেন্দুবিল্লে অবস্থান কালীন একদিন গঙ্গামানের জয়্ম যাইতে না পারায় গঙ্গা
নিজেই কেন্দুবিল্লের সমীপে উপস্থিত হন। রানীর পরীক্ষায় জয়দেবের অস্তর্জান
আবনে পদ্মাবতীর দেহত্যাগ, জয়দেব কর্তৃক কৃষ্ণু নাম প্রদানে পদ্মাবতীর প্রাণ
সঞ্চার, মালিনী কর্তৃক বেগুন ক্ষেতে গীতগোবিন্দের পদ কীর্ত্তনে স্থানামস্থলর
বেগুনের কাঁটা, আর অন্থারোহী যবন কর্তৃক গীতগোবিন্দের পদ কীর্ত্তনে স্থানাস্থলর
রূপ দর্শন প্রভৃতি জয়দেবের অত্যুজ্জল প্রেমবৈচিত্রের পরিচায়ক। এই সকল ঘটনা
ভক্তমাল গ্রন্থে বিশেষভাবে বর্ণিত রহিয়াছে।

१ विकथित कवि विमागिष्वित जीवनी १

শ্রীমন্মহাপ্রভুর আবিভ'াবের পুরভাগে যাহার। জ্রীরাধাগোবিন্দের প্রেমলীলা রস মাধুর্য্যকে সঙ্গীতের মাধ্যমে জনমানসে রূপরেখায় পরিণত করিয়াছেন ; কবি বিভাপতি তাঁহাদের অহাতম। জ্রীমন্মহাপ্রভু গন্তীয়ায় নিজ রস আস্থাদন কালে বিভাপতি বিরচিত পদাশলী বিশেষ অবলম্বন ছিল।

তথাহি—শ্রীচেঃ চঃ অস্তে ১৫ পরিচেছদ।

কর্ণামৃত বিচ্ঠাপতি শ্রীগীতগোবিন্দ। ইহার শ্লোকগীতে প্রভুর করায় আনন্দ'॥ বিচ্ঠাপতির কবিতের ক্রুরণ বিষয়ে পদকর্ত্তা শ্রীনরহরি চক্রবর্ত্তী বিরচিত পদ

যথা — পদকল্পতরু ২। ৫ পদ।

"জয় বিতাপতি কবি বিতাপতি ভূপ। যাক সরস রস পদ অপরূপ॥
লছিমা রূপিনী রাধা ইপ্ত বস্ত যার। যাবে দেখি কবিতা ফ্রুরে শতধার॥
পঞ্নোড়েশ্বর শিবসিংহ রায়। রাজ কবি করি যারে রাখিলা সভায়॥
সরস সালস্কার শব্দ নিচয়। যাহার রসনা অগ্রে সতত ফ্রুরয়॥
কবিতা বনিতা যারে করিলেন পতি। নরহরি কহে ধন্য কবি বিতাপতি॥
তথাহি—বিতাপতি কবিভপ।

অগণিত গুণজন, রঞ্জন ভনৰকি, হুখময় কি পিরীতি মূরতি রসকৃপ ।
শিশু সময়াৰধি, অধিক পরাক্রম, বিরচিল দেব চরিত বহু ভীতি ॥
কোই করল, উপদেশ পরম রস, উলসিত তাহে নিরত রহু মতি ॥
শীনিবসিংহ, নূপতি লছিমা প্রিয়, অতৃল মিলন যশ বিদিতাহি ভেল ॥
শীমর গৌর, কেলিমণি সম্পুটে, যতনে উগারি ভ্বন ধনি কেল ॥
মরি মরি যাক, গীত নব অমিয়, পিৰিপিবি জীবই রসিক চকোর ॥
নরহরি তাক, পরশ নাহি পাওল, ব্ঝিব কি ভ রস মন্ মতি ঘোর ॥"

বিতাপতির মহিায় শ্রীনরহরি চক্রবর্তী এটি পদ ও শ্রীগোবিন্দ দাস ২টি পদ রচনা করিয়াছেন। বিতাপতি মৈথিলী ব্রাহ্মণ । তিনি মিথিলা-ধিপতি রাজা শিবসিংহের সভাসদ ছিলেন। বিতাপতির বংশধরগণ বংশামু-ক্রেমে বহুদিন যাবং মিথিলার রাজমন্ত্রীর পদ অলংকৃত করিয়াছিলেন এবং ধনে, মানে, জ্ঞানে ও সর্ব্ববিষয়ে তাঁহারা মিথিলার শীর্ষস্থান অধিকার করিয়াছিলেন। বিতাপতির ষষ্ঠ স্থানীয় পূর্ব্বপুরুষ ধর্মাদিত্য হইতে সকলেই রাজমন্ত্রী ছিলেন। বিতাপতির প্রাপিতামহ বীরেশ্বর একাধারে রাজমন্ত্রী ও মহাপণ্ডিত ছিলেন। তিনি দীরেশর পদতি নামে দশকর্ম্ম পদতি রচনা করেন। অন্তাপিও মিথিলার ব্রাহ্মণগণ এই পদ্ধতির নিয়মে দশকর্ম্ম কার্য্য নিম্পন্ন করিয়া থাকেন। বিতাপতির পিতামহ জয়দত্ত পণ্ডিত ও মহাধার্ম্মিক ছিলেন। লোকে তাঁহাকে যোগীধর আখ্যা দিয়াছিলেন। বিতাপতির পিতা গণপতি মহাপণ্ডিত ও তংকালীন রাজা গণেধরের পরন বন্ধু ছিলেন এবং রাজ্যের প্রধানমন্ত্রীর পদ অলংকৃত করিয়াছিলেন। রাজা গণেধরের মৃত্যুর পর গণপতি "গঙ্গাভক্তিতরিদানী" নামে একখানি পুতৃক রচনা করিয়া পরলোকগত বন্ধুর নামে উৎসর্গ করেন। গণেধরের পুত্র দেবসিংহের রাজ্যকালে গণপতি পরলোক গমন করেন। পিতার মৃত্যুর পর বিত্যাপতি মিথিলেশ্বর দেবসিংহের রাজ্যমন্ত্রী পদে অধিষ্ঠিত হন। বিত্যাপতির আত্মপরিচয় সম্পূর্কে স্ববচিত পদ যথা—

"জনমাতা মোর গণপতি ঠাকুর; মৈথিলী দেশে করু বাস ।
পঞ্চ গৌড়াধিপ, শিবসিংহ ভূপ, কুপা ৰুরি লেউ নিজ পান ॥
বিসফি গ্রাম, দান কৈল মুঝে, রহ তহি রাজ সরিধান ।
লছিমা চরণ ধ্যানে, কবিতা নিকসয়ে, বিত্যাপতি হই ভান ॥"
রাজা শিবসিংহের সিংহাসন আরোহনকাল সম্পুর্কে বিত্যাপতির বর্ণন—
অনল রন্ত্র কর লক্থন নয়বত্ত, সক সমুদ্দকর আগণিসমী।
চৈডকারী ছঠি জেঠা মিলিওত, বার বেংপ্টেই এ জাউলদী॥
দেবসিংহ জং পুত্ধী • ৽ উচ্ছবৈরেরস বিসরি গাও॥

২৯৩ লক্ষণান্দে অথবা ১৩২৭ শকান্দে চৈত্রমাদে কৃষ্ণা ষষ্ঠী জ্য়েষ্ঠা নক্ষত্র যুক্ত বৃহত্পতিবার সন্ধার সময় রাজা দেবসিংহ পরলোক গমন করেন। পিতার যৃত্যুর পর শিবসিংহ মিথিলার রাজা হন। বিছ্যোৎসাহী রাজা শিবসিংহ বিভাপতিকে কাব্য রচনায় উৎসাহিত করেন এবং "বিসকী" নামে একটি গ্রাম দান করেন। এই দান পত্রের অনুলিপির ভাত্রফলক মহারাজা ভারভলিগর পুস্তকাগারে রক্ষিত আছে। বিভাপতি বিসফী গ্রামে বাস ভবন নির্ম্মান করেন। উক্ত গ্রাম বর্ত্তমান দারভাপা জ্বেলার সীভামারী মহকুমার জারৈল পরগণার মধ্যে কমলা নদীর তীরে অবস্থিত। এখানে বিভাপতি প্রতিষ্ঠিত শিবলিক অভ্যাপিও বিরাজিত। অধুনা বিভাপতির বংশধরগণ সোরাট নামক গ্রামে বাস করিতেছেন। রাজা শিবসিংহ তিন বৎসর রাজক করার পর পরলোক গমন করিলে রাণী লাছমা রাজপাটে উপবেশন করেন। হাণী

লছিমার সহিত বিত্যাপতির প্রণয় ছিল। তাহাকে দেখিলেই বিত্যাপতির কবিত্বের ফ্_রন ঘটিত। পদে ভাহার প্রকাশ আছে। "রাজা শিবসিংহ লছিমা দেবী সঈ। ভনয়ে বিভাপতি মনহু নিশঙ্ক ॥² স্বামীর ভায় লছিমা কবিকে স্নেহ যত্নের দ্বারা কবিঙা রচনায় উৎসাহিত করেন। বিভাপতি রাজান্ত্রতে উৎসাহিত ও পরিক্ষ্ট হইয়া লিখনাবলী, গঙ্গাবাক্যবলী, কীর্ত্তি-লভা, তুর্গাভক্তি ভরচ্ছিনী, বিভাগসার, পুক্রম পরীক্ষা, দানবাক্যাবলী, বিবাদসার গয়াপত্তন শৈৰ সৰ্ববস্থসার, প্রভৃতি বহু ধর্ম্মগ্রন্থ রচনা করেন। বিভাপতি ৰহু দিন জীবিত ছিলেন। দেবসিংহ, শিবসিংহ, রাণী লছিমা, গরাণী বিশ্বাসদেবী ভৈরবসিংহ প্রভৃতির রাজত্বকালে তিনি মন্ত্রীপদ অলম্ভ করিয়াছিলেন I অৰশেষে রামচন্দ্র সিংহাসনে বসিবার কিছুদিন পরে ১৫০৬ খ্রী: একশত ছয় বংসর বয়সে বিভাপতি দেহরক্ষা করেন। বিভাপতির পত্নীর নাম মন্দাকিনী, ক্যার নাম তুর্লভা। পুত্তের নাম হরিপতি। কথিত আছে—বিচ্যাপতি নিজের অন্তিমকাল আগত বুঝিয়া গঙ্গাভিমুখে রওনা হইলেন ॥ বহুদূর অসিয়া অবসন্ন হইয়া পড়িলেন। তথনও গঞা তুই ক্রোশ দূরে অবস্থিত। তখন চলশক্তিবিহীন বিভাপতি আকুলপ্রাণে মা গল্পাকে আহ্বান করিয়া বলিতে লাণিলেন, "মা, তোমার জন্য এতদূর আসিলাম। তুমি কি আমার জন্ম তুই ক্রোশ আসিতে পারিখে না। বিভাপতির আকুল আহ্বানে 'মা গঙ্গা' সাড়া দিলেন। সেই রাত্রেই মা গঙ্গা তথায় আসিয়াছিলেন। বিভাপতি যে গ্রামে দেহরক্ষা করেন সেই প্রামের নাম "সাহিত ৰাজিতপুর"। তাঁহার দেহরক্ষা কালীন ভাহার রচিত পদ যথা-

বতিস বরসপর পর সামর রূপ।। "স্থপন দেখল হাম শিবসিংহ ভূপ। বহু দেখল হাম গুরুজন প্রাচীন। আর ভেলছ হাম আয়ু ৰিহীন ॥" শিৰসিংচ রাজার মৃত্যুর ৩২ পরে বিভাপতি দেহত্যাগ করেন। এ মদক্ষেত প্রভূ তীর্থ ভ্রমণকালে মিথিলায় গমন করিলে বিদ্যাপতির মিলন ঘটে। তথাহি—শ্রীষ্ণবৈত প্রকাশ—

"তবে স্ত্রীঅবৈত প্রভু আইলা মিথিলায়। সীতার জন্মন্থান দেখি ধুলায়লোটায়। লেমাবিষ্ট হঞা করে নর্ত্তন কীর্ত্তন। হেনকালে শুন এক অপূর্বব কথন।। সুমধুর সুললিত কৃষ্ণগুণ গান। তনি প্রভ্ সেইদিকে করিল প্যান। বটবুক্ষ তলে দেখ এক দ্বিজ রায়। গন্ধবের সম কৃষ্ণ গুণামৃত গায় ।"

অত্যাশ্চর্য্য কৃষ্ণরূপ বর্ণনা গীত শ্রবণ করিয়া অদ্বৈত প্রভু প্রেমাবেশে তাহাকে আলিক্সন করিলেন এবং বিভাপতি ও অদ্বৈতের বৈতৰ দেখিয়া ভূমিন্ত হইলেন। তথান অদ্বৈত তাহার পরিচয় জিজ্ঞানা করিলে বিভাপতি বলিলেন। তথাহি—তব্রৈব।

"বিপ্র করে মোর নাম দ্বিজ বিজ্ঞাপতি। রাজায় ভোজনে মোর বিষয়েতে মতি। বাতুলতা করি মুঞি রচিন্থ এ গীত। গুণগ্রাহী সাধু তুহু তেঁই ইথে প্রীত।" অবৈও প্রভূ বিজ্ঞাপতিসহ মিলন করতঃ শক্তি সঞ্চার করেন।

বস্ত্মতী সাহিত্য মন্দির হইতে প্রকাশিত বিল্লাপতির পদাবলী গ্রন্থের ভূমিকায় শ্রীসতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের বর্ণনে বিল্লাপতি বিষয়ক তথ্য নিয়ে বর্ণতে হইল।

বিতাপতি পদ রচনায় ৫টি উপাধি পরিলক্ষিত হয়। (১) কবি শেখর (২) দশাবধান, (৩) কবি কণ্ঠহার (৪) পঞ্চানন (৫) অভিনব জয়দেব। তিনি রাজপণ্ডিতের কার্য্য করিলেও নিজ্প অর্থব্যায়ে বহু ছাত্রকে বিতাদান করিতেন। একদা দিল্লীশ্বর মিথিলাধিপতি রাজা শিবসিংহকে রাজধানীতে লইয়া চিরকারাক্ষন করিবার মনন্ত্য করিলে কবি বিতাপতি দিল্লীভে গমন পূর্বক মোহকরী কবিতা আবৃত্তি করিয়া দিল্লীশ্বরকে বিমুগ্ধ করতঃ রাজা শিবসিংহকে মুক্ত করেন। বিতাপতি বংশাকুক্রমিক শিবভক্ত ছিলেন। মিথিলার কয়েক স্থানে তাঁহার প্রতিষ্ঠিত শিবমন্দির রহিয়াছে। দেবী বিশেশ্বরীর মন্দির অন্তিমস্থান বাজিত পুরেও বাসভ্মি বিসপীর উত্তর ভাগে ভেড্রা নামক স্থানে শিব মন্দির প্রতিষ্ঠিত রহিয়াছে। হর ৬ হরিতে অভেদ জ্ঞানে পদ রচনাযথা—

ভল হরি ভল হর ভলতুত্ব কলা। খনে পঞ্চানন খনে ভূজ চারি। খন গোকুল ভত্ত চরাবধি গায়। ঘন পীতৰসন খনহি বাঘছলা ।
খন শঙ্কর খন দেব মুরারী।
খন ভিখি মাগিয় ডমক বঞ্চায় ॥

এক শরীর দেল চই বাস। ভনই বিভাগতি বিপরীত বাণী। খনে বৈকৃষ্ঠ খনে কৈলান ॥ ও নারায়ণ ও শূলপণী ॥ হরগৌরী সম্বন্ধেও পদ রচনা করেন :--ষম্ম জয় শক্ষর ব্যা ত্রিপুরারি।

জয় আধ পুরুষ জয় আধ নারী 🛭

আধ চান্দ আধ সিন্দুর শোভা। আধ বিরূপ আধ জগ লোভা। ভনে কৰি রঞ্জন বিধাতা জানে ! তাঁহার শিবভক্তি বিষয়ে বর্ণন যথা :--

তুই করি বাটল এক পরাণে।

তাঁহার উগনা নামে একটি ভূডা ছিল। একদা বিছাপতি উগনা সহ স্থানান্তরে গমন করিলেন ॥ পথে অত্যন্ত পিপাদার্ত্ত হইয়া উপনাকে জল আনিতে বলিলেন। উগনার মন্তকে জটা ছিল। উগনা গোপনে জটাজাল হইতে মল বাহির করিয়া বিভাপতিকে প্রদান করিলেন। বিভাপতি গলালল পান করিয়া পরিতৃপ্ত হইলেন। পরে গঙ্গাঞ্চল প্রাপ্তির বিষয় জিজ্ঞাসা করিলেন যে এথানে নিকটে গল্পা নাই, তুমি গলাজল কিভাবে আনিলে! সেই স্থানটি আমায় দেখাও I উগনা মহা সন্ধটে পডিয়া মৌন রহিলেন। বিচ্ঠাপতি বিশেষভাবে পীড়াপীড়ি করিলে উগনা বলিতে লাগিলেন আমি শঙ্কর, তোমার ভক্তির গুণে তোমার ভূতারূপে রহিয়াছি। একথা গোপন রাখিবে। কাহাকেও বলিলে আমি অন্তর্হিত হইব। বিতাপতি তাঁর বাক্যে স্বীকৃতি প্রদান করিয়া বছমুখী স্তুতিবাদ করত: স্বগৃহে প্রত্যাবর্ত্তন করিলেন। একদা বিজ্ঞাপ্তির স্ত্রী উগনাকে কোন দ্রব্য আন্যুদেয় জন্ম পাঠাইলেন। কিন্তু উগনার ফিরিতে বহু বিলম্ব ঘটায় বিভাপতির পত্নী তাহাকে যষ্টি লইয়া মানিতে উভাত হইলে দূর হইতে বিভাপতি দেখিয়া তাগকৈ বিরত করিলেন। এবং পূর্বে প্রতিশ্রুতি বিস্মৃত হইয়া আবেগে বলিতে লাগিলেন। "ক্ষান্ত হও শাক্ষাত শিবের অঙ্কে আঘাত করিও না।" অমান উগনা অন্তর্দ্ধান হইলেন।

ৰিচ্যাপতি রামচন্দ্র বিষয়েও পদ রচনা করিয়াছেন। ভাত ৰচনে বেকলে খেপল, জনম চুষ্টি চুন্থ গেলা। জীয়ক শোকে স্বামী সন্তাপল, বিরহে বিখিন তমু ভেলা 🗈 দশর্থ নন্দন, দরশির খণ্ডন, ত্রিভ্বনে কে নহি জানে। সীতাপত্তি পতি, রামচরণ গতি, কবি বিভাপতি ভনে॥

সমগ্র পদাবলী সাহিত্য সংগ্রহ প্রন্থে (শ্রীনিরপ্তন চক্রবর্তীকৃত) বিভাপতি প্রসঙ্গে প্রভূত আলোচনা রহিয়াছে। ভাহা হইতে কিছু তথ্য নিবেদিত হইল :—

"কবি জীবনের শ্রেষ্ট সম্পদ তাঁর রচনা, বিদ্যাপতির রচনা সম্পদ তিনটি ভাষায় বিস্তার লাভ করিয়াছে। তারমধ্যে সংস্কৃতেই সর্বাধিক গ্রন্থ রচনা করিয়াছেন।

(১) ভূপরিক্রমা (মহারাজ দেবসিংহের আজ্ঞায় রচিত)। (২) পুরুষ পরীক্ষা (মহারাজ শিব সিংহের আজ্ঞায় রচিত)। (৩) কীর্ত্তিলতা। (৪) কীর্ত্তি পভাকা। (৫) গোরক্ষ বিজয় (সম্ভবতঃ মাহারাজ শিব সিংহের আমলে)। (৬) লিখনাবলী (রাজা বনৌলীর রাজা পুরাদিত্যের আজ্ঞায়)। (৬) শৈবসর্ববিদ্যার (৮) গঙ্গা বাক্যাবলী (মহারাজ পদ্যসিংহের পত্নী বিশ্বাস দেবীর আজ্ঞায়)। (৯) বিভাস সার (মহারাজ নরসিংহদেবের আমলে) (১০) দানবাক্যাবলী (নরসিংহদেবের পত্নী ধীরমতা দেবীর আজ্ঞায়)। ১১। হুর্গা ভক্তি তরঙ্গিনী। ১২। গ্যাপগুলক। বর্ষকৃত্য। ১৪। মনিমঞ্জরী। ১৫। ব্যাড়ীভক্তি তরঙ্গিনী (সম্ভবতঃ চন্দ্রসিংহের আমলে) এছাড়া কয়েকটি পদে বিদ্যাপত্তি তার পোষ্টাদের উল্লেখ করেছেন, কোন সময়ে এই গ্রন্থসমূহ রচিত হয়েছিল তা মিলবে পোষ্টা রাজাদের কাল নিরূপণে ঃ—

ৰিত্যাপতির বংশ পরিচয় যথা: বিষ্ণু ঠাকুর—হরাদিতা ঠাকুর—কর্মাদিত্য ঠাকুর (দেবাদিত্য ঠাকুর ও বাদিতাত ঠাকুর)—দেবাদিতা ঠাকুর (বীরেশ্বর, ধীরেশ্বর, গণেশ্বর, অটেশ্বর, হরদত্ত, লক্ষাদত্ত, শুভদত্ত) ধীরেশ্বর (জয়দত্ত, কীর্ত্তিদত্ত, রামদত্ত)। জয়দত্ত — (গৌরীপতি, গণপতি)। গণপত্তি—কৰি বিত্তাপতি (বাচম্পতি, হরপতি, নরপতি)।

বিত্যাপতির কবিত মৈথলী ও বাংলা ভাষায় থাকায় এক সন্ধিগনের সৃষ্টি হইয়াছে। এভদ্বিষয়ে গৌড়ীয় বৈষ্ণৰ সাহিত্যের অভিব্যক্তি যথা :—

বিত্যাপতি মৈথলী কবি হইলেও তাঁহাকে আমরা বাংলার প্রাচীন কবিশ্রেণীর অন্যতম বলিতে চাই। যেহেতু তংকালে মিধিলা ও বন্দদেশে অধিকতর ঘানষ্ঠতা ছিল। উভয় দেশের ছাত্রগণ উভয়দেশে বিতার আদান

প্রদান করিতেন। প্রসিদ্ধ রঘুনাথ শিরোমনি এবং স্মার্ত্ত রঘুনাথ ভট্টাচার্য্য প্রভৃতিও মিথিলা হইতে অধ্যয়ন করিয়া ব্যুৎপন্ন হইয়াছিলেন। অনেধকর মতে সেন বংশীয় রাজাদের আমলে উভয় রাজ্য অভিন্ন ছিল। সেন রাজারা ৰৰ্ত্তমান দ্বারভাঙ্গাকে (দ্বারভাঙ্গা বা ৰঙ্গদার) ৰঙ্গরাজ্যের পশ্চিমদ্বার মনে করিতেন। তৎকালে ভাষাও প্রায় একরূপ ছিল। বঙ্গদেশের রাজা লক্ষ্ণণ সেন প্রবর্ত্তিত শক এদেশে প্রচলিত না হইলেও অত্যাপি মিথিলায় "লসং" প্রচলিত আছে। অজএব যখন বঙ্গদেশ ও মিথিলার এতদূর ঘনিষ্ঠতা প্রকাশ পাইতেছে, তখন যে কবি বাঙ্গালার বিখ্যাত কবি জয়দেবের গীত গোবিন্দের অমুকরণে শ্রীরাধাকৃষ্ণ দীলা বিষয়ক সঙ্গীত রচনা করিয়াছেন—সে সকল সঙ্গীত কলিযুগ পাবনাৰতার শ্রীশ্রীগৌরস্থন্তর ও স্থগম্ভীর গম্ভীরা লীলায় আস্বাদন করিয়া বিমোহিত হইতেন--যাহ। বন্ধদেশীয় কবিগন স্বকীয়বোধে বৃহুকাল ধরিয়া সঙ্কীর্ত্তন করিভেছেন--যাহাদের অনুকরণে বঙ্গদেশীয় বৈষ্ণবগণ শত শত পদ রচনা করিয়া বল ভাষা মাতৃকার সেবা করিয়াছেন আমন্ত্রা সেই কবিকে বঙ্গদেশীয় কবির আসন হইতে সরিয়া যাইতে দিব না। বস্তুতঃ তাঁহাকে আমরা বঙ্গদেশেরই প্রাচীম কবি বলিব এবং তাঁহার রচনা বলদেশেরই আদিম রচনা বলিয়া বোধ করিব।

(বঙ্গভাষা ও সাহিত্য বিষয়ক প্রস্তাব ঃ ৩১—৩৪ গৃষ্ঠা)

শ্রীমদাহাপ্রভুর প্রবৃত্তিত রাগমাগীয় মধুর রসাশ্রী বিশুদ্ধ প্রেমধর্ম প্রবৃত্তিনের পূর্ববিভাষে যাথারা প্রেমবৈচিত্রের ভিত্তিপত্তন করিয়াহি লেন আগদের মধ্যে কবি চত্তীদাস অগতম। তিনি সঙ্গীত রচনার মধ্য দিয়া যুগলাকনোরের পরম মধুময় ব্রজ প্রেমলীলা রহস্ত পরিস্পাত কহিয়াছেন। আর সেই স্মধুর সঙ্গীত আস্থাদনে শ্রীরাধাভাবকান্তিধারী শ্রীগোরস্থলর ফরপ গামানন্দালি অন্তরঙ্গ পার্ষদ সঙ্গের সর্বক্ষণ ভাবে বিভার থা ইতেন।

তথাহি—প্রীচৈততা চরিতামৃতে অস্তে ১৭ পরিচেছদে

'বিতাপতি, চণ্ডীদাস, শ্রীগীতগোবিন্দ। ভাবামুরপ শ্লোক পড়ে রাহ্ র মানন্দ।'
তথাহি—পদৰুল্লভক্ত— ১।১।১৪ পদ (শ্রীনরহহি দাস বিহ'চত)

"শ্রীনন্দ নন্দন, নবদ্বীপ পতি, শ্রীগৌর আনন্দ হৈয়া।
যার গীতামৃত, আফাদে হরপ, বায় রামানন্দ লঞা।"
তথাহি—পদকল্লভক্ত — ১১।১৫ পদ

"জয় জয় চণ্ডীদাস গুনভূপ।
দ্বিজ্বকুল কমলবন্ধু, কবি মণ্ডল মণ্ডিড,
মহী মাধুরী অপন্ধপ ।
স্বন্ধপ সরল হিয়া, প্রবল প্রেমময়,
ৰাশুলী দেৰী দেওল উপদেশ।
নিরুপম গৌরী, শ্রামরস পিবইডে,
বাঢ়ল নিশিদিশি উল্লাস বিশেষ ।

শ্রীমন্মহাপ্রান্ত নিজ রস আস্বাদনের উপলক্ষ্যে এককালীন অস্তাদশবর্ষ নীলাচলে গান্তীরায় অবস্থান করে যে দিব্যভাবে বিভার থাকিতেন সেইভাব উদ্দীপক তথ্যাবলীর মধ্যে চণ্ডীদাসের পদাবলী বিশেষ অবলম্বন ছিল। শ্রীমন্মহাপ্রভূ নিজে আস্বাদন করতঃ চণ্ডীদাসের মহিমন্ধকে সকল ভক্তজন মানসে এক অভিনব স্থান প্রদান করিয়াছেন।

কিন্তু পরম ত্রভাগ্যের বিষয় সেই পরম মহিমান্থিত বৈষ্ণব পদাবলী রচয়িতা চণ্ডীদাসের জন্মকাল বংশ পরিচয় জীবন আলেশ্য ও অন্তর্জানের সুযোগ রহস্ত অতাবিধি প্রমাণ ভিত্তিক সুযোগ্য ভাবে আলোচিত হয় নাই। সাহিত্যিক গণ চণ্ডীদাদ ভনিতাযুক্ত পদাবলীর রস বিন্যাশ, বর্ণন ক্রম পর্য্যালোচনা করিয়া কতিপয় চণ্ডীদাস আছেন বলিয়া অনুমান করেন। কিন্তু অনুষান যথার্থতার স্থযোগ্য মূল্যায়ণ ঘটে নাই। নান্ন,রবাসী প্রচলিত রামী চতীদাস ভিন্ন দিতীয় চণ্ডীদানের স্বরূপনিরূপন সম্ভব হয় নাই। কেবল ভাষাবৈচিত্র্য রুস বিন্যাস, চণ্ডীদাস, দিজচণ্ডীদাস, দীনচণ্ডীদাস, বড়,চ্ণ্ডীদাস প্রমুখ ভনিতার অমুক্রমে অস্থান্য চণ্ডীদাস পাকা স্বাভাবিক বলিয়া অমুমান করা হইভেছে।

শ্রীমমহাপ্রত্বর অন্তর্জানের কিছুকাল পরে গুক্রাচার্য্য অবভার শ্রীরূপ কবিরাজের আবির্ভাবে ও তাঁহার উদ্দশু প্রতাপে শ্রীমমহাপ্রভুর প্রভাবিত শুদ্ধ ব্রজানুগত্য ভক্তিধর্ম চরম মালিল্য যুক্ত হইল। সেই প্রভাব অন্তাবধি শুদ্ধ ভক্তিধর্মকে কৃদ্দিগত কয়িয়া রাখিয়াছে। চণ্ডীদাস ভনিতায়ুক্ত বহুপদ শ্রীরূপ কবিরাজের ভাবামুগত্যে পরিদৃষ্ট হওয়ায় সংশয়ের স্ফৃষ্টি করিয়াছে। ফলে মহাপ্রভু কোন চণ্ডীদাসের পদাবলী আপাদনে ব্রহুভাবে বিভাবিত থাকিতেন ভাহা বিবেচ্য। বর্ত্তমানে বৈক্ষব পদাবলীও সাহিত্য পর্য্যালোচনায় এক চণ্ডীদাসের নাম পাওয়া যায়। তিনি মহাপ্রভুর পদবর্ত্তী, ঠাকুর নরোত্তমের শিষ্য বলিয়া অনুমেত হয়।

তথাহি— জ্রীনরোত্তম বিলাদে—
"ধরু চৌধুরী আর শাখা চণ্ডীদাস॥"
তথাহি— জ্রীপ্রেমবিলাস—২• বিলাদ
"জয় চণ্ডীদাস যে পণ্ডিত সর্ববিহনে।
পাষ্ণী খণ্ডনে দক্ষ দয়া অভিদীনে ॥

নিম্লিখিত পদদ্বয় তাঁহার রচিত বলিয়া অনুমান করা হইতেছে যেহেতু পদদ্বয় শ্রীগোরাঙ্গ ও ঠাকুরনরোত্তমের মহিমা মূলক।

গৌরপদতর্শিনীর (মুনালকান্তি ঘোষ) দ্বিতীয় সংস্করণে পদকভাগনের দীবনী প্রদক্ষে পদ (১৫৯ পৃঃ)

"জয় নরোত্তম গুনধাম।"
দীন দয়াময়, অধম তুর্গত, পতিতে করুনা বান ॥
দথা রামচত্র সনে, আলাপনে, নিশিদিশি রসভোর।
মো হেন পাত্কী, তারন কারন, গুনে ভ্বন উজোর॥
নবতাল কান, কীর্ত্তন স্থান, প্রচারণ ক্ষিতি মাঝ।

অতৃল ঐশ্চর্য্য, লোষ্টের সমান, তাজনে না সহে ব্যাক্ষ ।
নরোত্তমরে বাপরে, ডাকে ক্যাসীমনি , পুন প্রভূর আবির্ভাব ।
দীন চণ্ডীদাস, কহে কতদিনে, পদযুগ হয়ে লাভ" ১ ।

বিভাপতিও চণ্ডীদাস—এত্থে
আজু কেণো মুরলী বাজায়।
ইহার গৌর বরনে করে আলো।
ভাহার ইন্দ্রনীল কান্তি তন্তু।
ইহার রূপ দেখি নবীন আকৃতি।
বনমালা গলে দোলে ভাল।
কৈ বানাইল হেন রূপ খানি।
ইবে বুঝি ইহার স্থল্বরী।
কুপ্লে ছিল কান্তু কমলিনী।
ভাজু কেনে দেখি বিপরীত।
চণ্ডীদাস মনে মনে হাসে।

এতো কভু নহে শ্যামরায় ।

চূড়াটি বাদ্ধিয়া কেবা দিল ।

এতো নহে নন্দস্ত কানু ।

নটবর বেশ পাইল কতি ।

এনা বেশ কোন দেশে ছিল ।

ইহার ৰামে দেখি চিকন বরনী ।

স্থীগণ করে ঠারাঠারি ।

কোথা গেল কিছুই না জানি ।

ইবে বুঝি দোঁহার চরিত ।

এরপ হইবে কোন দেশে ।

চন্তীদাস বীরভূম জেলার নামুর গ্রামে দূর্গাদাস বাগচি নামক বারেন্দ্র শ্রেনী ব্রাহ্মন পুত্র রূপে আবিভূতি হন। চন্তীদাসের পিতা দূর্গাদাস নামুর গ্রামে দেবী বিশালাক্ষ্মীর পূজারী ছিলেন। পিতার মৃত্যার পর চন্তীদাস ঐ বিশালাক্ষ্মী দেবীর পূজারী নিযুক্ত হন। রামমনি নামে একটি রক্তক কন্তাও ঐ মন্দিরের পরিচারিকা রূপে নিযুক্ত হন। কভদিতে বিশালাক্ষ্মী দেবীর উপদেশে চন্তীদাস ব্রজ্জভাবে বিভাবিত হন। তৎসক্ষে রামমনি সন্দর্শনে তাহার কবিত্ব ভাবের উন্মেষ ঘটে। চন্তীদাসের মহিমা বর্ণনে বৈশ্বব পদক্রতাগনের অভিব্যক্তি কিছু নিবেদন করিব। পদক্রতা কানুদাসের বর্ণন

কবিকুলে রবি, চন্ ভীদাস কবি, ভাবুকে ভাবুক মণি।
রসিকে রসিক, প্রেমিকে প্রেমিক, সাধকে সাধক গনি।
উজ্জ্বল কবিত্ব, ভাষার লালিতা, ভূবনে নাহিক হেন।
ফাদে ভাব উঠে, সুখে ভাষা ফুটে, উভয় অধীন যেন।
সরল তরল, রচনা প্রাপ্তল, প্রসাদ গুনেতে ভরা।

যেই পশে কানে, সেই লাগে প্রানে, শুনামাত্র আত্মহারা।
রামতারা ধনী, রাধা স্বরূপিণী, ইট্ট বল্প যার হয়।
যাঁহার দরশে, চণ্ডী রূসে ভাসে, কবিতার স্রোভ বয়।
হয় নাই হেন, না হইবে পুন, হেন রুস পদ ভবে।
দীন কান্তু দাসে, রাখ পদ পাশে, নামের ঘোষণা হবে॥

এৰার পদকর্তা নরহরির অভিব্যাক্তি শ্রবণ করন —

জয় জয় চন্ ভীদাস, দয়য়য় য়য় ডিত, সকল গুণে।
অত্পম যাক, য়য় রসায়ন, গাওত জগত জনে ।
নায়য় গ্রামেতে, নিশা সময়েতে, বাগুলী প্রসম হৈয়া।
রাই কালু হছঁ, নওল চরিত, কংয়ে নিকটে গিয়া॥
গুনি ভাবে মনে, জানি পুন দেবী, কহে কি চিন্তুই চিতে।
হথময়ী তায়া, ধুবলী দয়শে, ফুয়িবে বিবিধ মতে॥
ইহা গুনি নিশি, প্রভাতে চলিল, প্রণমি বাগুলী পায়।
ধুরলী দরশ, রস ঝুরে সব, কি দিব তুলনা তায়॥
চন্তীদাস হিয়া, ধুইল ধুবলী, প্রেমেতে পড়িল বাঁধা।
য়হি কালু গুণে, ঝুরে দিবানিশি, ঘুচিল সকল ধাঁধা॥
ধুবলী মহিমা, সীমা জানাইল, ধ্যা সে বাগুলী দেবী।
নরহরি কহে, পাইলে তুলহ, প্রেম চন্ ভীদাস কবি॥

কিন্তু রামী-চন্ ভীদাদের প্রেম বৈচিত্র নিয়ে বছ কিংবদন্তী, উভয়ের সম্বন্ধের অভিব্যক্তি নিয়ে বছ মুখী প্রবাদ চন্ ভীদাদের মহিমন্বকে ক্ষুম্ম করিভেছে। বর্ত্তমান সময়ে সহজিয়া মতবাদের উদ্দন,ড প্রভাপে চন ভীদাস ও রামী মধ্যে নিক্ষাম প্রেমের বৈচিত্রে সকাম প্রেমের প্রতিফলন বলিয়া প্রতিভাত হইতেছে। অথচ বাস্থলীর আদেশে রামীর সন্দর্শনে চন,ভীদাদের কবিন্তের প্রকাশ। যে কবিন্তের প্রকাশই শ্রীমন্মহাপ্রভুর ব্রজ প্রেমরস আস্বাদনের সহায়ক। গৌর অমুগত বৈষ্ণব পদাবলী রচ্ছিতাগণ সেই রামী-চন,ভীদাদের স্থতিগান করিয়া-ছেন বিভিন্ন পদের মাধ্যমে। এখন প্রশ্ন রামী-চন,ভীদাদের মধ্যে প্রণয়ের অভিব্যক্তি কিদৃশ ? যদি ব্যাভিচার হন্ত হইতে তাহা হইলে শ্রীমন্মহাপ্রভু

ভাহার পদাবলী এত মর্য্যাদা দিলেন কেন ? গৌর অমুগত বৈষ্ণবগণ কেনই বা তাদের মহিমা কীর্ত্তন করিলেন ? আধ্যাত্মিক শুদ্ধ ভজনীয় প্রবৃত্তি নিয়ে নিরপেক্ষ বিচার বিবেচনা করে বর্ত্তমান যুগদদ্ধিক্ষণে চন,ভীদাসকে উপলব্ধি করতে হবে।

রামী-চন,ডীদাসের মধ্যে কি জাতীয় প্রেমের উদ্ভব হইয়াছিল ভাহা কবি সঙ্গীতের মধ্য দিয়া প্রকাশ করিয়াছেন। উক্ত পদদ্বয় ও হ্র্যোগ্য বিচার বিবেচনার মধ্য দিয়া আম্বাদন করিতে হইবে।

তথাহি — শুন রজকিনী রামী
ও তুটি চরণ, শীতল বলিয়া, শরণ লইনু আমি।
তুমি ৰাথাদিনী, হরের ঘরণী, তুমি যে নয়নের ভারা।

ডোমার ভরূনে, ত্রিসন্ধ্যা যাজনে, তৃমি সে গলার ভারা ॥ রন্ধকিণী রূপ, কিশোরী স্বরূপ, কাম গন্ধ নাহি তায়।

রজকিণী প্রেম; নিকসিত হেম, বড়, চন্ ডীদাস গায়।

রজকিণী পরম মহিয়সী রমণী ছিলেন। তাঁহারও কবিত শক্তি ছিল। তিনি চন,ডীদাসকে কিরূপ ভালবাসিতেন তাহা সঙ্গীতের মধ্য দিয়া প্রকাশ করিয়া-ছেন। তথাহি —

তুমি দিবাভাগে, লীলা অমুরাগে, ভ্রম দদা বনে বনে।
তাহে তর মুখ, না দেখিয়া ছখ, পাই বহু ক্ষণে ক্ষণে।
ভাটি সমকাল, মানিয়া জঞ্জাল, যুগতুলা হয় জ্ঞান।
ভোমার বিরহে, মন ছির নহে, ব্যাকুলিত হয় প্রান।
ক্টিল কুস্তল, কত সুনির্মাল, জ্ঞীমুখ মণ্ডল শোভা।
হেরি হয় মনে, এ ছই নয়নে, নিমেষ দিয়াছে কেব।
তাহে সর্বক্ষিণ, হয় দরশন নিবারণ সেই করে।
তাহে প্রাণাধিক, কি কব অধিক, দোষ দিয়া বিধাতারে।
তুমি সে আমার, আমি সে ভোমার, সুহাদ কে আছে আর।
থেদে রামী কয়, চণ্ডীদাস বিনা, জগং দেখি আধার।

উভয়ের সদর্শনে উভয়েই বজ্লীলা রদের উদ্দীপনে বিভাবিভ এই বেন।

উভয়ের ভাবোচ্ছাসের অভিব্যক্তি স্বরূপ অপ্রাকৃত কবিত্বরসের সৃষ্টি। প্রেমিক কবি চণ্ডীদাস ও বিভাপতি উভয়ে সমসাময়িক। উভয়ের সঙ্গে মিলন্ ঘটিয়াছিল। তাহা পদকল্লভক্ত গ্রন্থে গীতাকারে বর্ণিত রহিয়াছে। তথাহি—

চণ্ডীদাস বিচ্যাপতি, তুহুজন পিরীতি, প্রেমমূরতি ময় কাতি। যে কমিল ছইজন, লীলাগুন বর্ণন, নিতি নিতি নব নব ভাতি ৷ ত্রন্থ উৎকণ্ঠিত, দোহা দরশন লাগি। দোঁহার রসিক পন, শুনি চুত্জন, চুত গৃহে তুত রত জাগি॥ নিজ নিজ গীত লেখি, বহু ভেজ্লন, তাহে অতি সারতি ভেল 🕽 রাধা কাম্বক, প্রেমরস কৌতুক, ভাহে মগন ভৈগেল। নিজ নিজ সহচর, রসিক ভক্তবর, তা সঞে করত বিচার। তাহে নিতি নবীন, পরম হুখ পাওড, আনন্ত প্রোম অপার 🛭 রূপ নারায়ণ, ছিল্প নারায়ণ, বৈছ্যনাথ শিবসিংছ। মিলন ভাবি, তুহুক করু বর্ণন, তুলু পদ কমল ভূকু ॥ ১ ॥ চণ্ডীদাস গুনি, বিভাপতি গুণ, দরশনে ভেল অনুরাগ। বিভাপতি তবে, চ**ণ্ডীদাস গুন, দরশনে ভেল অমুরাগ** 🛭 ত্রন্থ উৎকন্থিত ভেল। স**ল**হি রূপ নারায়ণ কেবল বিভাপতি চলি গেল ॥ চণ্ডীদাস তব রহই না পারই, চল লহি দরশন লাগি। পন্থহি ত্তক্ষন, ত্তগুন গায়ত, ত্ত হিয়ে ত্ত রহু জাগি 🛭 দৈৰহি বহঁ দোঁহা দরশন পাওল, লেখই না পাৰই কোই। ত্রু দে বিশ নাম প্রবনে তঁহি জানল রূপ নারায়ণ গোই ॥ ২ ॥ সময় বসস্ত যাম দিন ঝামহি বটতলে সুর্ধনী তীর। চণ্ডীদাস কবিরজ্ঞনে মিলিল পুলক কলেবর থির ॥ ত্রত ভাষ ধরত ধরই না পার। সঙ্গৃহি রূপ নারায়ণ কেবল ত্হ,ক আশ প্রতিকার ॥ ধৈরত ধরি ছং, নিভূতে আলাপই পুছত মধুর রুসিক। পুছত চ ীদাস কবিরজ্ঞনে শুন তহি রূপ নারায়ণ। কহ বিভাপতি ইহরস কারণ লছিমা পদ ধরি ধ্যান । ৩ ।

চন্তীদাসের গুণাবলী আবন করিয়া মিধিলাধিপতি শিবসিংহ সভাপতিত বিভাপতিকে সক্ষে লইয়া তাঁহার সৃহিত মিলনের জন্ম গৌড়লৈশের নার্ক্ত অভিমুখে রওনা হইলেন। এদিকে চণ্ডীদাস বিভাপতির আগমন বারা পাইয়া ভাহার সহিত মিলনের জন্ম রাজধানী মন্তলকোট অভিমুখে রগুনা হইলেন। ঘটনাচক্রে পথিমধ্যে গঙ্গাতীরে এক বটর্ক্ত মূলে উভ্যের মিলন ঘটে। উভয়ের মিলনে উভয়ে বন্ধৃত পাশে আবদ্ধ হন।

শ্রীগোরপদ তরন্ধিনী (শ্রীমূনালকান্তি ঘোষ) দিশীয় সংক্ষিণির পদকর্ত্তাগণের জীবনী প্রসঙ্গে বর্ণন—(১৫৭ পৃঃ) মাসিক শ্রী শ্রীহিফ্ডিইয়া প্রিকার সপ্তম বর্ধের ৬ঠ সংখ্যায় কোন অজ্ঞাত নামা লেখক একটি পদাংশ প্রকাশ করেন। তাহাতে চণ্ডীদাসের পদাবসী শ্বাল এবং রচিত পদের সংখ্যা নিরূপণের চেষ্টা করা হইয়াছে যথা—

বিধুর নিকটে বসি নেত্র পঞ্চবান। নবছ নবছ রস গীত পরিমাণ । পরিচয় সঙ্কেত অঙ্কে নিয়া। আদি বিধের রস চণ্ডীদাস কিষা।

অর্থ্যাৎ ১৬৫৫ শকে পদগুলি রচনা শেষ হইল এবং স**্ন**র পদের লমষ্টি ৯৯৬ মাত্র

চণ্ডীদাস বৃদ্ধবয়সে জ্রীধাম বৃন্দাবনে গিয়া বাস কর্মে। তথায়— এখন ও তাঁহার সমাধি বর্তমান রহিয়াছে। অপ্রকাশিত পদ রত্মাবসী গ্রন্থের ভূমিকায় এবং সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত পদকল্পতকর ভূমিকায় চণ্ডীদাস সম্বন্ধে বিশেষ আলোচনা রহিয়াছে।

কবি চন্তীলাস ১৪৭৭ খৃঃ ৬০ ৰংসর বয়সে অন্তর্জান। তাঁহার বহস্য নিয়েও বহু কিংবদন্তী রহিয়াছে। কেহ বলেন শেষ বয়সে বৃন্দাবনৈ গিয়া অপ্রকট হন। বৃন্দাবনের কেশীঘাটে তাঁর সমাধি বিজ্ঞমাণ। প্রবাদ আছে নায় বের অদূরবর্তী কির্ণাহার গ্রামে রামী সহ কীর্ত্তন কালে মন্দিরের নাটমনির ভন্ন হইয়া তথায় সমাহিত হন। গৌড়েখরের এক মহিষী চন্তীদাসের কীর্ত্তনের পক্ষপাতিনী ছিলেন এবং গোপনে ছ-একবার কীর্ত্তন শুনতে যাওয়ায় নবাব ক্ষুদ্ধ হয়ত কীর্ত্তন তত চন্তীদাসের উপর কামানের গোলা বর্ষন করেন। কামানের গোলায় নাটমন্দির চূর্ব বিচূর্ব হইয়া চন্ডীদাসের দেহাবদান ঘটে। কির্ণাহারের সমিহিত নাগডিহী পল্লীতে চন্ডীদাসের সমাধি বিজ্ঞান।

স্থানীয় প্রবাদ, চণ্ডীদাস বিশালাক্ষ্মী মন্দিরে পূজার্চ্চ ন কালে মন্দির ভালিয়া পড়ায় দেবমূর্ত্তি সহ চণ্ডীদাস ভগ্নস্তপের নিয়ে সমাহিত হন। বহুদিন পরে ভগ্নস্তপ খনন করিয়া দেবমূর্ত্তি উদ্ধার কয়া হইরাছে। ফলে চণ্ডীদাসের জন্ম বংশপরিচয় জীবন আলেখ্য ও মৃত্যুর সম্পর্কে সঠিক কোন তথ্য পাওরা যায় না।

চণ্ডীদাসের জীবন আলেখ্য বিষয়ে চণ্ডীদাস' নামক গ্রন্থের শেষাংশে 'চতুর্দিশ পদাবলী' নামক পদাবলীতে চণ্ডীদাসের জীবন চরিতের কিছু ইঙ্গিত পাওয়া যায়। নামী চণ্ডীদাসের পিনীভির উপলক্ষে সমাজে নানা অপবাদ উঠিয়া সমাজে একঘরা করিলেন। আতা নক্ল চণ্ডীদাসকে বলিলে চণ্ডীদাস বলিলেন — শুনহে নক্ল ভাই।

কুটুম্ব ভোজন, সব তুমি জান, সে সব ভোমার ঠাঞি ॥
আমার এ চিত্তে, খাইতে শুইতে, কেবল পিরীতি সার।
যা করে পিরীতি, তাহা মোর মতি, আপনে কি বল আর ॥
তুমি একজন, বিজ্ঞ মহাজন, সকলে পৃজিত বট।
ধোবিণী আশ্রয়, চণ্ডীদাস কহে, কে বলে পিরীতি ছোট ॥

নকুল চণ্ডীদাসকে ৰলিলেন 'ভাই সংসারে প্রিয়ন্ধনকে নিয়েই বসবাস করতে হয় নচেৎ নানা বিপত্তি ঘটে। তারপর ছই ভায়ে বছ আলোচনা হল। চণ্ডীদাসের অভিব্যক্তি শুনিয়া নকুল বলিলেন —

শুনিরা নকুল, হইল আকুল, ভিজিয়া নয়ন জলে।
তোমার চরিত, জগতে পবিত্র, উদ্ধারিবে যেন কুলে॥
তোমার কারণে, সকল চরণে, বসন বান্ধিব গলে।
হয়ারে হয়ারে, ফিরি ঘরে ঘরে, কে বা তাহে কিছু বলে॥
যে জন বলিব, সকল শুনিব, আমন্ত্রন আগে করি।
ধোবিনী আবেগে, কহে চন্তীদাসে, তোমার হা ে মিরিছ

নকুল সমাজ বন্ধকট হইতে মুক্ত হইবার জন্য আত্মীয় স্বজন ও ব্রাহ্মণ সমাজের দ্বারে দ্বারে বারে গৈলে তাহা স্বসম্ভ মে বলিতে লাগিল, তুমি একজন বিশেষ গণ্য মান্ত ব্যাক্তি, তোমার পক্ষে ইহা শোভা পায় মা। নকুল ব্রাহ্মণ আমন্ত্রন করিয়া চণ্ডীদাদের সমীপে আসিয়া বলিলেন। আয়োজন স্কুরু হইল। তারপর তুইজনে বকুল তলাতে গেলেন। তথাহি— ১০ পদ

"নক্ল সঙ্গেতে, বক্ল তলাতে, গমন করিল তায়। বিরহে ছজনে, বসি একাসনে, কি ধন মাগিছ রায়। নক্ল বলিছে, কিবা ধন আছে, সে বিনে পিরীতি ধনে। যে ধন মাগিবে, সে ধন পাইবে, যদি দঢ়াইবে মনে।"

তথাহি—১৬ পদ

ধোবিণী উঠিয়া, কুলীতে আনিয়া, বকুল তলাতে বসি।
পৃথিবী উপরে, লেখে দ্বিজ্বরে পিরীতি বলিয়া ফাঁসি॥
জিজ্ঞাসে নকুল, হইয়া আকুল, বসিয়া ধোবিণী পাশে।
বিকল হইয়া, ধোবিনী কান্দিয়া, কেবল নিশ্বাসে ভাসে।
নকুল পায়েতে, ধরি তৃটি হাতে, ধোবিণী কান্দিয়া বলে।
তুমি মহাজন, শুন হে ব্রাহ্মণ, পিরীতির কিবা মূলে।

এই সকল পদের মাধামে পিরীতিকেই গ্রেষ্ঠ প্রদান করিয়াছে। এই পিরীতির ঐতিহ্যে চণ্ডীদাসের প্রাতা নকুল ব্রাহ্মণ সমান্তকে উদ্ধৃদ্ধ করতঃ সবার সঙ্গে মিলন ঘটাইলেন।

তথাহি-- ১৫ পদ

পত্ত দিয়া গেল, ত্রাহ্মণ বলিল, অন্ধ আন চণ্ডীদাস।
তোমার অন্নেতে, বিক্ষিত জগতে, পুরিল সৰার আশ ।
দিয়া করতালি, হরি হরি বলি, অন্ধ দিল সবার পাতে।
এইভাবে চণ্ডীদাস আত্মীয় স্বজন ও ব্রাহ্মণ সমাজের সংশয় ছেদন করিয়া
আপনার দিবাভাবে বিভাবিত হইলেন।

सीर्णीवात्र विषयक भाषावती त्राचात्र भगशान्त्रक सीथ खवानी सीनवर्दा मवकाव ठाकू दवव भविष्य ।

কলিযুগপাবনাবতার প্রীগোরাঙ্গদেবের নদীয়া লীলার আৰল্য সলী গ্রীনরহরি সরকার ঠাকুর বর্দ্ধমান জেলার প্রীথগু গ্রামে বৈপ্তকৃলে আবির্ভুত হন। প্রীনরহার সরকার ঠাকুরের বংশ পরিচয় সম্পুর্কে প্রীভক্তিরত্মাকর গ্রন্থের ১১ তরলের বর্ণন যথা।

ভাগ্যবস্ত নারায়ণ দাসের নন্দন।
মুকুন্দের পুত্র রঘুনন্দন ঠাকুর।
বঘুনন্দনের পুত্র নাম শ্রীকানাই।
তথাহি—ভজিরত্বাকরে—১৩ ভর্ক

Super parts and the super supe

কৈশোরে কানাইর ক্রমে হৈঙ্গ পুত্রদন্ত। শ্রীমদন আর বংশী ভক্তি রশময় D তথাহি—শ্রীরাধাকুফ রসকল্লবল্লী—৩য় কোরক

জয় জয় শ্রীমুকুল দাস শ্রীনরহার। জয় শ্রীরঘুনলন কলর্প মাধুরী ।
জয় প্রাড়ু কুপাময় ঠাকুর কানাঞি। ত্রিভূবনে যার বংশে তুলনা দিতে নাঞি ।
জয় শ্রীরায় ঠাকুর মদনমোহন নাম। তাহার তনয় পঞ্চ সর্বব গুণধাম ।
তাঁর বংশে মোর ইষ্ট ঠাকুর রতিকান্ত।

তথাহি—শ্রীরাধাকৃষ্ণ রসকল্লবল্লী—৫ কোরক

জয় রতি পতি প্রভু পতিত পাবন। য়য় ঠাকুর পুত্র নাম শ্রীশচীনন্দন।
মধ্যম ঠাকুর পুত্র নাম গ্রীপ্রাণবল্পত নাম। যাদবেন্দ্র ঠাকুর কনিষ্ঠ অলুপাম।
আমার প্রভুর অনুজ্জ ঠাকুর ঘনশ্যাম। তাহার তনয় প্রীপুরুবোত্তম নাম।
ব্রীপশুবাদী নারায়ণ দাদের তিন পুত্র মুকুন্দ, মাধ্ব, নরহরি। মুকুন্দের পুত্র
রত্মন্দন। তাঁহান পুত্র ঠাকুর কানাই। তাঁহার পুত্রদয় বংশী ও মদন।
মদনের পাঁচ পুত্র। রতিপতি, ঘনশ্যাম প্রভৃতি। রতিপতির তিন পুত্র
শচীমন্দন, প্রাণবল্লভ, যাদবৈন্দ্র ঠাকুর। রতিপতির কনিষ্ঠ ল্রাভা ঘনশ্যামের
পুত্র পুরুবোত্তম।
নরহরি সন্তকার ঠাকুরের পূর্ব্ব বংশ বিবরণ সম্পর্কে বর্ণন যথা—

অপি দীক্ষিত বৈঞ্ব মন্ত্রেন পন্থ ঠকুরঃ। বিপ্রদি সকলানু বর্ণান্ লোকনুগ্রহ তৎপরঃ।

আচার গুরুভক্তচিত্তো গোবিন পাদার্চন লুপ্ত পাপঃ।

(সঃ পঞ্জিকা)

পন্থদাস শ্রীগোপীনাথ বিগ্রহ সেবা হাপন করেন ৷ পন্থদাসের তুই পুত্র নীলকণ্ঠ ও দেবলী দাস (বস্লান সেনের সমসামন্ত্রিক)

দেবলীদাদ-শূলপণি ডোমন-হরি-ঈশান-নায়ক-বামন কার্ত্তিকের পুত্র নারায়ণ, তৎপুত্রই নরহার সরকার ঠাকুর। ব্রজনীলার মধুমতী স্থাই জ্রীখতে জ্রীনরহারি সরকার ঠাকুর নামে আবির্ভত্ত হন।

তহাহি—শ্রীনরহরি শাখা নির্ণয়ে
বৃন্দাৰনে প্রাণসথী নাম মধুমতী।
নীলৰন্ত্র পরিধান গৌর কলেবর।
মধুপান পুষ্প যোগান চামর ব্যাক্তন।
সথী দূতী দাসী এই তিন অভিমান।
অন্তকুঞ্জ মধ্যে কোণে উপকৃঞ্জ হয়।
শ্রীমজ্যপ গোসামীপোক্তং:—

অষ্ট দখী সঙ্গে ৰাসন্তী কুঞ্জে স্থিতি ॥
রাধারুফ্ অভিমত সেবাতে তৎপর ॥
অক্ত মার্জনাদি আর পাদ সন্ধাহন ॥
গান্ধবির অনুগাহন যুথের প্রবীন ॥
প্রিয়স্থী প্রাণস্থী পৃথক আগ্রয় ॥

জ্ঞীবৃন্দাবনবাসিনো রসবতী রাধা ঘনগ্রাময়ো।
রসোল্লাস রসাত্মিকা মধুমতী সিন্ধারূগা যা পুরা ।
সোহয়ং জ্ঞীসরকার ঠকুর ইহ প্রেমার্থিনাং প্রেমদঃ ।
প্রেমানন্দ মহোদধি বিষয়তে জ্ঞীথগুভূথগুকে ।

তৈতত্তের সঙ্গে প্রকট নরহরি দাস। তাহার সঙ্গে সখীগণ রহে আশপাশ ।
নরহরি ঠাকুর জ্রীগৌরাঙ্গসহ নদীয়া দীলায় সংকীর্ত্তন বিশাস করিয়াছিলেন।
মহাপ্রভুর আবির্ভাবের বহুপ্রের জ্রীনরহরি সরকার ঠাকুরের আবির্ভাব।
এতদ্বিষয়ে তাঁহার আতৃত্প, ত্র জ্রীরঘুনন্দনের শিশ্য জ্রীশেশর রায়ের বর্ণন যথা---

রঘুনন্দনের পিতা, মৃকুন্দ যাহার প্রাতা, নাম তার নরহরি দাস।
রাঢ় বঙ্গে স্থপ্রচার, পদবীতে সরকার, প্রীথও গ্রামেতে বসবাস।
গৌরাঙ্গের জন্মের আগে, বিবিধ রাগিণী রাগে, ব্রজরস করিসেন গান।
হেন নরহরি সঙ্গ, পাত্রতা পহুঁ প্রীগৌরাঙ্গ, বড় স্থাও জুড়াইলা প্রাণ।
পহুঁর দক্ষিণে থাকি, চামর ডুঙ্গায় সধী, মধুমতী রূপে নরহরি।
পাপিয়া শেখর কয়, তার পদে মতি রয়, এই ভিক্ষা দেও গৌরহরি।
শীমমহাপ্রভুর সম্যানের পর প্রতি বংসর গৌড়ীয় বৈফবগণের সঙ্গে নীলাচ্লে

গমন করিরা রথাত্রে কীর্ত্তনাদি করতঃ চতুর্মান্ত প্রভুর সমীপে অবস্থান করিতেন। একদা প্রভূ নিত্যানন্দ শ্রীখণ্ডে গমন করিলে মধুবং জল পান করাইয়া ছিলেন। এ বিষয়ে পদকর্ত্তা উদ্ধব দাদের বর্ণন যথা—

তে শুনি নরহরি, নিকটে তেঞ্জল ভরি, সেই জল ভাজনে ভরিয়া ।
আনিয়া ধরিল আগে, যমু স্লিগ্ধ মিষ্ট লাগে, গণসহ খায় নিত্যানন্দ।
যত জল ভরি আনে, মধু হয় ততক্ষণে, পুনঃ পুনঃ খাইতে আনন্দ।
মধুমতী মধুদান, সপার্যদে করি পান, উনমত্ত অধ্যৃত রায়।
হাসে কান্দে নাচে গায়, ভূমে গড়াগড়ি যায়, উদ্ধব দাস রস গায়।

প্রেছ নিত্যানন্দকে যে পুক্ষরিণী হইতে জল আনিয়া পান করিতে দিয়াছিলেন সেই পুক্ষরিণী অত্যাপি মধু পুক্রিণী নামে বিভ্যমান, জ্রীগোরাসের অন্তর্জানের পূর্বের পঞ্চম বর্ষীয় বালক জ্রীনিবাদ আচার্য্য গলা মান উপলক্ষ্যে জ্রীথণ্ডে আদিয়া জ্রীনরহরি সরকার ঠাকুর সহিত মিলত হয়। তাঁহার নির্দেশ মত জ্রীমন্ত্রাগবত অধ্যয়নের জন্ম নীলাচলে গমন করেন এবং পরবর্ত্তীকালে তাঁহারই নির্দেশে বুন্দাবন গমন করেন। নরহরি ঠাকুর জ্রীগোর অন্তর্জানের পর বহুকাল প্রকট ছিলেন। জ্রীনিবাদ আচার্য্য বুন্দাবন হইতে গোস্বামী গ্রন্থ লইয়া গৌড়দেশে আদিলে দে সময়ও নরহরি ঠাকুর প্রকট ছিলেন এবং তাঁহারই নির্দেশে জ্রীনিবাদ আচার্য্য দাবন করেন। কিছুদিন পরে জ্রীনিবাদ আচার্য্য বুন্দাবন গমন করিলে, নরহরি ঠাকুর অন্তর্জান করেন। কাত্তিক মাদে গদাধর দাদ অন্তর্জান করিলে বিরহে মৌন ব্রত ধারন করতঃ অগ্রহায়ণ মাদের কৃষ্ণা একাদশীতে নরহরি ঠাকুর অন্তর্জান করেন।

তথাহি—ভক্তিরত্নাকর—৯ তরত্ব

অগ্রহায়ণ কৃষ্ণা একাদশী সর্ব্বোপরি। যাতে অদর্শন শ্রীঠাকুর নরহরি॥
শ্রীরঘুনন্দন তাঁহার ভিরোধান উৎসব অনুষ্ঠান করেন। উক্ত অনুষ্ঠানে তৎকালীন প্রকট শ্রীগোরাঙ্গ পার্যদগণ উপস্থিত ২ইয়াছিলেন। শ্রীনিবাস আচার্য্য
উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রভু নিত্যানন্দের পুত্র প্রভু বীরচন্দ্র উক্ত ।
অনুষ্ঠানে যোগদান করতঃ প্রভুত অপ্রাকৃত লীলার প্রকাশ করিয়া এক অন্তর্কে
দৃষ্টিশক্তি প্রদান করেন। অভাপি শ্রীগণ্ডে উক্ত অনুষ্ঠান মহাসমারোহে

ষ্ঠিত হয় । শ্রীনরহার ঠাকুরের সময়েই শ্রীখণ্ডে শ্রীগৌরাস মূর্তি স্থাপিত হয়। নরহরি ঠাকুরের শিত্ত কুলাইবাসী যাদব কবিরাজ জ্রীমন্মহাপ্রভুর স্বপ্নাদেশে নিম্বকাষ্ঠের দ্বারা ভিনমূর্ত্তি জ্রীগৌরাক নির্মান করিয়া নরহরি ঠাকুরের হস্তে অর্পণ করেন।

তথাতি-জীনরহরি শাখা নিণ্য

কুলাই গ্রামেতে ছিলা যাদব কবিরাজ। দৈত্যারি কংসারি ঘোষ কায়ন্ত এ সব । মহাপ্রভুর সেবা করি মানস করিলা। স্বপ্ন যোগে মহাপ্রভু ভারে আজ্ঞা দিলা এক নিম্ব বুক্ষে বিগ্রহ করহ নির্মান। মমুখারূপে বিশ্বকর্ম্মা করিবে বিধান । ছোট বভ মধ্যম তিন ঠাকুর বানাইয়া। সেইকালে দরকারে বিগ্রহ সমর্পিলা ॥ ছোট ঠাকুর আনিলেন খণ্ডের বাড়ীতে। মধ্যম পাঠাইলা গঙ্গানগর দেখাতে। যার আকর্ষণে তিন ভুবনে ভুলায় ॥ বড ঠাকুর বড রূপ কাঁহা নাহি যায়। অচ্যাপি জ্রীপার্ট শ্রীখণ্ডে শ্রীগোর গোপীনাথ বিরাজ্মান।

शालिन दियम्य भारकर्षाभारतत भारतिएय

অ---

অকিপ্রত দাস অকিঞ্চন দাসের নাম জীনরহরি দাসের নামায়ত সমুদ্র গ্রান্থের বর্গনে পাওয়া যার।

শ্বিক্তন দাস । কুপা করহ অশেষ। দেখি যেন জ্রীগোরচন্দ্রের ভাষাবেশ ॥" (
অকিঞ্চন দাস খৃষ্টীয় যোড়শ শভাব্দীর শেষ ভাগে ক্রিজগন্নাথ বল্লভ নাটকের
পদ্যানুবাদ করেন। অকিঞ্চন দাসের ভনিতা যুক্ত গৌর ও কৃঞ্জীলা বিষয়ক
পদ পাওয়া যায়।

অভিরাম দাস—ইনি পাট পর্যাটন ও অভিরাম ঠাকুরের শাখা নির্ণ য় কুদ্র গ্রন্থর রচনা করেন অভিরাম শাখা নির্ণ হাঁর গুরু পরিচয় যথা—
শন্ত্রীরত্বের্ণর পাদপদ্ম করি ধানে। সংক্ষেপে রচনা কৈল দাস অভিরাম"।
জীখণ্ডবাসী রাম গোপাল দাস ১৫৯৭ শকাকে শ্রীপাট নির্ণয় গ্রন্থ রচনা করিলে
ভাহা দেখিয়া চুম্বক সহ গ্রহন কয়তঃ পাট পর্যাটন রচনা করেন।
শোট নির্ণয় গ্রন্থে আছয়ে বিস্তার। তা দেখি এই চুম্বক হইল নির্দ্ধার ।
শাট পর্যাটন এই সমাপ্ত হইল। অভিরাম দাস তাহা গ্রথিভ করিল।"
পদমেরু ও পদরত্বাকর গ্রন্থে দ্বিজ অভিরাম ও অভিরাম দাস ভণিতা যুক্ত

গোবিন্দ বিজয় ও কৃষ্ণমঙ্গল গ্রন্থের রচয়িতা— গৌড়ীয় বৈষ্ণব অভিধান (১১৫০ পৃষ্ঠা)

অনস্ত দাস—অনস্ত দাস বৈষ্ণব পদাবলী সাহিত্যের লেখক। পদকল্লতক গ্রন্থে অনস্ত, অনস্ত দাস, অনস্ত আচার্যা, অনস্ত রায় ভণিতা যুক্ত কভিপয় পদ দেখা যার। সমস্ত পদগুলি গৌর নিত্যানন্দ মহিমা মূলক। তবে ইহাদের বিশেষ কোন পরিচিতি পাওয়া যায় না। চৈত্য চরিভামতে অনৈত শাখায় অনস্ত দাস বিষয়ক বর্ণন—

"অনস্ত দাস, কারু পণ্ডিত, দাস নারায়ণ অনস্ত আচার্য্য বিষয়ক—অনৈত শাখায় "চক্রেপানি আচার্য্য আর অনস্ত আচার্য্য অনস্ত আচার্য্য বিষয়ক—গদাধর শাখাষ "অনস্ত আচার্য্য কবি দত্ত মিশ্র নয়ন ॥" জীয়ত্বনাথ দাস কৃত জীগদাধর শাখা নির্ণয়ে ৩ জন অনস্থ আচার্য্যের নাম পাওয় যায়। পদাবলী রচনা কাহার তাহা স্যোগ্য প্রমাণ পাওয়া যায় না। প্রভুগ্রামাননের শিষ্য দামোদরের শিষ্য এক অনস্থ রায় পাওয়া যায়। আজারাম দাস আজারাম দাস প্রভুনিতাাননের শিষ্য। জীগতে তাঁহার জীপাট। প্রেমবিলাস বচয়িতা নিত্যানন্দ দাসের পিতা। তাঁহার জীরা নাম সৌদামিনী।

প্রেমবিলাস---২ ৽ বিলাস

শ্মাতা সৌদামিনী পিতা আত্মারাম দাস। অন্বৰ্ষ কুলেতে জন্ম ক্লীখণণ্ডেকে বাস ॥" পদকল্পতক্ত ও ক্লণদাগীতচিম্বামিনি গ্রন্থে আত্মারাম দাস ভণিতাযুক্ত পদ রচিয়াছে। পদ তুইটি নিজানন্দ মহিমা মূলক। একটি ক্রীকৃষ্ণ বিষয়ক প্রার্থনা পদ। কর্ণপুর কবিরাজ কৃছ ক্রীমিনাসাচার্যা গুণলেশ স্চকের ৮৬ শ্লোকে আত্মা দাসের নাম পাওয়া যায়। খ্রীনিবাসাচার্যোর তিন জন আত্মারাম দাস শিয়া ছিলেন। কে পদ কর্তা তাহা বিচার্যা।

আনন্দ চাঁদ—পদকল্পতক প্রন্তে আনন্দ চাঁদ ও আনন্দ দাস ভণিতা যুক্ত পদ রহিয়াছে। আনন্দ দাস শ্রীগোবাল পার্যদ শ্রীজগদীশ পণ্ডিতের পঞ্চম অধক্তন। ইনি জগদীশ পণ্ডিতের অন্তশিষা ভাগৰতানন্দের স্বপ্নাদেশে জগদীশ চবিত্র বিজয় নামক গ্রন্থ রচনা কলেন। আনন্দর্টাদ, আনন্দ দ'স ও উভিয়ে এক কিনা বিচার্যা। পদকল্পতক প্রন্থে আনন্দ চাঁদ, আনন্দ দ'স ও আনন্দ ভণিতা যুক্ত পদ পাঁওয়া যায় ।

আগর ওয়ালি — উত্তর, পশ্চিমাঞ্চলের জনৈক মুস্লমান বৈঞ্চব কবি।
ব্রজ ভাষার পদাবলী রচিবিতা। পদকল্পতক্ষ ২৮৩৪ সংখক পদটি ইহার রচনা—
দেখ দেখ প্রীতম প্যারিক সোহাগে ইত্যাদি (বৈঞ্চব জীবন)।

উ--

উদ্ধব দাস—মুর্শিদাবাদ জেলায় টেঁয়া গ্রামে খৃঃ ১৮শ শতাব্দীর প্রারম্ভে জন্ম হয়। ইহার প্রকৃত নাম কৃষ্ণকান্ত মজুমদার। ইনি মালীহাটির জ্রীনিবাস আচার্ব্য বংশীয় জ্রীরাধামোহন ঠাকুর শিষ্যও পদকল্লতক সঙ্কলয়িতা গোকুলা-নন্দ সেনের (বৈক্ষব দাস) বন্ধু ছিলেন। বাংলা ও ব্রহ্নবুলি ক্রায় ব্রু পদ মচনা করেন। (বৈষ্ণব জীবন)। কৃষ্ণ কান্ত ভণিতা যুক্ত ও বহু পদ পাওয়া ধার ৷ বহাতাভু, নরহরি, অভিরাস, বুন্দাবন দাস, জ্রীজীব গোস্বমী, কৃষ্ণ দান, কৰিরাজ, কবি কর্ণপুর ও জ্রীনিবাস আচার্য্যাদির স্চক স্বচনা করেন। জীনিবাস, নরোত্তমে পার্যন বর্গের মহিমা বর্ণন বর্থা---

🐣 🛅 রাখা মোহৰ পদ, যার ধন সম্পদ, নাম গার উদ্ধব দাস।" **শাখার আর এক উদ্ধব দাসের নাম পাও**য়া যায়। তাহার পদাবলী সাহিত্যে অবলাদ আছে কিনা জানা যায় না

উদয় আদিত্য—উদয় আদিত্যের কোন পরিচয় পাওয়া যায় না। হরে কৃষণ মুখোপাধ্যায়ের বৈষ্ণব পদাবলী গ্রন্থে উদয় আদিত্য ভণিতাযুক্ত আক্ষেশানুরাগের একটি পদ পাওয়া যায়।

ক—

ক্রবিরঞ্জন—ক্ষিরঞ্জন শ্রীখণ্ডের বৈচ্যকুলে আধিভূতি হন। তিনি শ্রীখণ্ডধাসী শ্রীরঘুনন্দনের শিশু ছিলেন।

ভথাহি—শ্রীরঘুনন্দন শাখা নির্ণয়ে :--

ভার হয় শ্রীরঘুনন্দনে ভক্তি বড়। গীতেষ বিগ্যাপতি বদ বিলাসঃ। রূপেযু নির্ভংসিত পঞ্চৰানঃ।

কবিরঞ্জন বৈজ্ঞ আছিলা খুওখাসী। যাঁহার কবিতা গীত ত্রিভূবন ভাদি॥ প্রভুর বর্ণনা পদ করিলেন দৃঢ় । শ্লোকেয়ু সাক্ষাৎ করি কালিদাসঃ॥ জীরপ্রনঃ সর্বব কলানিধানঃ॥

ছোট বিত্যাপতি বলি যাহার খেয়াতি। যাহার কবিতা গানে ঘুচায় তুর্গতি । পদকল্পতার, রাখাকৃষ্ণ রস কল্লবদ্ধী প্রভৃতি গ্রন্থে কবিরঞ্জন ভনিতা যুক্ত বহু পদ উল্লেখ রহিয়াছে ৷

কবিকণ্ঠহার — কবিকণ্ঠহারের কোন পরিচয় পাওয়া যায় না। পদরত্বাকর গ্রন্থের কয়েকটি কবিকণ্ঠহার ভনিতা যুক্ত পদ পাওয়া যায়।

ক্রমলাকান্ত দাস—১২২৩ বঙ্গাব্দে "পদম্পাকর" নামক গ্রন্থ সঙ্কলন ক্রিয়াছিলেন ৷ ইহাতে ৪০ তরকে ২০৫৮টি পদ সমাহত হইয়াছে (বৈঞ্ব कीवन)।

কালাই খুটিয়া—কানাই খুটিয়া উড়িয়াবাসী গ্রীগৌরাঙ্গ পার্যদ ও গ্রীজগন্ধাপ দেবের দেবক। জন্মান্তমী দিনে মহাপ্রভু নন্দোৎসব করিলে কানাই খুটিয়া নন্দবেশ ধারন করতঃ নৃত্য করিয়াছিলেন।

> তথাহি—শ্রীচৈঃ চঃ মধ্যে ১৫ পরিচ্ছেদ কানাই খুটিয়া আছেন নন্দবেশ ধরি।

তাঁহার বংশ পরিচয় সম্পর্কে বৈষ্ণব বন্দনা ৰাক্য যথা—
"কানাই থুটিয়া ৰন্দো বিশ্ব পরিচার। জগন্নাথ বলরাম তুই পুত্র যার।
বন্দো উড়িয়া বলরাম দাস মহাশয়। জগন্নাথ বলরাম যার ৰশ হয়।
জগন্নাথ দাস বন্দো সঙ্গীত পণ্ডিত। যার গান রসে জগন্নাথ বিমোহিত।
কানাই খুটিয়া ভানিতা যুক্ত পদ দেখা যায়।

কান্ত ভনিতা যুক্ত তুইটি পদ পাওয়া যায় কিন্তু তাঁহার পরিচিতি বিষয়ক কোন তথ্য পাওয়া যায় না।

কালুরাম দাস—কামুরাম দাস শ্রীনিভানিন্দ পার্যদ ধনপ্রয় পণ্ডিতের বংশধর।
ধনপ্রয় পণ্ডিতের পুত্র যত্ন চৈত্ত গ্র ঠাকুর। তার চার পুত্র জয়রাম, রামকানাই
পরগুরাম, গঙ্গারাম। রামকানাই কামুরাম নামে প্রসিদ্ধ। জলুন্দী গ্রামে
তাঁহার জ্রীপাট। তিনি জলুন্দী, পাটে ধনপ্রয় পণ্ডিত কর্তৃ ক্রীরাধাবিনোদ
দেবা স্থাপন প্রসঙ্গকে স্চকাকারে বর্ণন করেন।

ভথাহি-স্চকে

কাঙ্গাল ভোগের সেবা শুন বাছাধন। জলুন্দীতে বিনোদ সেবা গায় সর্ববজন। পণ্ডিত ঠাকুরের আজ্ঞা পাইয়া চৈতন্ত। কানুরাম গুন গায় নিজে মানি ধন্ত। বৈষ্ণব সাহিত্যে আর এক কানুরাম দাসের নাম দেখা যায়। তিনি শ্রীনিবাসা-চার্যা কন্যা শ্রীহেমলতা ঠাকুরাণীর শিশ্ব।

ভথাহি—কর্ণানন্দ—২ নির্য্যাস "কামুরাম চক্রবর্ত্তী সেবক তাহার ।"

পদকল্পতক গ্রন্থে কানুরাম কানুদাস ভনিতা যুক্ত পদাবলী দেখা যায়। কাছু দাস, কানুরাম দাস এক কিনা ৰলা সুকঠিন। পদকল্পতক গ্রন্থে ৰানুরাম দাস কৃত পদগুলি শ্রীকৃষ্ণসীলা বিষয়ক আর কানুদাস কৃত পদগুলি গৌরনিভ্যানন্দ বহিমা বিষয়ক। অবশ্য একই পদকর্তার সৌর-কৃষ্ণ উভয় বিষয়ক পদ পরিচুত্ত হয়। বৈকৰ জীবন প্রস্থে পদকর্তা হিসাবে ছুই কামুদাসের উল্লেখ রহিয়াতে।
5 । রসিক মঙ্গল গ্রন্থ মতে রসিকানন্দ প্রভুর শিল্প। মেদিনীপুরের শারেন্দা প্রামবাসী পদাবলী রচনা করিয়াছেন।

২। সদাশিব কবিরাজের পুত্র পুরুবোত্তম দাসের ওরসে জাহ্নবাদে গার গর্ভে কানু ঠাকুরের জন্ম হয়। শ্রীপাট সুখ সাগরে সত্যজাত শিশু রাখিয়া জাত্যুবা দেবী অন্তৰ্দ্ধান করিলে দ্বাদশদিনের শিশু লইয়া প্রভূ নিত্যানন্দ খড়দতে আগমন করেন। নিজানন পত্নী জাহ্নৰাদেৰী ভাগকে পালন করেন। পুক্ষোত্তমেব পত্নীর সচ্চে নিতানন্দ পত্নীর স্থীভাব ছিল। কানু ঠাকুরের জন্ম সম্পর্কে এক রহস্য রহিয়াছে। একদা স্থ্যসাগরে মৃত্তিকা খনন কালে কৃন্তকারণণ ভূগর্ভে এক সাধুর দর্শন পান। কোদালি তাহার ক্ষন্ধে লাগিয়া ছিল। ব্রনের উজ্জল সধা এইকানে ভূগর্ভন্থ ছিলেন। কুম্ভকারগণ কর্তৃক উথিত হুইলে বাহ্যজ্ঞান হওয়ায় ক্ষুধা তৃষ্ণার উদ্বেগ হইল। তিনি খাগ্য গ্রহনের অস্ত পুরুষোত্তম পণ্ডিতের গৃহে উপনীত হইলেন। পুরুষোত্তমের পঞ্চী স্যভনে ভাহাকে ভক্ষ্য প্রদান করিয়া পুত্ররূপ পরিগ্রহে ভাহার ভবনে রহিভে বলিলেন। তখন ভাহার কোন সন্তান ছিল না। সাধুবর ৰলিলেন, এদেহে থাকা সম্ভব নয়। আমি পুত্ররূপে ভোমার গর্ভে জন্মগ্রহন করিব। চিহ্ন স্বরূপ স্কন্ধে কোদালীর দাগ দেখিতে পাইবে। তবে এবাক্য কাহাকেও বলিলে তখনই তোমার মৃত্য ঘটিবে। ভারপর কতদিন গত হইবার পর দেই সাধুবর পুত্ররূপে ভূমিন্ট হইলে মাতা অধীর আগ্রহে স্বরের দাগটি নিরক্ষণ করিয়া ঈষৎ হাস্তা করেন। ধাত্রী হাস্তোর কারন জানিতে চাহিলে ভিনি পূর্বব উপাখ্যান বলিলেন। এমনিই তৎক্ষনাৎ তাহার মৃত্যু ঘটিল। সগুজাত শিশুকে লইয়া পুরুষোত্তম মহাবিপাকে পড়িলেন। তখন ইষ্টুদেব নিত্যানন্দ শ্বামকে আকৃল পানে স্মরন করিতেই প্রভু আসিয়া সেই পুত্রের পালনের ভার গ্রহন করিলেন। জাহ্নবার স্নেহে কানুঠাকুর বিদ্ধিষ্ট হইতে লাগিলেন। কতদিন পরে ছাহ্যবা সহ বৃন্দাবনে গমন করিয়া বংশীনাদ করেন। নৃত্যকালে ভাহার দক্ষিন চরণের তুপুর খসিয়া যায়। ৰাহ্যস্থৃতি হইলে তুপুর না পাওয়ায় বলিলেন, এই রূপুর যেন্থানে পতিত ইইরা তথায় খ্রীপাট স্থাপন করিব।

সেই মুপুর যশোহরের বোধখানায় পতিত হইয়াছিল। ঠাকুর কানাই বৃন্দাবশ হইতে বোধখানায় আদিয়া জীপাট স্থাপন করেন। কতক কাল অবস্থানের পর স্ত্রীপুত্র পরিজনের অজ্ঞাতে কয়েক মূর্ত্তি শালগ্রাম শিলালইয়া তিনি সন্মাদীরবেশে মেদিনীপুরের গড়বেতা নামক স্থানে অবস্থান করেন। একদা শিলাবভী স্নানকালে একমৃত বিপ্রস্তুতকে পাইয়া তাহাকে প্রানদান করতঃ রামচন্দ্র নাম রাখেন। এখানে কিছুকাল অবস্থানের পর অন্তর্দ্ধান হন। অজ্ঞাপি পড়বেতার তাঁহার সমাধি বিভ্যমান। পদাবলী রচনায় ইহার কৃতিত রহিয়াছে।

কামদেব দাস— বৈষ্ণব সাহিত্যে তুই কামদেবের নাম পাওয়া যায়। এক কামদেব পণ্ডিত অদ্বৈত প্রভুর শিষ্ম। ২য় কামদেব মণ্ডল শ্রীনিবাস আচার্য্য

তথাহি - কর্ণানন্দ > নির্যাস

"তবে প্রভূ কামদেব মণ্ডলে কুপা কৈল।

নিগৃঢ় তাঁহার ভাব কে কহিতে পারে। রাধাকৃষ্ণ লীলা ফ**ুরে যাহার অস্তরে।** তাঁহার তুই পুত্র রাধাবল্লভ দাস ও রমন দাস ।

শীরাধাবল্পভ দাস রমন দাস মহাশয় । কামদেব মগুলের যুগল ওনয় ।
কামদেব দাস ভণিতা যুক্ত পদ দেখা যায়।
কিশোরী দাস—পদর্গাকরাদি গ্রন্থে কিশোরী দাস ও কিশোর দাস ভণিতা

যুক্ত পদ পাওয়া যায়।

কিশোরী দাদ প্রভূ শ্রামানন্দের শিষ্ম । পিতা মসময়, খ্রতাত বংশী ও মথুরা দাস। রসিক মঙ্গল প্রণেডা জ্রীগোপীঞ্জনবন্ত্রভ দাস কিশোরী দাসের জ্যেষ্ঠ ভ্রাতা।

কুমুদানন্দ—গ্রীনিবাস আচার্য্য প্রভূর শিশ্ব I

তথাহি-কর্ণানন্দ-১

কুমুদানন্দ ঠাকুরে প্রভু দয়া কৈল । প্রভু রূপা পাইয়া যি হো কুভার্থ হৈল ।
কুমুদানন্দ ভণিতা যুক্ত পদ দেখা যায় ।

কৃষ্ণকান্ত —পদংগ্ৰা উদ্ধব দাসের নামান্তর (উদ্ধব দাস ডঃ) পদংগ্ৰভক এত্তে কৃষ্ণকান্ত ভণিতা যুক্ত পদাবলীর উল্লেখ রহিয়াছে। কৃষ্ণ দাস—পদকল্পভরু গ্রন্থে কৃষ্ণদাস নামে বহু পদ রহিয়াছে। শ্রীগোরাপ পাষদ মধ্যে বহু কৃষ্ণদাস রহিয়াছেন। দেখক হিসাবেও কয়েক জন আছেন। কোন পদটি কাহার বুঝা অসম্ভব ব্যাপার।

১। লেখক হিসাবে সর্বজনাদৃত ঐতিচতত চরিতামৃতের গ্রন্থকার গ্রীল কৃষ্ণাস গোস্বামী। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী কাটোয়ার নিকট ঝামটপুরে তাঁহার শ্রীপাট। তিনি নিত্যানন্দ প্রভুর স্বপ্নাদেশে বৃন্দাবনে গমন করেন। (গোড়ীয় বৈষ্ণব অভিধানের বর্ণনে তাঁহার পিতার নাম ভগীরথ, মাতার নাম স্থনন্দা, প্রাতা শ্রামদাস ১৪২৮ শকাব্দে কাটোয়ার নিকটে ঝামটপুর গ্রামে বৈশ্যকুলে জন্ম গ্রহন করেন। পিতা তিকিৎসা ব্যবসা করিতেন। কৃষ্ণদাসের ছয় বৎসর বয়ঃক্রম কালে তিনি দেহ রক্ষা করেন। গ্রজ্ঞা তুই প্রাতা পিতৃত্বসার গৃহে প্রতিপালিত হন। বাল্যকাল হইতেই ইহার প্রবল বৈরাগ্যের উদয় হয়। গ্রজ্ঞ বয়ঃপ্রাপ্ত হইয়া প্রাতার হস্তে সমৃদয় বিষয় অর্পন করতঃ হরিনামে উন্মন্ত হয়েন। পরে বৃন্দাবনে গমন করেন। গ্রথং রব্বনাথ দাস গোস্থামীর আমুগত্যে রাধাকৃণ্ডে অবস্থান করেন। গ্রীরাধাকৃষ্ণলীলা অবলম্বনে গ্রীগোবিন্দ লীলামৃত গ্রন্থ সংস্কৃত্ত ভাষায় রচনা কবায় তাঁহার অগাধ পাণ্ডিত্য ও কাব্য প্রতিভার বিশেষ প্রকাশ পায়। তখন বৃন্দাবনবাদী বৈষ্ণবগণ তাহাকে মহাপ্রভুর শেষ দীলা বর্ণনের জন্ম অনুরোধ করেন।

তথাহি—জ্রীচৈতন্য চরিতামূতে আদি ৮পরিচ্ছেদ

"আর যত বৃন্দাবনে বৈদে ভক্তগণ। শেষদীলা শুনিতে সনার হৈল মন। মারে আজ্ঞা করিল সবে করুণা করিয়। তাঁ সবার বোলে লিখি নিলর্জ্জ হইয়া ॥ কৃষণাস করিয়াত্র বৃন্দাবন দাস ঠাক্রের সূত্র, স্বরূপ দামোদরের কড়চা ও রঘুনাথ দাস গোস্বামীর শ্রীমুথে মহাপ্রভুর শেষদীলা শ্রবন করিয়া ১৫০৩ শকাবে "শ্রীচৈতন্য চরিজামৃত" নামক গ্রন্থথানি রচনা করেন। বিষ্ণুপুরে গ্রন্থ চুবীর সংবাদে তৃঃথে রাধাকৃতে ঝাঁপ দেন। পরে দাস গোস্বামীর অন্তর্জানের পর অপ্রকট হন।

২। শ্রীবিশ্বনাথ চক্রবর্তীর শিশ্য। ইনি বিশ্বনাথ কৃত চমংকার চন্দ্রিকা, মাধুর্ঘ্য কাদন্দিনী, রাগ বর্ম চন্দ্রিকা ভাগবতামৃত কণা, ভক্তি রসামৃত সিন্ধু বিন্দু উজ্জ্বলের কিরণ প্রভৃতি গ্রন্থের বঙ্গামুবাদ করেন। তাহার বিশেষ কোন পরিচিতি পাওয়া যায় না। তবে তিনি বৈরাগ্য লইয়া রাধাকুণ্ডে বাস ৰবিয়া ছিলেন ও কানুদাসের সঙ্গ লাভ করিয়াছিলেন। তাহা চমংকার চন্দ্রিকার তৃতীয় কুতৃহলে বর্ণন করিয়াছেন।

''রাধাকুণ্ডে দিল বাস. ভাহে নাহি বিশোয়াস, মন সদা হুন্ত পথে ধায়॥

বিখনাথ চক্রবর্ত্তী, তাঁর কৃপা বলে ক্ষ্বর্তি, এ লীলা বর্ণনে হৈল আশ । কানুদাস সল পায়া, সাহসে পূরিল হিয়া, ক্ষহে দীন হীন কৃষ্ণাস ॥

ত। কৃষ্ণদাস শ্রীনিবাস আচার্য্য প্রভূর শাখাভূক। নামান্তর শাসদাস।
নাভালীকৃত হিন্দী ভক্তমাল গ্রন্থের রঙ্গভাষায় অনুবাদ করেন। তিনি
উপাসনাচন্দ্রায়ত নামে একটি গ্রন্থ রচনা করেন, তাহাতে গুর্ব্বাদি বন্দনে
নিজগুরু পরিচয় প্রদান করিয়াছেন।

গৌরাল বল্লভাদেনী ঘরণী তাহার। পরাপর গুরু তেঁহ কুপার আগর। তাঁহার কনিষ্ঠ পুত্র ঠাকুর কিশ্যেনী। অতএব ছোট মাডা বলি তার নাম। ঠাকুরাণী মহাশয়া ৰলি খ্যাতি যার ।
ভূমেতে পড়িয়া ৰন্দো তাঁর পদহয় ।
তাহার ঘরণী নাম শ্রীমতী মঞ্চরী ।
আমার পরমগুরু করুণা নিদান ।

শ্রী গুরু চহণে কার অসংখ্য প্রণতি। শ্রীবৃত ঠাকুর নয়নানন্দ চক্রবর্তী।
পদকল্লভক্ত প্রস্থে কৃষ্ণদাস, দান কৃষ্ণদাস, ও গুঃখী কৃষ্ণদাস ভণিতা যুক্ত পদ
দেখা যায় গুঃখী কৃষ্ণদাস প্রভু শ্রামানন্দের প্রথম শীবনের নাম। ফলে
'গুঃখী কৃষ্ণদাস' ভণিতাযুক্ত পদগুলি প্রভু শ্রামানন্দের কিনা বিচার্য্য। শ্রীপৌরী
দাস পশ্তিভের ছোট ভাই কৃষ্ণদাসের পদাবলী রহিয়াছে। 'শ্রামানন্দ প্রকাশ'
গ্রন্থ প্রণেতা ও একজন কৃষ্ণদাস রহিয়াছেন।

কুম্প্রসাদে - কুফপ্রদাদ জীনিবাস আচার্যা প্রভূর কনিষ্ঠ পুত্র গীতগোবিশ্যের পুত্র ও শিষ্কা।

তথাহি-ক্ৰ্ণানন্দ-২ নিৰ্য্যাস

শীগতি প্রভুর শিশ্ব প্রধান তনয়। শ্রীকৃষ্ণ প্রসাদ ঠাকুর গন্তীর হাদয়।
শ্রীফুন্দরানন্দ আর শ্রীহরি ঠাকুর। তিন পুত্র শিষ্য তাঁর তিন ভক্ত শূর।
ইনি একজন পদকর্তা। পদকল্লভক্ত গ্রন্থে কৃষ্ণপ্রসাদ ভণিতা যুক্ত পদের উল্লেখ
রহিয়াছে।

কেশব ভারতি— এতি গোরাকের সন্ন্যাস গুরু। কাটোয়ায় তাঁথার শ্বীপাট। তিনি পূর্বব অবতারে সান্দীপনি মুনি ছিলেন। তাঁথার পরিচয় সম্পর্কে প্রীপ্রেমবিলাস গ্রন্থের বর্ণন—

"বারেন্দ্র ব্রাহ্মণ জ্ঞীকালীনাথ আচার্য্য।
কুলিয়া নিবাসী বিপ্র সর্ববগুনে বর্য্য।
মাধবেন্দ্র শিষ্য হয়া করিলা সন্মাস।
কেশব ভারতী নামে জগতে প্রকাশ ॥

পদকল্পতক্ষ প্ৰান্থে কেশৰ ভারতী ভণিতা যুক্ত পদ দেখা যায়।

প্রাগদাপ্তর ভট্ট—জ্রীগদাধর ভট্ট মোহিণী বাণী গ্রন্থের রচয়িতা। ভক্ত-মালে ইহার ইতিবৃত বর্ণিত রহিয়াছে। কথিও আছে শ্রীজীব গোস্বামী তাঁহার পদ রচনা শুনিয়া অধির আগ্রহে পত্র লিখিয়া ছইজন লোককে তাঁহার সমীপে পাঠাইলেন। পত্রের শ্লোক এই—

শ্রনারাধ্য রাধাপদান্তোজরে কুমনাঞ্জিত্য বৃন্দাটবীং তৎপদান্ধাম,।
অসন্তাব্য তন্তাবগন্তীর চিতান্ কৃতঃ শ্রামসিন্ধােঃ রসস্থাবগাঞ্য ।"
পত্রবাহকত্বর গদাধর ভট্টের প্রামে পৌছিরা তাঁহার সমীপে তাঁহার বাড়ার পরিচয় ক্সিজাসা করেন। তখন তিনি প্রাভঃকৃত্যে ব্রতী ছিলেন। গদাধর ভট্ট আগত ব্যাক্তিত্বয়ের বাস বৃন্দাবন নাম শ্রবন মাত্রেই প্রেমে মূর্চ্ছিত ইইলেন। কিছুক্ষণ পরে পত্রবাহকত্বর তাহার নাম গদাধর ভট্ট জানিতে পারিয়া তাহার হস্তে পত্র প্রদান করেন। পত্র পাঠ মহানন্দে গদাধর ভট্ট তৎক্ষশাৎ বৃন্দাবনে যাত্রা করিনা শ্রীজীব গোস্বামীর সহিত মিলন করিলেন এবং রত্নাথ ভট্ট গোস্বামীর চরণে আত্ম সমর্পন করিলেন। কৃত্যুম সরোবর বাসা শ্রীযুক্ত পত্রিত কৃষ্ণদাস্ত্রি মহারাজ কর্তৃক প্রকাশিক "মাহিনীবানী" ভে পদত্য,ল এইভাবে সজ্জিত হইয়াছে। যোগপীঠ, উপদেশ, বিনয়, ব্রজ্ঞন সম্বন্ধে, বধাই জন্মলীলা নাম মাহাত্মা, বমুনা, বংশী, স্মরণ, বন্দনা, অমুরাগ,

রূপ মাধুরী, জীরাধাবদন শেভো, মান, দান, রাস, বিষাহ, ভোজন, বসস্ত, জীমহাপ্রভুর হোরীলীলা, জীরাধা গোবিন্দের হোরী, বর্ধা ঝুলন, ইভ্যাদি বিষয়ক পদাবলী।

জ্রীদ্বীব গোম্বামীর আম্বাদিত পদ।—

"দখী হো শুামরঙ্গ রঙ্গী। দেখি বিকাই গয়ী বহ মূরতি স্বতি মাহি পগী।

সঞ্চতো অপনো সপনো সো সোল বহীরস খোঈ।
কাগেছ আগে দৃষ্টি পরৈ সখি. নেকু নতারী হোঈ।
ক্রেজু মেরী আঁথিয়নি সে নিসিতোস রতো করি মৌন।
গাই চরাবন আত হুন্তো সখি, সোখে কন্ইয়ো কৌন॥
কাসো কহোঁ কৌন পতি যাবৈ কৌন করে ৰকবাদ।
কেসে কৈ কহি জাত গদাধর, গুঁগে কো গুরুস্বাদ॥"

পদাপ্রর দাস —ইনি মহাভারতের অনুবাদক কাশীরাম দাদের কনির্চ সংগদের। পিতার নাম কমলা কান্ত দাস। গদাধরের অপর প্রাতার নাম কৃষ্ণদাস। কমলাকান্ত দাস পুরীধামে বাস করিয়াছিলেন গদাধর দাসও ঐন্ত নে থাকিতেন (১৭৭০ শকান্তে) পুরী জেলার মাখনপুর প্রামে "পুরুষোজ্য মাহাত্ম্যা" (পরে ঐ প্রস্থের নাম জগৎ মঙ্গল হয়) রচনা করেন। প্রত্রের সর্ববি প্রথমেই প্রীগৌরাঙ্গদেবের বন্দনা করিয়াছেন স্কুতরাং অনুমিত হয় যে গদাধর দাস গৌরভক্ত ছিলেন। ইহার নিবাস অগ্রন্থীপের সমীপে ইন্দ্রাণী গ্রামের নিকট গনি সিংহ গ্রামে।

"ভাগীরথী তটে বাড়ী ইন্দ্রায়নি নাম। ভার মধ্যে প্রতিষ্ঠিত গনিসিংছ গ্রাম। অগ্রন্থীপে গোপীনাথ রায় পদতলে। নিবাস আমার সেই চরণ কমলে।

জগৎ মঙ্গলের প্রথমেই গৌর অবতারের পৌরানিক প্রমান সংগ্রহ ও তাহার অর্বাদ ক রয়া জগতের মজল করিয়াছেন। শেষে আছে — জ্রীচৈ এছা অবতার কথা পুরাতন। ভক্তিভাব করি ইহা শুনে যেই জন । কোটি কোটি জন্ম পাপ তভক্ষণে দাহে। অভক্ত যত তারা নিকটে না রহে। জ্রীকৃষ্ণ হৈ এছা তাঁরে দেন প্রেমদাব। তুলনার নাহিক দিতে তাঁহার সমান।

সাদরে শুনহ নর হেলা না করিছ। ভবসিদ্ধু ভরিবারে তরণী বান্ধহ।
বায়, পুরানের কথা শুনহ প্রাবনে। চৈতন্য চরিত দীন গদাধর ভনে।
গতি গোবিন্দ — গতি গোবিন্দ প্রীগৌরাঙ্গ প্রকাশ মূর্ত্তি প্রীপ্রীনিবাস
আচার্য্যের কনিষ্ঠ পুত্র। প্রীনিবাস আচার্য্যের ভিন পুত্র ও ভিন ক্যা।
বন্দাবন আচার্য্য, রাধাকৃষ্ণ আচার্য্য ও পতি গোবিন্দ এই ভিন পুত্র ও কন্যা
হেমলতা ঠাকুরানী, কৃষ্ণপ্রিয়া ঠাকুরানী, কাঞ্জনগতিকা ঠাকুরানা এই ভিন
কন্যা। প্রভু নিভ্যানন্দের পুত্র বীরচপ্রের পরে গতি গোবিন্দের জন্ম হয়।

একনা বিষ্ণুপুরে প্রভুর বীরচক্র উপনাত হইলে জ্রীনিবাস আচার্য্য জ্যেষ্ঠ ও মধাম পুরের বিরোগ বিরহাক্রান্ত হইয়া প্রভুর সেবারক্ষায় এক পুত্র কামনার প্রভুর পদে নিবেদন করেন।

তথাহি—প্রীনিজ্যানন্দ বংশ বিস্তার। ন্দ্র স্থবক, —

"এক শঞ্চ লব্ধ কিংবা দেন মোরে। স্থাপন করি যে তবে দেশা করিব।রে।
আমি কৈনু অবশ্র সন্তান হবে তোর। তোমার পরীরে আন বিশুমান মোর।
তবে তার পরী আসি প্রাণমিল মোরে। চর্বিবত তামুল ধর বলিন্ তাহারে।
তবে মহাভক্তি করি হস্ত যে পাতিল। অধর তামুল আন তার হস্তে দিল।
কৃতার্থ নানিয়া সেই থাইল অধরায়ত। আমার প্রসাদে পর্ব্ধ হইলা থরিত।
তাহাতে জন্মিল এই তাহার সন্তান। মোর অনুগ্রহ পাত্র কহিন্দু বিধান।
এইভাবে গতি পোবিন্দের জন্ম হয়। কতদিন পরে প্রভু বীরচন্দ্র প্রেম প্রচার
কার্য্যে রাচ্দেশ শ্রমন করিয়া এক চাক্রায় গমন পথে গসাভীরে গতিগোবিন্দের
সহিত মিলন হয়়। গতি গোবিন্দ সমাদরে প্রভুকে স্বভবনে আনিলেন।
তথন গতি গোবিন্দের বয়স ত্রমোদশ বর্ধ। সে সময় প্রভু বীরচন্দ্রের আদেশে
তৎপিতা শ্রীনিব স আচার্য্য তাহাকে দীক্ষা প্রদান করেন। শ্রীজাক্রবা তত্ত্ব
মর্দ্মার্থ প্রস্তে প্রীজাক্রবা দেবীর ও বীররত্বাবলী গ্রন্থে বীরচন্দ্র প্রভু মহিমা বর্ণন
করেন। পদকল্পতক্র প্রস্তে গতি পোবিন্দ নামে নিত্যানন্দ মহিমা মূলক পদ
দৃত্তি হয়।

পৃষ্ঠ বন ।

সিরিপ্রর পাস — শ্রীসিরিধর দাস "পরকীয়া রস স্থাপন সিদ্ধান্ত সংগ্রহ"
নামক গ্রন্থ রচনা করেন। রসকল্লবল্লী গ্রন্থে ইহার নামোল্লেখ রহিয়াছে।
রাখগোপাল দাসকে রসকল্লবল্লী গ্রন্থ সম্পাদনে যাহার উপদেশাদি অর্পন
করিয়াছিলেন, গিরিধর দাস ভার মধ্যে একজন।

তথাহি - রসকল্লবল্লী - ৭ম কোরক

"রামেশ্বর ভট্টাচার্য্য মোরে গ্রন্থ পড়াইলা। গিরিধর চক্রবর্ত্তী অনেক কহিলা" অষ্ট্রস বাখ্যায় গিরিধর দাসের রচিত পদের উল্লেখ রহিয়াছে। ক্রণদা গীত চিস্তামনি গ্রন্থেতে শ্রীগিরিধর দাস বিরচিত পদের উল্লেখ রহিয়াছে। ১৬৫৮ শকাবে 'গীত গোবিন্দ' শ্রীদাস গোস্থামী কৃত মনঃশিক্ষা ও শ্বরণ মঞ্চল গ্রন্থের বঙ্গানুবাদ করেন।

গোবিন্দ আচার্যা—জীগোবিন্দ আচার্য্য শ্রীন গদাধর পণ্ডিভের শিশু শ্রীভূগর্ভ গোস্বামীর শিশু।

তথাহি —শ্রীচৈতত চরিতামৃতে আদি ৮ম পরিঃ—
"পণ্ডিত গোসাঞির শিংয় ভূগণ্ড গোসাঞি।
গৌরকথা বিনা তাঁর মুখে অত্য নাঞি ।
তাঁর শিষ্য গোবিন্দ পূজক তৈতে দাস।
মুকুন্দানন্দ চক্রবর্তী প্রেমী কৃষ্ণ দাস।"

তথাহি — জীশাখা নির্ণয়: —

"ব'ন্দ গোবিন্দমাচার্য্য কৃষ্ণপ্রেম স্থ্রধাময়ম্। গোবিন্দোলাস রসিকং মন্ত্রদেশ নিবাসিনম । গোবিন্দ আচার্য্যের মল্লদেশে নিবাস ছিল। ডিনি শ্রীরাধাকুষ্ণের চরিত্র ধামালী রচনা করেন।"

ভথা।হ—জ্ঞীবৈষ্ণৰ বন্দনা। —
"গোবিন্দ আচাৰ্য্য ৰন্দো সৰ্ব্বগুন শালী।
যে করিল রাধাকৃঞ্চের চরিত্র ধামালী।"

তথাহি— শ্রীচৈতন্য গণোদ্দেশ— "পূর্ব্বেতে বড়াই ঘেষত করিলা ধামালী। সেইমত গোহিন্দ আচার্যোর গীতাবলী।"

তথাহি — গ্রীচৈতন্য তত্ত্বসার — পূর্বের যেন বড়াই করিলা ধামালী। দেইমত গোবিন্দ আচ র্য্য গীতাবলী।"

তথাহি – জ্রীগৌরগণোদ্দেশ দীপিকা – ৪১ শ্লোক পৌর্বাদী ব্রজে যাদীদেগাবিন্দানন কারিণী। আচার্য্য ঞীল গোবিন্দ গীত প্রতাদি কারক: ॥

ব্রজলীলায় অবস্তী নগরবাসী দান্দপনীর মুনির মাতা পৌর্ণমাসী যিনি ব্রঞ্জ বড়াই বলিয়া খ্যাত। ভিনি বাধাকুঞ বিষয়ক লীলাগীত রচনা করভঃ শুক শারীর মাধ্যমে গান করাইয়া শ্রীরাধাকৃষ্ণের স্থুখ প্রদান করিতেন। সেই বড়াই গৌরাঙ্গ লীলায় গোৰিন্দ আচার্য্য নামে অবতীর্ণ হইরা শ্রীরাধাকৃষ্ণ বিষয়ক গীত রচনা করিয়াছেন। শ্রীরাধাকৃষ্ণ রসকল্পবল্লী গ্রন্থের একাদশ কোরকে ধামালী ধৃত পদের উল্লেখ রহিয়াছে।

बोগোবিন্দ চক্রবন্ত্রী—এগোবিন্দ চক্রবর্তী জীনিবাদ আচার্য্যের শিশ্ব। বোরাকুলি গ্রামে তাহার শ্রীপাট। ভিনি বহরমপুরের নিকটবন্তী মহুলা গ্রাম হইতে বোরাকুলি গ্রামে আগমন করেন। তিনি ভাবুক চক্রবর্তী নামে সর্বব-জন প্রেসিদ্ধ 🛭

তথাহি —শ্রীভক্তিরস্থাকরে — ১৪ তরক্ষে

আচাৰ্য্যের অভিপ্রিয় শিশ্ব চক্রবর্তী। গাঁত-বাছা-ৰিছায় নিপুন, ভক্তিমূত্তি। শ্রীগোবিন্দ থৈছে আচার্য্যের শিশ্র হৈলা। মত্য়া হইতে থৈছে বোরাকুলি আইলা। তথাহি—শ্রীকর্ণানন্দে—১ম নির্যাদ প্ৰভু কুপা হৈল গোবিন্দ চক্ৰবৰ্ত্তী নাম। বাল্যকালেন্ডে যিংগ ভল্তন অমুরাগ প্রেম্যূর্ত্তি কলেবর বিখ্যাত যার নাম।

ভাবক চক্রবর্তী খাতি বোরাকৃলি গ্রাম ॥ ভাহার ঘরনী ভূচরিতা বুদ্ধিমন্তা।

গ্রীঈশবীর কুশাপাতী অতি স্চরিত।।

জ্যেষ্ঠ পুত্ৰ রাজবন্নত চক্রবর্তী নাম। তার গুন কি কহিব অতি অমুপাম।

ভাহার চরিত্র কথা না পারি কহিছে। প্রভুপদ বিনা যার অন্য নাহি চিতে।
ভার ছই পুত্র মাডার সেবক হইলা। রাধাবিনোদ কিশোরী দাস ভক্তি পরা।
গোবিন্দ চক্রবর্তীর ভিন পুত্র—রাজবল্লভ, রাধাবিনোদ ও কিলোরী দাস,
শ্রীভক্তমাল গ্রন্থের লেখক লালদাস (কৃষ্ণদাস) গোবিন্দ চক্রবর্তীর শাখার
শিষ্য। গোবিন্দ চক্রবর্তী বোরাকুলি গ্রামে শ্রীরাবাবিনোদের সেবা হাপন
করেন। ঐ উপলক্ষ্যে যে মহামহোৎসব অনুষ্ঠিত হইয়াছিল ভাহাতে প্রভু
বীরচন্দ্রাদি ভৎ সামারিক প্রকট সমস্ত গৌরাঙ্গ পাধদ ও সপার্বদ শ্রীনিবাস
আচার্য্য ও ঠাকুর নরোত্তম উপস্থিত ছিলেন। স্বয়ং শ্রীনিবাস আচার্য্য প্রভু
সমিষ্যে বুধরি হইতে বোরাকুলি গ্রামে আনমন করতঃ উক্তকার্যা সমাধান
করেন এবং শ্রীবিগ্রহের নাম শ্রীরাবাবিনোদ রাখেন। রসকল্লবল্লীগ্রাছে
শ্রীগোবিন্দ চক্রবর্তী নামে পদ দৃষ্ট হয়।

শ্রী(গাবিন্দ কবিরাজ — শ্রীগোবিন্দ কবিরাদ বৈক্ষবদঙ্গত লেখকগনের অন্যতম, দঙ্গীত জগতে অফুরস্থ অবদানের জন্ম তিনি পদকর্তা গোবিন্দ দাদ নামে দর্যবজন প্রশিক্ষ । তিনি শ্রীষণ্ড নিবাসী গৌরাঙ্গ পার্যদ প্রীচিরপ্রীব দেনের পুত্র ও পদকর্তা রামচন্দ্র কবিরাজের কনিষ্ঠ প্রাতা। মাতা স্থনন্দা, মাতামহ দামোদর মহাকবি, মাতামহী মহামায়া ও পুত্র দিবাসিংহ এবং শ্রীনিবাদ আচার্য্য প্রভ্র শিল্প প্রশাত অন্ত কবিরাজের একজন। মূর্শিদাবাদ জেলার ভগবান গোলা স্টেশনের সন্নিকটবর্তী ব্ধরী প্রামে তাঁহার শ্রীপট।

তথাহি — প্রীভক্তিরত্বাকরে — ১ম ওংকে। —

"রামচন্দ্র গোবিন্দ এ হুই সংহাদর। দামোদর সেনের নিবাস প্রীথণেতে। ভাগীরথী তীরে গ্রাম কুমার নগর। দেই গ্রামে চিরঞ্জীব সেনের বসতি।

পিতা চিরঞ্জীব মাতামহ দামোদর॥

অনেক ৰৈফব তথা বসতি স্থুন্দর ॥ বিৰাহ করিয়া খণ্ডে করিলেন স্থিতি॥

শ্রীখণ্ডে মাতামহ ভবনে গোবিন্দ কবিরাক্ষের জন্মহয়। অল্পকালে পিতা পরলোক গমন করেন। মাতামহ শক্তি উপাসক ছিলেন। গোবিন্দ মাতামহ ভবনে পালিত হওয়ায় তিনি ও শক্তি উপাসক হন। শেষে তিনি শ্রীনিবাস্ আচার্য্য প্রভুর করুনায় পরম বেষ্ণব হন।

তাহার জ্যেষ্ঠ ভ্রাতা রামচন্দ্র অত্যে জীনিবাস আচার্যোর শিষাক গ্রহন করেন

ভ্রাতার অমুরোধ সত্তেও গোবিন্দ সমত ছাড়িলেন না। গোবিন্দ ভ্রাতার নির্দেশে বুধরী গ্রামে আসিয়া বাস করেন। তথায় সহসা গ্রহণী রোগে আক্রান্ত হইয়। মৃতপ্রায় হন। সেকালে আকুল প্রানে দেবীর চরণে কাতর আবেদন জানাইলে দেবী ভাহাকে জ্রীনিবাস আচার্য্য প্রভুর চরণাগ্রয় করিরা গো।বন্দ ভ্রুনের উপদেশ প্রদান করেন। তথন গোবিন্দ ভ্রাতা রামচন্দ্রকে সংবাদ দিয়া আচার্য্য প্রভুকে স্বগৃহে জ্ঞানয়ণ করতঃ তাঁহার পদোদক পান করিতেই ব্যাধি মৃক্ত হইলেন এবং তাহার সমীপে দীক্ষাদি গ্রহণ করিলেন।

ভথাহি—জ্রীপ্রেমবিলাস—১৪ বিলাস

এবে সে জানির পদ জীবন আমার। আজ্ঞা হয় কৃষ্ণলীলা বর্ণন করিবার । গৌরাজের লীলা বর্ণি সাধ হয় মনে। সর্বাসিদ্ধি পরাৎপর যাহার বর্ণনে ॥ প্রভু কহে, যে মাগিলে শুন কহি তায়। কৃষ্ণলীলা বর্ণন কর আনন্দ হিয়ায় ॥ গৌরপ্রিয় ৰাস্থদেব ঘোষ মহাশয়। নির্যাস বর্ণন কৈল যত গুন চয় ॥ ফছেন্দে বর্ণন কর রাধাকৃষ্ণ লীলা। আনন্দে মগন হৈয়া এই আজ্ঞা দিলা। এইভাবে আদেশ পাইয়া গোবিন্দ ক্ষিরান্ধ সঙ্গাত রচনায় ব্রতী হইলেন। শেখর ভূমির রাজা হরি নারাধ্রণের আদেশে শ্রীরাম্চরিত গীত রচনা করেন। এবং ঠাকুর নরোন্তমের ভাতা রাজা সন্তোষ রায়ের আদেশে তিনি সঙ্গীত মাধ্ব নাটক রচনা করেন।

ভথাহি — শ্রীভক্তি রত্নাকরে ১ তর্জে হরি নারারণ কৰিরাজে নিবেদিলা। শ্রীরামচরিত্র গীত তারে বর্ণি দিলা। ঐছে শ্রীসন্তোষ দত্ত অনুমতি দিলা। সঙ্গাত মাধব নাম নাটক বর্ণিলা। শ্রীনিবাস আচার্য্য আভূর কুপা প্রান্তির পর সম্ভবতঃ গোৰিন্দ কৰিরাল ছত্রিশ ৰংসর জীবিত ছিলেন।

ভথাহি—প্রেমবিলাস— ১৪ বিলাস এতেক সাধন কৈল কভেক বর্ণন । এই রূপে ছঞ্জিশ বংগর করিল যাপন ॥ গোপাল ভট — জ্রীপাদ গোপাল ভট গোপামী দাক্ষিনার্ত্ত বাসী বেঙ্কট ভট্টের পুত্র। মহাপ্রভুর পরিষদ বড় গোপামীর একছন। মহাপ্রভু দাক্ষিনার্ত্ত ভ্রমন কালে তাঁহার ভবনে চাতুর্মাশু উদ্যাপন করেন।

তথাহি—অরুরাগবল্লী - ১ম লহরী—

কাবেরীর তীরে দেখি রঞ্গনাথ।

স্তাগীত কৈল বহু ভক্তগন সাথ।

সেই তীর্থে বৈসে তৈলপ বিপ্ররাজ।

তাঁহার কনিষ্ঠ জ্যেষ্ঠ হয়ে ছই ভাই।

বেরট প্রবোধানন্দ ভট্ট বলি গাই।

বেরট ভট্ট, ত্রিমল্ল ভট্ট ও প্রবোধানন্দ ভট্ট তিন ভাই। বেরট ভট্টের পুত্রই
গোপাল ভট্ট। পিতার নির্দেশে বিবিধ বিধানে মহাপ্রভুর সেবা করেন।

এবং প্রভুর সমীপে নিজমন আন্তি নিবেদন করেন। প্রভু বিদায়ের কালে
বলিলেন পিতামাতা ও খুল্লতাতাদির অন্তর্নানের পর বৃন্দাবন গমন করিবে।

তথায় আমার প্রিয় রূপ সনাভনের সহিত মিলত হইলে সর্ব্বাভীষ্ট পূর্ণ হইবে।
গোপাল ভট্ট নিজ খুল্লতাত প্রবোধানন্দের সমীপে দীক্ষা ও শান্তাদি

অধ্যয়ন করেন।

তথাহি—তত্ত্বৈৰ—

"বেন্ধটের কনিষ্ঠ প্রবোধানন্দ নাম। গোপাল ভট্টের পূর্বের গুরুর দে প্রমান। অধ্যয়ন উপনয়ণ যোগ্য আচরনে। পূর্বেতে সকল শিক্ষা পিতৃব্যের স্থানে। গোপাল ভট্ট লিভা মাতা ধুল্লভাতাদির অন্তর্জানের পর উদাসী হইয়া বৃন্দাবনে আগমন করেন। শ্রীমন্মহাপ্রভূ তাঁহার আগমন বার্ত্তা অন্তরে জানিয়া ভোর কৌপীন ও আসন প্রেরন করতঃ শক্তি সঞ্চার করেন। গোপাল ভট্ট প্রভূ প্রদত্ত লম্পদ গ্রহন ও রূপসনাতনাদির মিলনে সর্ব্বাভীষ্ট পূর্ণ করিলেন। শ্রীরাধারমন দেবা স্থাপন করিয়া গোবানন্দে বিভোর হইলেন। শ্রীহেরভিক্তি বিলাল। সংক্রীয়াসার দালিকা প্রভৃতি গ্রন্থ রচনা করিয়া তিনি বৈষ্ণৰ জগতের অশেষ কল্যান সাধন করেন। শ্রীল সনাতন গোহামীপাদ মহাপ্রভূর আদেশে বৈষ্ণৰ স্মৃতি প্রনয়ন উদ্দেশে শাস্ত্র হইতে ভক্তি তত্ত্ব সংগ্রহ করিয়া পোপাল ভট্ট হস্তে জর্পন করিলে ভট্ট গোষামী ভাহাতে আর ও কিছু ভথ্য সংগ্রহ করিয়া সংযোজন করেন। ভাহাই হরিভক্তি বিলাস নামে প্রসিদ্ধ হয়। সনাতন গোন্ধামীপাদ টক্ত গ্রন্থের টাকা রচনা করেন। গৃহস্থ বৈষ্ণবের

নিত্য বিধান মূলক সংক্রিরা সার দীপিকা গ্রন্থ গোপাল ভট্ট গোস্বামী প্রনয়ন করেন। গৌরপ্রেম প্রচারক শ্রীনিবাস আচার্য্য প্রভূ গোপাল ভট্ট গোস্বামীর কুপাপাত্র। পদকল্পতরু গ্রন্থে 'গোপাল ভট্ট' ভনিতাযুক্ত পদ পরিদৃষ্ট হয়। শ্রীগোপাল ভট্ট গোস্বামী শ্রীকৃষ্ণ কর্ণামৃতের টীকা করেন।

তথাহি—শ্রীঅমুরাগবল্লী—

"শ্রীভট্ট গোসাঞি কর্ণামৃতের টীকা কৈল।
অশেষ বিশেষ ব্যাখ্যা ভাহাতে লিখিল।

গোকুল দাস—গোকুল দাস ঠাকুর নরোত্তমের শিশু। সঙ্গীত শাস্ত্রে তাঁহার অসাধারণ পশুত ছিল। তাহার ৫১ স্বরে সকলে বিমোহিত ২ইত।

ভথাহি—নরোত্তম বিলাস—১২ বিলাস "অর গোকুল ভক্তিরসের মূর্তি। যাঁর গানে নাই ৈফ্রবের দেহস্যুতি।"

ভথাহি - ভক্তি রত্নাকরে -- ১০ম তরঙ্গে

অনিবদ্ধ নিবদ্ধ গীতের ভেদপ্রয়। অনিবদ্ধ গীত গোকুলানি আলাপয়॥
অনিবদ্ধ গীতে বর্ণন্তাস স্বরালাপ। আলাপে গোকুল কঠন্দ্রনি নাশে তাপ।
আলাপে গমক মন্ত্র মধ্য তার স্থরে। সে আলাপ শুনিতে কেবা ধৈর্য্য ধরে।
গোকুল দাস খেতুরীর উৎসবে ঠাকুর নরোক্তমের সঙ্গে কীর্ত্তন করিয়াছিলেন।
প্রভু বীরচন্দ্র তাগার গান শ্রবণে বিমোহিত হইয়া তাহার বদনে হন্ত বুলাইরা
পুনঃ পুনঃ গাহিতে লিলেন।

ভথাতি—নরোত্ত**ম বিলাস— ১১ বিলাস** "গোকুলের বদনে হস্ত বুলাইয়া। কহিলা কতেক তাঁরে অধৈর্যা হইয়া।

এত কহি গোকুলে কহয়ে বাব বার। গাও গাও ওহে প্রান জুড়াও আমার ।
শুনিয়া গোকুল গায় হৈয়া উল্লাসিত। কিবা দে অপূর্ব কবিরাজ কৃত গীত।
পদকল্পত্তরু গ্রন্থে "গোকুল দাস" ভণিতা যুক্ত পদের উল্লেখ বহিয়াছে।

গোকুলা ব্রুক্ত - গোকুলানন্দ জীনিবাস আচার্যা নিষ্য ছর চক্রবর্তীর অন্যতম। কাঞ্চন গড়িয়া নিবাসী জীগৌরাঙ্গ পার্যদ ব্রেম্ভ হরিদাসের পুত্র ও জীদাস চক্রবর্তীর প্রাতা। গোকুলা নন্দের পুত্র কৃষ্ণবন্ধত চক্রবর্তী। পদকল্পত্র গ্রন্থে গোকুলা নন্দ ভণিতা যুক্ত পদ দৃষ্ট হয়।

২। গোকুলা নন্দ বীরভূম জেলার মঙ্গল ডিহিতে তাঁহার প্রীপাট। তিনি ঘাদশ গোপালের অহাতম প্রীপ্রন্দরানন্দ গোপালের শিশ্ব প্রীপামুরা গোপালের শাখা ভূক্ত। পামুয়া গোপালের শিশ্ব কাশীনাথ। তাঁহার পাঁচ পুত্র অনস্ত, কিশোর, হয়িচরণ, লক্ষ্মণ ও কামুরাম। কামুরামের পুত্র গোপালচরণ, তাঁহার হুই পুত্র। গোকুলানন্দ ও নয়নানন্দ। গোকুলানন্দের কীর্ত্তন পদ রচনার বেশিষ্ট দেখিয়া কাশীপুরাধিপতি গোস্বামী ডিহি ও মোডাবেগ নামক হুইখানি গ্রাম নিক্ষর করিয়া প্রদান করেন। সেই সম্প্রিকে আয়ে শ্রামটানের সেবা হন্ন। তৎ ভ্রাতা নয়নানন্দ বির্বাচিত প্রীপ্রেয়োভক্তির রসার্ণব গ্রন্থে গোকুল দাসের নামান্ধিত ৩টি পদ দেখা যায়।

গোক্লানন্দ সেন—বৈষ্ণব দাস ভ্ৰন্তব্য

গোপী কাস্ত — শ্রীনিবাস আচার্যোর শিশ্র রামচন্দ্র কবিরাক। তাঁর শিশ্র হরিরাম আচার্য্য। হরিরাম আচার্য্যের পুত্র ও শিশ্য শ্রীগোপীকান্ত চক্রবর্তী। পদ্মা-গঙ্গার সঞ্গম স্থল গোয়াদে তাঁহার শ্রীপাট।

তথাহি—কর্ণানন্দে—:ম নির্ঘাস

আরেক সেবক তাঁর হরিরাম আচার্য্য। পরম পণ্ডিত বড় সর্ববস্থনে আর্য্য।
তাগার নন্দন গোপীকান্ত চক্রবর্ত্তী। তিঁহো হরিনামে রত প্রেমমর কীর্ত্তি।
পিতার সেবক তিঁহো অতি ভক্ররাজ। তাহার যতেক শিষা লিখিতে হয় ব্যাজ।
পদকল্পতক্র গ্রন্থে গাপীকান্ত ও গোপীকান্ত দাস ভণিতা যুক্ত পদ দেখা যায়।
প্রকাশিত পদাবলীর প্রথম পদটি পদকর্তাকে শ্রীনিবাস আচার্য্য শাখাভূক্ত
বলিয়া প্রমানিত হয়।

শ্রীগোরদ্ধন দাস – গে.বর্জন দাসের পরিচয় সম্পর্কে গোড়ীয় বৈষ্ণব জীবন গ্রন্থে ৪জন পদকর্তার নামোল্লেখ মহিয়াছে ।

১। গোৰদ্ধন ভাণানী ঠাকুর নরোত্তণ শিষ্য। নরোত্তম বিলাস — ১২ বিলাস "জয় প্রীভাণানী গোবর্দ্ধন ভাগ্যবান। যেঁহ সর্ব্বমতে কার্য্য করে সমাধান।" ২। রনিকমঙ্গল গ্রন্থে শ্রামানন্দ পরিবারভুক্ত দামোদরের শিষ্য। মেদিনীপুর জ্বেলার কাশীয়াড়ীতে জন্ম স্থান। পদাবলী সাহিত্যে দান রহিয়াছে।

গৌড়ীয় বৈফব। জয়পুয়ের জ্রীগোকৃল চল্রের প্রধান কীর্ত্তণীয়া।
 ১৭০০ শকে ইহার তিরোভার।

(৪) গোবর্দ্ধন ভট্ট গদাধর ভট্ট অন্বৰারী গৌয়ড়ীয় বৈষ্ণব। ইনি অনুমানিক সপ্তদশ নত শতাব্দীতে "মধু কেলিবল্লী" রচনা করেন। ইহাতে হোরিকা লীলাই প্রধানত বর্নিত রহিয়াছে। ইনি গ্রীরূপসনাতন। স্তোত্র নামে যে কত শোকে স্তোত্র রচনা করিয়াছেন, তাহা গ্রীরূপ সনাতনের দ্বীবনীই আলোচ্য বিষয়। অতি উপাদেয় কাশ্যই বটে।

গে।পাল দাস —গোপাল দাস ভণিতা যুক্ত পদগুলি রাম গোপাল দাসের বিরাচত—(রামগোপাল জঃ)

গোপীরমন জ্রানিবাস আচার্য্য প্রভুর শিষ্য । গোয়াসে তাঁহার নিবাস। গোপীরমন ও দূর্গাদাস হুই ভাই। বৈছাকুলে জন্ম।

७थाहि-कर्नानम-) म निर्यात ।

"গোপীরমন দাস বৈজ্ঞ মহাশয়। তাহারে প্রভুর কুপা গৈল অভিশয়। হরিনামে প্রীতি তাও লয় হরিনাম। রাধাকৃষ্ণ লীলাগান মহাপ্রেম ধাম । গোয়াসে ভাহার বাড়ি বড়ই রসিক। সদা কৃষ্ণ রস কথা যাতে প্রেমাধিক।

তথাহি — অনুরাগবল্লা — ৭ম মঞ্জরী।

"গোপীরমন কবিরাজ তার । ই দূর্গাদাস।"

পদকল্পতক প্রন্থে গোপীরমন ভণিতা যুক্ত পদ দেখা যায়।
গোপীকান্ত চক্রবন্তী—গোপীকান্ত চক্রবন্তী বৈষ্ণব সঙ্গীতের শেখক।
শ্রীনিবাস আচার্য্যের শিষ্য রামচন্দ্র কবিরাজ। তাঁর শিষ্য হার্রাম আচার্য্য।
হার্রাম আচার্য্যের পুত্র ও শিষ্য গোপীকান্ত চক্রবর্তী পদ্মা গঙ্গার সঙ্গম স্থল
গোয়াসে তাঁহার শ্রীপাট।

তথাহি-কৰ্ণানন্দ-১ম নিৰ্যাস।

"আরেক সেবক তাঁর হরিরাম আচার্য্য। পরম পণ্ডিত বড় সর্ববিশুনে আর্য্য। তাঁহার নন্দন গাপীকান্ত চক্রুবর্তী। তিঁহো হরিনামে রও প্রেমময় কীতি। পি তার সেবক তিঁহো এতি ভক্তরাজ। তাহার যতেক শিষ্য লিখিতে হয় বাাত। পদকল্পতক প্ৰস্তে গোপীকান্ত ও গোপীকান্ত দাস ভণিতা যুক্ত পদ দেখা যায়। গোবিন্দ ঘোষ—গ্ৰীগোবিন্দ ঘোষ মহাপ্ৰভূৱ কীৰ্দ্বণীয়া, শ্ৰীনিত্যানন্দ পাৰ্ষদ। গোবিন্দ-মাধব-বাহ্নদেৰ তিন ভাই।

তথাহি - জ্রীচৈতন্য চারভামতে- ১০ পরি:-

গোবিন্দ, মাধব, বাস্ত্দেব তিন ভাই। যা সবার শীর্ত্তনে নাচে চৈতন্য গোসাঞি। গোবিন্দ ঘোষ শ্রীপাট অগ্রদ্বীপে জ্রীগোপীনাথ সেবা হাপন করেন। যাহার প্রেমবশে জ্রীগোপীনাথ দেব অগ্রাপি তাঁহার তিরোধান দিবদে পুত্রভাবে আদ্ধাদি ক্রিয়া সম্পন্ন করিয়া থাকেন। পদকল্পতক গ্রন্থে ভাহার বহু পদ উল্লেখ রহিয়াছে।

গৌরদাস—"গৌরদাস কর্ণানন্দ গ্রন্থের প্রনেতা যত্নন্দন দাসের ভক্ত। ইনি
ব্রন্ধবৃলী ভাষায় পদ রচনা করেন।" (বৈষ্ণব জ্ঞাবন)
পদকল্পতক গ্রন্থে "গৌর দাস" ভনিতা যুক্ত পদের উল্লেখ রহিয়াছে।
অন্যত্র পদের প্রমানে গৌরদাসকে বহুনন্দন দাসের শিষ্য বালয়া মনে হয়।
গৌরস্কুন্দর দোস—পদকর্তা, রচনা—"কীর্ত্ত নানন্দ"। ইহাতে প্রায় ৬০
জন কবির ৬৫০টি পদ সমাহত। ইহার অনেক পদই পদকল্পতক্তে উদ্ধৃত
হইয়াছে। স্পুতরাং এই কবি বৈষ্ণব দাসের পূর্ববর্তী না হইলেও সমসাময়িক
হইবেনই। পদরত্বাবলীর ৪৪২নং পদটিতে "কীর্ত্তনানন্দ" সক্ষলন সম্বন্ধে কবির
আত্মকথা আছে।" (বৈষ্ণব সাহিতা)

শুন শুন বৈষ্ণৰ ঠাকুর। দোষ পরিহরি শুন প্রথম মধুর ॥
বড় অভিলাষে রাধাকুষ্ণ লীলা গীতাহি সঙ্গতি করি।
হয় নাহি হয় বৃঝিতে না পারি সংমাত্র আশা করি ॥
হয় নাহি হয় বৃঝিতে না পারি সংমাত্র আশা করি ॥
ভোমরা বৈষ্ণৰ সব প্রোভাগন চরণ ভরসা করি।
আপন ইচ্ছায়ে আমি নাহি লিখি লেখায় সে পৌরহরি ॥
মোর অপরাধ ঠাকুর বৈষ্ণৰ ক্ষেমিয়া করহ পান।
শ্রীরাধাকৃষ্ণ লীলা সমুদ্র কীন্ত নানন্দ" নাম ॥
ভৌমরা বৈষ্ণৰ পরম বান্ধব পূর মোর অভিলাবা।
গৌরাঙ্গ চরণ মধুকর গৌরস্থন্দর দাস আশা ॥"

জ্ঞীধনপ্তর গোপালের পুত্র জ্ঞীয়হুটেতন্য ঠাকুর। তাঁহার চার পুত্র জয়রাম,

কানুরাম, পরশুরাম ও গঙ্গারাম। পদকর্তা কানুরামের পুত্র গোরস্থন্দর দাস, ইহার পুত্র পদকর্তা বিশ্বস্তর দাস।

গৌরীপাস—গৌগীদাস কীর্ত্তণীয়া নিত্যানন্দ প্রভুর অমুগত। তিনি পদকর্ত্তা ছিলেন। তথাহি—বৈষ্ণব বন্দনা।—

গোরীদাস কীর্ন্ত্রণীয়ার কেশেতে ধরিয়া। নিত্যানন্দ স্তব করাইলা শক্তি দিয়া। বৈষ্ণব বন্দনার লেখক দেবকীনন্দন দাসের গুরু গ্রীপুরুষোত্তম দাস গৌরীদাসের কেশে ধরিয়া নিত্যানন্দপ্রভুর স্তব করাইয়া ছিলেন।

তথাহি—প্রীচৈতক্ত মঙ্গল — (জ্বানন্দ (জ্বানন্দ)

"গৌরীদাস পণ্ডিতের কবিত্ব স্থান্ত্রেণী। সঙ্গীত প্রবন্ধে তাঁর পদে পদে ধ্বনি॥" তথাহি জ্ঞীবৈঞৰ বন্দনা (বৃন্দাবন দাস)

"ৰন্দিব গৌরীদাস পণ্ডিত ঠাকুর। নিত্যানন্দ প্রিয় পাত্র মহিমা প্রচুর ॥
প্রভু আজ্ঞা শিরে ধরি গিয়া শান্তিপুরে। যে লইল উৎকলে আচার্য্য গোসাঞ্জির ॥
গৈ গোরীদাস পণ্ডিত কেন, কোন সময়, কিভাবে অবৈত আচার্যাকে শান্তিপুর
হইতে জ্রীগৌরাঙ্গ সমীপে লইয়া গিয়াছিলেন সেই উপাখ্যান হরিচরন দাস
কৃত জ্রীঅবৈত মঙ্গল গ্রন্থে বিশেষ ভাবে বর্ণিত রহিয়াছে। এই সকল উদ্ধৃতির
মাধ্যমে উপলব্ধি হয় যে জ্রীপাট কালনায় জ্রীনিতাই গৌরাঙ্গ স্থাপনকারী
ব্রঞ্জের স্থবল সথা গৌরীদাস পণ্ডিতই গৌরীদাস কীত্রণীয়া।

গৌরীদাস পণ্ডিতের পরিচয় যথ।— তথাহি— স্থবল মঙ্গলে—

"কংসারি মিশ্রের পত্নীনাম যে কমলা। তাহার গর্ভেতে ছয় পুত্র জনমিলা ॥
দামোদর বড় জগরাথ তার ছোট। স্থাদাস ঠাকুর হয়েন তাহার কনিষ্ঠ ॥
তাহার কনিষ্ঠ হয় পণ্ডিত গৌনীদাস। অমুজ কৃঞ্চদাস থেই পুরে মন আশ ॥
তাহার কনিষ্ঠ হয়েন নৃসিংহ চৈ হল্য। প্রেম বিতরণ করি বিশ্ব কৈল ধল্য।"
গৌরীদাস জ্যেষ্ঠ ভ্রাভা স্থাদাস পাওতের আদেশ লাইরা শালিপ্রাম হইতে
কালনায় আসিয়া অবস্থান করেন।

শ্রীমন্মহাপ্রভু নদীয়া লীলাকালে হরিনদী গ্রাম হইতে নিত্যানন্দ সহ নৌকা আবোহনে কালনায় গৌরীদাদ ভবনে আগমন করেন। দেসময় নৌকার বৈঠা ভাহাকে অর্পন করিয়া বাললেন এই বেঠা বাহিঃ। জীবকে ভবপার কর । তারপর গৌরীদাসে নবদ্বীপ লইয়া সন্ধীন্ত নি বিলাস করিতে লাগিলেন। তারপর দার পরিগ্রহ করিবার আদেশ দিয়া একটি গীতা গ্রন্থ প্রদান করতঃ কালনায় প্রেরণ করেন। প্রভূ দত্ত গীতা ও বৈঠা অত্যাপি শ্রীপাট কালনায় বিত্যমান।

ভথাহি—ত্বল মন্সলে— "গৌৱীদানের পত্নী বিমলাদেরী।

বলরাম দাস আর রঘুনাথ দাস। বিমলা দেবীর গণ্ডে যাহার প্রকাশ ।"
প্রভু সন্নাসের পর কালনায় আসিলে গৌরীদাস গৌরনিত্যানন্দকে বভবনে
রহিতে বলিলেন। প্রভু বলিলেন, এখানে রহিলে ভীবোদ্ধারে ইইবে কি
প্রকারে।" শেষে প্রভুর আদেশে নবদীপে শচীমাভার ষষ্ঠীপূলা স্থানের
নিম্বর্ক্ষটি ছেদন করিয়া প্রীপ্রীনিভাই গৌরাঙ্ক মূর্ত্তি নির্মান করেন। প্রভুদ্ধয়
উক্ত বিপ্রহন্ধয়ের সহিত নিজেদের অভিন্নতা দেখাইয়া বিগ্রহন্ম স্থাপন করিলেন।
অ্লাপি প্রীপাটে সেই বিগ্রহন্দ্র বিরাজমান। পদকর্মতক্ষ প্রধ্বে "গৌরীদাস"
ভণিতাযুক্ত পদাবলীর উল্লেখ রহিয়াছে।

গৌরী হয়েছেন — "প্রাবলী সঙ্কারতা ১৮৪৯ খঃ ইই।র "পদ্ধর্শতিকা" প্রকাশিত হয়। পদ সংখ্যা ৩৫১, ইনি বেফ্রনাস, এমনকি শশিশেখর--চন্দ্রশেখরেরও পরবর্ত্তী।" (বৈফ্রব জীবন)

ষ্ঠিজ গঙ্গারাম—দ্বিত্ব গঙ্গারামকে অনেকেই নবদ্বীপবাসী শ্রীনিড্যানন্দ পার্যন শ্রীচতুভূজ পাণ্ডতের পুত্র বালয়া মনে করেন। বিষ্ণুদাস, নন্দন আচার্য্য ও গঙ্গাদাস পণ্ডিত তিন ভাই। শ্রীক্রানাগীত চিস্তামনি গ্রন্থের ১।২ পদ দ্বিত্ব গঙ্গারাম ভণিতা যুক্ত পদ দেখা যায়।

ঘ

ঘলরাম দাস— "বর্দ্ধমান জেলায় কৃষ্ণপুর গ্রামবাসী গৌরীকান্ত চক্রবর্তীর পুত্র। ১৬৩৩ শকে ইনি 'ধর্ম্ম মঙ্গল' কাব্য রচনা শেষ করেন। ইনি পদ কর্তাও ছিলেন। বাংসল্য রস ও গোর্চলীলা সংগ্রসের বর্ণনায় ইনি কৃতিত দেখাইয়াছেন।" (বৈষ্ণৰ জীবন) পদকল্পতক্ষ গ্রন্থে ঘনরাম দাসের কভিপয় পদেয় উল্লেখ রহিয়াছে।

ঘলশাম দাস – ঘনগাম দাস জীনিবাস আচার্যোর পুত্র গতি গোবিন্দ

ঠাকুরের শিষ্য। তিনি চিরঞ্জীব সেনের বংশধর। চিরঞ্জীব সেনের পুত্র রামচন্দ্র কবিরাজ ও গোবিন্দ কবিরাজ। গোবিন্দ কবিরাজের পুত্র দিব্যসিংহ। তাঁরই পুত্র ঘনশ্যাম দাস। ঘনশ্যাম যখন মাতৃগর্ভে তখন তাঁর পিতা দিবাসিংহ পত্নীসহ জ্রীখণ্ডে খণ্ডরালয়ে আসিয়া অবস্থান করেন। সেসময় নবাব তাহাদের বুধরীর সম্পৃত্তি বাজেয়াপ্ত করে। জ্রীখণ্ডেই ঘনশ্যাম জন্ম হয়। ঘনশ্যাম বয়ঃপ্রাপ্ত হইলে নবাব তাহার মধুর পদাবলী জ্রাবণ করিয়া ফান্ট চিত্তে তাহাকে ৬০ বিঘা জাম দান করতঃ বুধরীতে বাস করান। ঘনশ্যামের পুত্র স্বরূপ নাথ। তৎপুত্র হরিদাস বৃধ্বীতে নিতাই গৌরাক্ষ স্থাপন করেন। ইহার রচনা 'জ্রীগোবিন্দ রিভ মঞ্জরী' সর্ববিজন সমাদৃত গ্রন্থ। (বৈষ্ণব জীবন) পদকল্পতক্ত গ্রন্থে ঘনশ্যাম নামে পদাবলী রহিয়াছে।

২। নরহরি চক্রবর্তীর নামান্তর। তিনি ঘনশ্যাম ভণিতায় বহু পদ রচনা করিয়াছেন।

5

চক্রশেশর — চক্রশেশর কাঁদরার মঞ্চল ঠাক্রের দ্বিতীয় পুত্র গোপীরমনের বংশধর। ইহার পিতার নাম গোবিন্দানন্দ ঠাক্র। প্রাতা পদকর্তা শাশিশেশর। "নায়িকা রত্মালা" গ্রন্থ ইহাঁদের কীর্ত্তি। পদকল্পতক্র গ্রন্থে 'চক্রশেশর' ভণিতা যুক্ত পদের উল্লেশ রহিয়াছে।

চম্পতি রাম—"চম্পতি রায় দাক্ষিণার্ত্তবাসী। ইহার পদাবলী সাহত্যে দান প্রান্থে। ইহার রচনা প্রায়ই ব্রস্তব্লিতে রাধানোহন ঠাকুরের পদায়ত সমুদ্রের' সংস্কৃত টীকায় ইহার নামোল্লেখ আছে (বৈঞ্চৰ জীবন) খণ্ডিতা প্রকরণে। "কে করিব জপতপ" পদের টাকায় রাধানোহন ঠাকুরের বর্ণন—জীপ্রতাপরুদ্র মহারাজস্থ মহাপাত্র চম্পত্তি রায় নামা মহাভাগবত অসিং। স এব গীত কর্ত্তা।" পদকল্পতরু গ্রন্থে ইহার বহু পদ দেখা যায়।

চক্রকান্ত — চক্রকান্ত ঠাকুর নরোত্তমের শিষ্য। পকপল্লীর শ্লাঞ্জা নরসিংহ র শাস্ত্রচচ্চ বি জন্ম পণ্ডিত মণ্ডলী সমবিব্যবহারে খেতুরীতে আগমন করেন। সে সময় পণ্ডিত মণ্ডলীর মধ্যে চন্দ্রকান্ত ছিলেন।

তথাহি — জ্রীপ্রেমবিলাস--১৯ বিলাস

"হব্দিন নিরোমনি চন্দ্রকান্ত আর : ন্যায় পঞ্চানন উপাধিতে সর্বব্র প্রচার ট

ইহা ব্যতীত চম্ৰকান্ত্ৰের কোন পরিচয় পাওয়া যায় না বৈষ্ণৰ শাস্তে সার কোন চন্দ্রকান্তের নাম পাওয়া যায় না। গীত রুত্নবৈশীতে চন্দ্রকান্ত ভনিতা যুক্ত পদ দেখা যায় ৷

চূড়াম্বলি দাস—গ্রীচ্ড়ামনি দাস পাঁচালী প্রবন্ধে "গ্রীদৌরাঙ্গ বিজর" নামক গৌরাঞ্জ লীলাগীত রচনা করেন। উক্ত গ্রন্থে শ্রীধনম্বয় পণ্ডিতকে স্বীয়গুরু বলিহা বন্দনা করিয়াছেন।

তথাহি-গোরাজ বিজয়ে-

[®]ষোর প্রভু তোমার বছভ ধনঞ্জয়। করহ কুপা চূড়ামনি দাস ক্রা।" প্ৰভূ নিত্যানন্দের স্বপ্নাদেশ ও রামাই এর অশেষ করুনায় শ্রীগৌরাক বিজয় গ্রন্থ রচনা করেন। আদি খণ্ড, মধ্যখণ্ড, শেষখণ্ড, এই ডিনখণ্ডে গ্রন্থ সম্পূর্ণ। পদকল্পতরু প্রন্থে চূড়ামনি দাস কৃত পদের উল্লেখ রহিয়াছে। (চতন্য দাস — (বীরহান্তীর ঞ:) গ্রীনিবাস আচার্য্য শিক্স বীরহান্তীরের

অহা নাম।

২ শ্রীগৌরাক পার্ষদ শিবানক সেনের ভোষ্ঠ পুত্র। চৈতত্যদাস, রামদাস, কবি কর্ণপুর। শিবানন্দের এই তিন পুত্র। চৈডক্য দাস চৈডক্য কারিকা নাৰক প্রস্থ মচনা করেন। তাহাতে তাহার রচিত পদ দেখা যায়।

জগদানন্দ — শ্রীজগদানন্দ পৃত্তিত প্রিগৌরাক পার্বন। তাঁহার প্রথম জীৰন সম্পৰ্কে বিশেষ কিছু জানা যায় না। তবে—তাঁহার বিরচিত প্রেমবিব · গ্রন্থে কিছু ইঙ্গিত রহিয়াছে। পিতা মাতাও **জন্ম**স্থানের পরিচয় পাওয়া না গেলেও গৌৰদহ তাহার বিলন কাহিনীটী তাহার ধর্ণনার মাধ্যমে পাওয়া যায়

্ধন্য শিবানন্দ সেন কৰি কৰ্ণপুত্ৰ পিডা। মোৰে বালো শিখাইল ভাগবত গীতা।

শিবানন ত্ৰাভা যোৱ সম্পদ বিপদে नेभीया नरेया भारत दार्थ श्रज्भेष । তার ঘরে ভোপরান্ধি পাকশিক্ষা হেল। ভাল পাক করি গৌমান্স সেবা কৈল। সেইমাত্র নামাশ্রয় করে নিরন্তর **ঃ**'' क्यारि वरण नाधू मरण पिन यात्र यात्र।

জাবালা প্রভুর সহ খেলাধুলা ও অধ্যয়নাদি করিয়াছেন। মহাপ্রভুর অন্তর্জানের পর বিরহ বিক্ষেপে প্রভুসহ নদীয়ায় যেলীলা ঘটিয়া ছিল তাহা ভাধাবেগে বর্ণন করিয়াছেন। তাহাই প্রেমবিবর্ত্ত নামে বিখ্যাত। এতিরিষয়ে বর্ণন যথা—

"হৈভক্তের রূপ গুন সদা পড়ে মনে। পরান কাঁদায় দেহ কাঁপায় সঘনে। কান্দিতে কান্দিতে যেন হইল উদয়। লেখনী ধরিয়া লিখি ছাড়ি লাভভয়। নামেতে পণ্ডিত মাত্র ঘটে কিছু নাই। হৈতক্তের লীলা তবু লিখিবারে চাই।

গেঁ.সাঞি স্বরূপ বলে কি লিখ পণ্ডিত। আমি বলি শিখি তাই যাহাতে পীরিত।

উক্ত গ্রন্থে গৌর সহ বাল্য লীলা বর্ণনে লিখিয়াছেন—
"একদিন শিশুকালে, তুজনেতে পাঠশালে, কোন্দলে করিলু হাতাহাতি।
মায়াপুর গঙ্গাতীরে, পাড়য়া তুঃখের ভারে, কান্দিলাম একদিন রাতি॥
সদয় হইয়া নাথ, না হইতে পরভাত, গদাধরের সঙ্গেতে আসিয়া।
ডাকেন জগদানন্দ, অভিমান বড় মন্দ, কথাবলো বক্রতা ছাড়িয়া॥"

দারকার জ্রীকৃষ্ণ মহিষী সত্যভামা জগদানন্দ রূপে প্রকট হইয়া পূর্বব ভাবানু-রাগে জ্রীগোরাঙ্গের সেবা করিয়াছেন। বাল্যেই সেই ভাবের প্রকাশ পরবর্ত্তী কালে নীলাচলে তৈলভঞ্জন, শয্যা প্রদান প্রভৃতি লীলায় তাহার পূর্বতম অভিব্যক্তি ঘটিয়াছে। গৌরাঙ্গ সহ নদীয়া বিলাসের পর গৌর সন্নাস করিয়া নীলাচলে অবস্থান করিলে জগদানন্দ ও ক্ষেত্র বাসী হন। এত দ্বিষয়ে বর্ণন—

তথাহি—প্রেমবিষর্প্তে

"গদাই গৌরাক্সরূপে গৃঢ় লীলা কৈল। টোটাগোপীনাথ সেবা গদাধরে দিল। মোরে দিল গিরিধারী সেবা সিন্ধু ভটে। গৌড়ীয় ভকত সব আমার নিকটে। মহাপ্রভু মায়ের নিকট শুভ সমাচার বিনিময়ের জন্ম জগদানন্দকে মধ্যে মধ্যে নবদ্বীপে পাঠাইতেন। মহাপ্রভুর অন্তর্জানের জন্ম অহৈত প্রভু তাহার মাধ্যুমে একটি প্রহেলী লিখিয়া—নীলাচলে প্রভুর সমীপে পাঠাইয়া ছিলেন।

্ ২ 1 জগদানন্দ বীরভূম জেলায় মন্ত্রলডিহি গ্রামে আবিভূতি হন। তিনি জিপ্রন্দরানন্দ গোপালের শিশ্র পানুয়া গোপালের শিশ্র বিঞা কাশীনাথের বংশধর। কাশীনাথের পাঁচ পুত্র। অনস্ত, কিশোর, হরিচরন, লক্ষন ও কানুরাম। কানুরামের পুত্র গোপাল চরণ, তৎ পুত্র গোকুলানন্দ ও নয়নানন্দ। গোকুলানন্দের পুত্র জগদানন্দ বল ভাষার ত্রিপদী ছন্দে জীশ্রামচন্দ্রোদয় এবং কীর্ত্তন পদাবলী রচনা করিয়াছেন।

৩। জগদানন্দ দাস জীখণ্ডবাসী জীরঘুনন্দনের বংশে ১৬২° ইইতে ১৬৩০
শক্রের মধ্যে জন্মগ্রহন করেন। পিতা নিত্যানন্দ, পিতামহ পরমানন্দ।
পৈত্রিকবাস জীখণ্ড হইতে আগর ডিহি দক্ষিন বণ্ডে বাস করেন। পরে তথা
হইতে বীরভূমের ত্বরাজপুর ধানার জাফরাই গ্রামে বাস করিয়া ছিলেন।
তথায় ভিনি জীবিগ্রহ প্রতিষ্ঠা করেন।

একদা কতিপয় পশ্চিমদেশীয় সাধু আগমন করিয়াছেন। তাহার। কুপোদক ভিন্ন পান করিবেন না তাই জগদানন গৌরাস স্মরনে লৌহখণ্ড দ্বারা ভূমিতে আঘাত করিতেই জল উত্থিত হইল। পরে তথায় একটি পুন্ধরিনী খনন করা হয়। ভাহাতে অভাপি গৌরাঙ্গদায়ের নামে খ্যাত। জগদানন্দ পঞ্চোট রাজ্যের অধীনে আমলালা হুহুরী গ্রামে উপস্থিত হয়েন ও তথায় একটি সরোষরের মধ্যস্থলে ধীপের স্থার হাবে পাছকা পায়েদিয়া জলরাশি অভিক্রেম পূর্ববক গমন করিয়া হরিনাম করিতেন। পঞ্জােটের রাশা পাত্র-মিত্র সহ তথায় আগমন করতঃ জগদানন্দের অসৌকিক ক্ষমতা দেখিয়া ভক্তি সহকারে তাঁহাকে আমলালা সুনুরী গ্রাম অর্পন করেন। জ্বগদানন্দ ঐ স্থানে প্রিগোরাস মৃত্তি প্রতিষ্ঠা করেন। পূর্বেবাক্ত সরোবর ঠাকুর বাঁধ' নামে ত্বপ্রসিদ্ধ। জগদানন একজন পদকর্ত্তা ছিলেন। এতদ্বিষয়ে প্রাচীন শ্লোক:--শ্রীলঙ্গদানন্দো জগদানন্দ দায়কঃ। গীত পগুকর: খ্যাতোভক্তি শাস্ত্র বিশারদ । ইহার রচিত পদাবদী শ্রুতি বুদায়ন, ছন্দোবিলানে ও শ্রুতি মধুর পদ কদন্ত লিখনে ইনি অদ্বিভীয়। ভাষাশব্দাৰ্থবে ইনি ক্কারাদি ক্রমে অনুপ্রীসযুক্ত কাব্য রচনা করিয়াছেন। ইহার চিত্র পদ রচনাও অতি স্থন্দর (বৈষ্ণব জীবন গ্রাহধৃত)

জগন্ত্রাথ দাস—জগন্নাথ দাস উড়িয়া নিবাসী জ্রীগোরাস পার্বদ। কানাই থুটিয়ার পুত্র। জগন্নাথ, বলরাম গুইভাই। —বৈঞ্চব বন্দনা— (দেবকী নন্দন) "কানাই খুটিয়া বন্দোঁ। বিশ্ব প্রচার। অগরাথ বলরাম ছই পুত্র যাঁর ॥
অগরাথ দাস বন্দোঁ। সঙ্গীত পণ্ডিত। যাঁর গান রলে জগরাথ বিমোহিত ॥"
পদক্ষাতক প্রন্থে জগরাথ দাস রচিত পদাবলীর উল্লেখ রহিয়াছে।
ইহার রাসোজ্জল নামে একথানি গ্রন্থ আছে।

জগমোহন দাস—জগমোহন একজন পদকর্তা। পদকল্পতরু গ্রন্থে তুইটি পদ রহিয়াছে।

জ্ঞানদাস —কবি জ্ঞানদাস নিজানন্দের পত্নী জাহ্নবাদেবীর শিষ্য ছিলেন। এতদ্বিয়ে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর শিষ্য গ্রীমুক্নদাসের বিরাচত সিদ্ধান্ত চন্দ্রোদয়ের বর্ণন —

"জ্ঞানদাস ঠাকুর আর দ্বিজ হরিদাস ।" বর্ত্মমান কেলার কাঁদরা গ্রামে তাঁহার নিবাস ছিল।

তথাহি—ভক্তিরত্মাকরে ১৪ তরল

"রাচ্দেশে কাঁদরা নামেতে প্রাম হয়। তথা শ্রীমন্নল জ্ঞানদাসের আলয়।"

জ্ঞানদাসের পরিচিতি বিষয়ে পদকর্তা নরহরি চক্রবর্তীর বর্ণন
শ্রীবীরভূমেতে ধাম, কাঁদরা মাঁদরা প্রাম, তথায় জ্ঞান্মল জ্ঞানদাস।
আকুমার বৈরাগ্যেতে, রত বাল্যকাল হৈতে, দীক্ষা লৈলা জাহ্নবার পাল।
আকুমার বৈরাগ্যেতে, রত বাল্যকাল হৈতে, দীক্ষা লৈলা জাহ্নবার পাল।
আকুমার বৈরাগ্যেতে, রত বাল্যকাল হৈতে, দীক্ষা লৈলা জাহ্নবার পাল।
আকুমার বৈরাগ্যেতে, রত বাল্যকাল হৈতে, দীক্ষা লৈলা জাহ্নবার পাল।
আকুমার মহোৎনব, আসেন মহান্ত সব, হয় তাঁহাদের লীলা বেলা।
মদন মন্তল নাম, রূপে গুনে অনুপাম, আর এক উপাধি মনোহর।
বেত্রীর মহোৎসবে, জ্ঞানদাস গেলা যবে, বাবা আউল ছিল সহচর।
কবি কুলে যেন রবি, চতীদাস তুল্য কবি, জ্ঞানদাস বিদিন্ত ভূবনে।
যার পদ সুধারস, বেন অমৃতের ধার, নরহরি দাস ইহা ভিনে।
জ্ঞানদাস বাংলা ও ব্রজবৃলি ভাষায় পদাবলী রচনা করেন। প্রবিরাগ, স্থীশিক্ষা, মিলন, নৌকাখণ্ড মুরলী শিক্ষা, গোষ্ঠ, বিহার, মান, মাথুর, প্রশ্ন
ত্রিকা ইত্যাদি পদাবলী সাহিত্যের অলকার। পদক্রতক্ত ও রসকল্পবল্লী
গ্রন্থে ইহার বন্ত পদের উল্লেখ রহিয়াছে।

उक्कती त्रश्रम मुक्ना भारत विवृध्धि निकास हत्या मरत्व अर्थे अक्तरन

৬১টি পদের মধ্যে জরুনীরমনের ৪৩টি পদ ইহাতে উদ্ধৃত হইয়াছে। তংমধ্যে ৬টি বাংলা ভাষায় ও ৩৭টি পদ ব্রন্ধবৃলিতে পাওয়া যায় (বৈহুব সাহিত্য) পদকল্লভক প্রন্থে তাহার পদের উল্লেখ বহিয়াছে।

তুলসী দ।স—জীবদিক মঙ্গল গ্রন্থের প্রনেতা শ্রীগোপীজনবল্লভ দাসের সঙ্গীতন গুরু। রসময়ের পুত্র। ক্ষণদাগীত চিন্তামনিতে তাঁর রচিত পদ দেখা যায়।

তথাহি—রাগক মঙ্গলে—

"বন্দো শ্রীদক্ষীত ন শুরু শ্রীতৃলদী দাস। আদ্রম রসিক সঙ্গে করিল নিবাল। সঙ্কীত ন মহোৎসবে প্রথম বন্দন। বস্তু আভরণ দিয়া রসিক প্রুক্তন । তুলসীতে জল দিতে না পেয়ে রসিকে। তুলসী চরণে দিয়া খায় মনস্থা ।"

₹,

দিব্যাসিংহ—দিব্যাসিংহ পদকর্ত্ত। গোবিন্দ দাসের পুত্র ও শ্রীনিবাস আচার্য্যের শিষ্য। সংকীত নামতের ১৯০ সংখ্যক পদটি তাঁহার রচিত। মাতার নাম সংখ্যায়া। তিনি শ্রীখণ্ডের ঠাকুর বংশে বিবাহ করেন। তাঁহার পুত্রের নাম পদকর্তা ঘনশ্যাম দাস।

ছারকা নাথ ঠাকুর—সুন্দরানদ গোপালের নিঘা পানুয়া গোপালের নিঘা কানীনাথের পাঁচ পুত্র। অনস্ক, কিলোর, হরিচরন লক্ষণ ও কানুরাম। কানুরামের পুত্র গোপাল চরণ। তৎপুত্র গোকুলানন্দ ও নয়নানদ। গোকুলানন্দের পুত্র জগনান্দের পৌত্র ছারকানাথ ঠাকুর জীগোবিন্দবল্লভ নামক সঙ্গীত নাটক রচন। করেন।

আদৌ নবন্ধ দাস — পদকর্তা দীনবন্ধ দাস বৈঞ্চব পদাবলী সাহিত্যের লেখক ও সংকলক। সংকীর্তনামৃত গ্রন্থ সংকলন তাঁছার অমর কীর্ত্তি। উক্ত গ্রন্থের উত্তর খণ্ডের শেষাণে তাঁহার পরিচয় বিষয়ক বর্ণন।

ভত্তর খণ্ডের শেষাংশে ভাষার । তারপাদপদ্মধূলি নিজ্ঞশিরে ধরি । "প্রপিতামহের নাম ঠাকুর শ্রীহার। তাহার করুনা বলে হেন ইৎসা মোর । পিতামহ ঠাকুর নাম শ্রীনন্দ কিশোর। তাহার করুনা বলে হেন ইৎসা মোর । পিতা শ্রীবল্লবীকান্ত ঠাকুরের দরা। সেই বলে লিখি আমি ভক্তি শক্তি পায়া। প্রবি প্রতি পুরুষের বোগ্যতা অনম্ভ। পাণ্ডিত্য সংগ্রহ কৈল কভ শত গ্রন্থ।

পদপদাবলীকত করিল বর্ণন। প্রাচীন আনিয়া কত করিল লিখন। দিজ অজামিল, পানী ছিল, গুনিয়াছি ভাগবতে। সেহো গেল ভরি, নারায়ন বলি, ভাবিয়া আপন স্থতে। ভাই লোকনাথ, ভন্মজ গোলোক, কাছে ডাকি বারে বার ।

দীনবন্ধ্ দাসের জন্মভূমি আদির পরিচয় অজ্ঞাত, প্রপিতামই হরিঠাকুর, পিতামই নন্দকিশোর, পিতাবল্পবীকান্ত, ভ্রাতা লোকনাথ ও ভ্রাতৃপুত্র গোলোক। তবে তিনি যে শ্রীখণ্ডের নরহার সরকার ঠাকুরের দিয়া শাখায় ছিলেণ, তাহা ভাহার হইটি প্রদের ভনিতায় অমুখেত হয়।

্ভাথাহি-8৭৬ পদ

দীনবন্ধু কহে শুন পরিনাম। মধুমতি আনি মিলান্তৰ কাহন । ভথাতি ৪৮১ শন

শিমধুমতী পদ পাশে, লুকাইয়া অভিনাবে, দীনবন্ধ রভস দেখিব।" ব্রজের মধুমতী স্থাই প্রীথণ্ড নিবাসী জীনরহরি নরকার ঠাকুর। পদের ভনিভার মস তাৎপর্যো পদকণা তাঁথার আমুগত্যভার ভাব পোষন করায় তাঁথার শাখাজুক্ত বলিয়া প্রমানিত হয়। ১৬৯৩ শকাবের টে বৈশাখ এই গ্রন্থ সংকলন সমাপ্ত হয়। গ্রন্থভাগে বিভক্ত পূর্বব্যপ্ত ও উত্তর খণ্ড। পূর্বব্যপ্ত ১৫ পারছেদে ও উত্তর খণ্ড। মোট ২০ পারছেদে প্রস্থানি হয় খালি সমাপ্ত।

গ্রন্থের ভ নভার বর্ণন:--

জ্ঞীনন্দ কিশোর পদ হাদরে ধরিয়া। দীনবদ্ধ দাস কহে শুন মনদিয়া।
ভনিতায় — নন্দকিশোর দাসের নাম থাকায় দীনবদ্ধ, দাস তাঁহার পিতামহ
নন্দকিশোরের শিশু বিলয়া অনুষেত হয়। সংকীর্তনামৃত গ্রন্থে ৪০ জন পদ
কর্তার পদ রহিয়াছে। তাহাতে স্বর্গিত – ২০৭টি পদের সমাবেশ করিয়াছেন।

बाएक कोलवङ्ग मान-दिक्षत गाविषा पुरु-

ইনি শ্রীমন্তাশতের সমগ্র ভাগণ কর উৎকল নবাক্ষরে অমুবাদ কা ন। ইনি প্রালিককবি জগরাধ দাসের পরবর্তী—নিত্যানন্দ পরিবার ভুক্ত জনৈক বৃন্দাবন, দাসের নিব্র জয়রাম দাস তাঁরই শিষ্য দীন বন্ধ, দাস। —বৈতরনী ভটবর্তী

মুকুন্দপুর গ্রামবাসী বধা-

বৈষ্ণৰ বৃন্দাবন দাস, জীকুষ্ণ ভজিরে দাসস।
জীনিত্যানন্দ পরিবার, অটস্তি অতিউদ্ধাচার।
যে অটে ভাহান্তর শিশু, বৈষ্ণৰ জয়রাম দাস।
ভান্ত প্রীভিরে বশ হৈলি, ভাগৰত কু গীত কলি।

গৌরাক পদাবলী নামক গ্রন্থ সঙ্কলন করেন। সঙ্কলনে কিশোরী দাস, সরস, মাধুরী, গ্রীপ্রভূচন্দ পোপাল, স্বাদ্ধ মিন্দ্র, বাঁকেপিয়া, বন বিহারী, দীনদাস, রসিক দাস, মনোহর, দামেদির, শাহ আকবর, পোপাল দাস, মীরা প্রভৃতির গৌরপদ সংগৃহীত হইয়াছে।

দুঃপ্রিনী—পরিচয় ব্রুত্তি । বৃহস্তক্তি তত্ত্সারে হংখিনী ভনিতা যুক্তপদ দেখা যায়।

দৈবকা লক্ষ্য — জ্রীদেবকীনন্দন দাস জ্রীনিড্যানন্দ কুপাপাত্র জ্রীপুরুষোত্তম প্রিভের শিক্ষা।

ভথাহি — ব্রীঅনুরাগবল্লী।—

িজীনিত্যানলের প্রিয় পুরুষোভ্য মহাশয়। দৈবকীনলন ঠাকুর তাঁর শিশু হয়।

তেঁহ যে কারলা বড় বৈশ্বৰ বন্দনা।"

গৌরালের নবদ্বীপ দ্বীলাকালে প্রীবাস পণ্ডিতের গৃহে শুবানী পৃদ্ধনকারী গালাল গোপালাই' পরবর্ত্তী কালে 'দৈবকী নন্দন' নামে প্রাসিদ্ধ হন। প্রীবাস পণ্ডিতের সমীপে অপরাধ করায় তিনি কুর্চ রোগে আক্রান্ত হন। গৌরাঙ্গ সন্মাসের পর বৃন্দাবন গমন উদ্দেশে গৌড়নেশে আগমন করেন। সেসময় কানাই নাটশালা হইতে ফিরেবার কালে কুলিয়ায় মাধবদাসের ধবনে প্রীগোরাঙ্গ কানাই নাটশালা হইতে ফিরেবার কালে কুলিয়ায় মাধবদাসের ধবনে প্রীগোরাঙ্গ পৌছিলে তিনি সকান্তরে প্রভূ চরণে আত্মনিবেদন করেন। তাঁহার হন্দিশা পৌছিলে তিনি সকান্তরে প্রভূ চরণে আত্মনিবেদন করেন। তাঁহার হন্দিশা পৌছলে তিনি সকান্তরে প্রভূ বলিলেন, 'প্রীবাস পণ্ডিতের সমীপে পমন দেখিয়া প্রভূব দয়া হইল। প্রভূব বিললেন, তাঁহার করুনা ভিন্ন ভোমার মোচন কর। ভাহার নিকট তোমার অপরাধ, তাঁহার করুনা ভিন্ন ভোমার মোচন নাই।' প্রভূব আজ্ঞায় তিনি প্রীবাসের চরণে পড়িলেন। প্রীবাস ভার অপরাধ করিলেন এবং বলিলেন তুমি পুরুষোন্তমের গলান্তার কর ও বৈষ্ণব বন্দুনা অপরাধ করিলেন এবং বলিলেন তুমি পুরুষোন্তমের গলান্তার কর ও বৈষ্ণব বন্দুনা অপরাধ করিলেন এবং বলিলেন তুমি পুরুষোন্তমের গলান্তার কর ও বৈষ্ণব বন্দুনা অপরাধ করিলেন এবং বলিলেন তুমি পুরুষোন্তমের গলান্তার কর ও বৈষ্ণব বন্দুনা

তথাহি— বৈষ্ণৱ বন্দনা ৷—

নাটশালা হৈতে যবে আইনেন ফিরিয়া। শান্তিপুর যান যবে ভক্ত গোষ্টি লৈয়া। সেইকালে দক্তে তৃন ধরি দূর হৈতে। নিবেদিনু গৌরাঙ্গের চরণ পদ্মেতে।

প্রভূ আজ্ঞা দিলা অপরাধ শ্রীবাদের স্থানে।
অপরাধ হয়েছে তোমার তার পড়হ চরণে ।
প্রভূব আজ্ঞায় শ্রীবাদের চরণে পড়িত্ব।
শ্রীবাদ আগে গোরের আজ্ঞা দদা মারে।
অপরাধ ক্ষমিলা দে আজ্ঞা দিলা মোরে।
পুরুষোত্তম পদাশ্রয় কর গিয়া ঘরে।
বৈষ্ণব নিন্দনে ভোমার এতেক হুর্গভি।
বৈষ্ণব বন্দনা করি শুদ্ধ কর মতি।

শ্রীগোরাক ও শ্রীবাদের আজ্ঞায় দৈবকীনন্দন বৈহুৰ বন্দন। য়চন। করেন।
দামোদর—দামোদর শ্রীগোরাক পার্যদ শ্রীষ্টরপ দামোদর গোস্থামী নামে
সর্ববন্ধন প্রসিদ্ধ। তিনি শ্রীগোরাকের অস্তরক পার্যদ ও সার্দ্ধ তিন বৈহুবের
অন্যতম। তিনি রাধাভাবে বিভাবিত শ্রীগোরাক্তকে ভাব উপযোগী পদ রচনা
করিছা সান্তনা প্রদান করিতেন।

ভথাহি—জ্রীচৈতন্য চরিতামতে— মধ্যে ১০ম পরিছেন—
সঙ্গীতে গন্ধর্বসম, শাল্পে বৃহত্পতি। দামোদর সম আর নাহি মহামতি।
তিনি প্রাগদাধর পণ্ডিতের শাখাভুক্ত ছিলেন এবং পূর্বব অবতারে ললিতা
সধী ছিলেন। তাঁহার পূর্ববনাম শ্রীপুরুষোন্তম পাওত। নবদ্বীপে আবির্ভাব।
শ্রীগোরাঙ্গের নবদ্বীপ ও ক্ষেত্রলীলায় সর্ববক্ষণ অল সঙ্গারূপে বিরাজ করিয়া
লীলা প্রভাক্ষ করিয়াছেন। তাঁর পিত। পদাগর্ভাচার্য্য জ্রীহট্টের ভিটা দিয়া
প্রাম হইতে নবদ্বীপে অধ্যয়ন করিতে আসিয়া জ্বয়রাম চক্রেক্তীর ক্ষয়াকে বিবাহ
করতঃ শ্বশুরালয়ে অবস্থান করেন। তথায় স্বরূপ দামোদরের জন্ম হয়।
মগপ্রেভ্ সন্মাস করিলে তিনি বিহতে কাশীধামে চৈত্র্যানন্দ নামক জনৈক
সন্মাসীর নিকট সন্মাস গ্রহন পূর্ববক নীলাচলে মহাপ্রভুর সমীপে আগমন
করেন। তারধি স্বরূপ দামোদর নাম ধান্ধন করেন। তিনি মহাপ্রভুর অপ্র

কটের পর নীলাচলেই অপ্রকট হন। জীলবিশ্বনাথ চক্রবর্তী বিরচিত ক্ষণদান গীত চিন্তামণি নামক গ্রন্থে (১০।৫) দামোদর ভণিতা যুক্ত পদের উল্লেখ রহিয়াছে।

২ ে শ্রখণ্ড নিবাসী। জ্রীগোরাঙ্গ পার্যদ শ্রীচিরজ্বীব সেনের শ্বন্তর। তিনি তিনি মহাকৰি ছিলেন।

ভথাহি ভক্তি রত্বাকরে ১ম ভরজে

দামোদর দেনের নিবাস জ্রীধেণ্ডেতে। যিঁহো মহাকবি নাম বিদিত জগতে । ইহান কৰিত সম্পর্কে "সঙ্গীত মাৰ্ব" নাটকে বর্ণিত রহিয়াছে।

> পাভালে বাস্থকী ৰক্তা বৰ্গে ৰক্তা বৃহষ্পতি। গোড়ে গোৰন্ধন দাতা ৰঙে দামোদর: কবি: ।

দামোদর কবিরাজ প্রখ্যাত কবি জ্রীগোবিন্দ কবিরাজের মাডামহ ছিলেন।

তথাহি—ভক্তি রত্নাকরে—১ তরঙ্গে

"দামোদর কবিরাজ সর্ববত্র প্রচার। কয়া স্থনন্দা, গোবিল্য পুত্র যাঁর।"
দামোদর একজন থিথিজয়ী পণ্ডিতকে পরাজিত করিলে তিনি ক্রোধে 'অপুত্রক হও' বলিয়া অভিশাপ দিয়াছিলেন। পরে দামোদর তাঁহার ক্রোধের শাস্তি কথিলে পাশুত বলেন তোমায় একটি কলা হইবে এবং ঐ কলার গর্ভে কীর্ত্তিশ্বনান তুই পুত্র জন্মিব। সেই কলাকে গৌরাল পার্যদ চির্ম্প্রীব সেন বিবাহ করেন। তাহাতে রামচন্দ্র কবিরাজ ও গোবিন্য কবিরাজের জন্ম হয়।

ਰ

প্রানিবাস আচার্যা — গ্রীমন্মগপ্রভুব প্রকাশ মন্তিরপে শ্রীনিবাস আচার্যা ।
প্রাবিভাব । পিতার নাম প্রীপলাধর চক্রপ্রী মাতার নাম পল্মীপ্রিয়া ।
নদীয়া দ্বেলাৰ চাকুন্দী গ্রামে বৈশাখী পূর্ণিমা ভিন্তিতে শ্রীনিবাস আচার্যা আবিভূতি হন । গুণতে শ্রীগৌরগুন মহিমা প্রচারের বল্ল তাঁহার আবিশ্রা ।
তাবিভূতি হন । গুণতে শ্রিগৌরগুন মহিমা প্রচারের বল্ল তাঁহার আবিশ্রাব ।
তাবিভূতি হন । গুণতে শ্রিগৌরগুন মহিমা প্রচারের বল্ল তাঁহার আবিশ্রাব ।
তাহার পিতা ও মাতা পুত্র কামনায় নীলাচলে জগরাপদেবের সমীপে গমন করিয়া মন আর্ত্তি নিবেদন কবেন । ক্রান্তাবর্তন করেন । শ্রীগৌরাক পরে ম্বে পুত্রবর লাভ করিয়া ক্রেশে প্রত্যাবর্তন করেন । শ্রীগৌরাক পরে ম্বে পুত্রবর লাভ করিয়া ক্রেশে প্রত্যাবর্তন করেন । গ্রীগৌরাক পরে ম্বেশিক প্রিবীর দ্বারে লক্ষ্মীদেবীতে সঞ্চার করেন, তাহাতেই শ্রীনিবাস আচার্য্যের জন্ম হয় । বাল্যে পিতামাতা সমীপে গৌরালের প্রেম্বলীলা

কাহিনী অবগত হইয়া গৌরাঙ্গের দর্শন আকাঞ্ছায় উন্মুখ হইলেন। বিভানিধি পণ্ডিত সমীপে তিনি অধ্যয়ন করেন। বালো তাহার পিতৃ বিয়োগ হয়। একদা প্রাতঃকালে স্নান উপলক্ষে, আগমন করিলে খণ্ডবাসী নরহরি ঠাকুরের সহিত মিলন হয়। তাহার পরিচয় জ্ঞাত হইয়া নরহরি ঠাকুর মহাআনন্দিত হইলেন। তারপর তাহাকে নরহরি ঠাকুর ঘরে পাঠাইলেন। তদবধি জ্ঞীনিবাসের এক অপূর্বক ভাবান্তর। হাদে নাচে কান্দে গায়, সব সময় প্রেমে অহির। পিতা মাতা মহা চিন্তিত হইলেন। এক বৃদ্ধ ব্রাহ্মণ বলিলেন গলা সান পথে নরহরি ঠাকুর সহিত মিলনে ছেলের এই দশা। সেই দিন হইতে জ্ঞীনিবাসের ক্রেমে ভাবান্তর ঘটিতে লাগিল। গৌরাঙ্গ সহ গৌর পার্ষদ গণের সহিত মিলনের জ্ঞা প্রবল্ধ উৎকণ্ঠা। সেকালে নৈববানী হইল।

তথাহি – প্রেম বিলাস –

"প্রেমরূপে জন্ম ভোমার চিন্তা কর কেনে 🛚

ভোমা দ্বাবে রাধাকৃষ্ণ লীলার প্রচার। চৈতত্যের আম্বান তুমি ভাসাবে সংসার।
কুন্দাবন, রস শাস্ত্র রূপ সনাতন। লিখিয়াছেন তুই ভাই ভোমার কারণ।
ভবিয়াত চৈতত্য গোসাঞি ভোমার নিমিত্তে।

তুই ভাই পাঠাইলা গ্রন্থ বর্ণন করিছে।

তুই ভাই সচিন্তিত আছেন বৃন্দাবনে। শীঘ্র যাহ যাদ তৃমি পাবে দরশনে।
এই বাক্যে বালক আন্তস্ত ১ইলেন। তারপর কিছুদিন মধ্যে সহসাশিতা পরলোক গমন কারলে মা তাসহ ধাজিপ্রামে মাতৃলালয়ে আগমন করেন। তথায়
মাতার রাখিয়া নরহার ঠাকুর সহিত মিলন কবতঃ তাহার নির্দেশে ক্ষেত্র পথে
রঙনা হইলেন। পথে মহা এভুর অন্তর্জান শুনরা ব্যাকৃল হইলেন।
ভারপর ক্ষেত্রে গিয়া গদাধর পণ্ডিত স্থানে ভাগবত পড়িবার বাস্তু। কবিলে
গৌর বিরহে বিরহক্রোপ্ত পণ্ডিত গদাধর নিত্য পাঠ্য ভাগবত খুলিয়া দেখেন
যে পাঠকালে চোখের জলে বহুস্থানে অক্ষর লুপ্ত তাই বলিলেন প্রভু নাই কে
এই অক্ষর পূরণ করিবে। তুমি শ্রীবিত হাতে একখানি ভাগবত লইয়া এদ।
তথন আচার্য্য পুনঃ শ্রীবিত আ সয়া ভাগবত গ্রহন করত নীলাচলে গমন
করলেন। পথে যাজপুরে পণ্ডিত গদাধরের অন্তর্জান শুনিয়া বিরহে ব্যাকৃল
তথা হইতে ক্ষেত্র্যাত্রা ভঙ্গ করিয়া শ্রীবিণ্ড আগমন করেন। তথা

হুইতে নবদীপে বিঞ্প্রিয়া ও খড়দহে জাহ্নবাদেবীর সহিত মিলন করিয়া থানাকুলে অভিরামের গহিত মিলন করেন। আভরাম তাঁর বৈরাগ্য পরীকা করিয়া জয়মঙ্গল চাব্কের আঘাতে প্রেমণক্তি সঞার করেন। বৃন্দাবনৈ রন্থন।থ ভট্ট স্থানে ভাগৰত পঠনের অভিশ্রায়ে বৃন্দাবন যাত্রা করেন। পর্যে রূপ—সনাতন রঘুনাথ ভটের তিরোধান সংবাদ পাইয়া বিরহে ব্যাকুল হন 1 তারপর মাঘমানের বসস্ত পঞ্মী দিবসে বৃন্দাবনে উপনীত হইয়া জীজীব গোস্বামীর সহিত মিজন হয়। তার নির্দ্ধেশ গোপাল ভট্ট গোস্বামীর নিকট দীক্ষা গ্রহন করেন। এবং শ্রীজীব সমীপে গোদ্ধামী শাস্ত্র অধ্যয়ন করিয়া অগাধ পণ্ডিত্য অন্ধ'ন করেন। জ্রীজীব গোস্বামী ভাহার পাণ্ডিত্যে আচার্য্য উপাধি প্রধান করেন। ভারপর জীরূপ গোম্বামীর শতিলাধ পূরনের জন্য সমস্ত বৈঞ্চৰ গনের আদেশ ক্রমে ক্রীজীৰ গোস্বামী ভক্তিগ্রন্থ প্রচারের বক্ত তাহাকে গৌড়দেশে প্রেরণ করেন। সঙ্গে নরোত্তম ও শ্রামানন্দকে অর্পন করেন। ছইটি পাড়িকে গ্রন্থভর্তি করিয়া দশজন অস্ত্রধারী সহ ।জপত্রী লেখাইয়া পাঠাইলেন। অগ্রহায়ণ মাদের শুক্লণক্ষের পঞ্চমা দিবদে রওনা হন। গৌড়দেশে পদার্পনের পর হনবিষ্ণুপুর রাজ বীর হাফীরের দহার্চরগন উক্তগ্রন্থ অপহরন করেন । পরে আচার্য্য বপ্রভাবে বীর হামীরের ভার্যান্তর ঘটাইয়া পরম ভাগবত করেন এবং তাহার মাধ্যমে ভক্তিগ্রন্থ প্রচার করিন। তারপর থাজিগ্রামে আসিয়া মাতার সহিত মিলন করেন। এবং যাজিগ্রামে রূপঘটকের অর্দ্ধ বাড়ীতে গ্রীপাট স্থাপন করেন। বীর হামীর বিষ্ণুপুরে ভাহার আবাস নির্মান করেন। আচার্য্য হুই স্থানেং অবস্থান করেন। ভারপর নরহরি ঠাকুরের আদেশে তুই বিবাহ করেন। জ্রমে তিন পুত্র বৃন্দাৰন আচাৰ্য্য, ৰাধাকৃষ্ণ আচাৰ্য্য ও পতিলোৰিন। চার বন্যা – হেমলতা, কৃষ্ণপ্রিয়া, কাঞ্চন লতিকা, যমুনা ঠাকুবানী ঈশ্বনী ও গৌরাক প্রিয়া,। তারপর আর্চার্যা ভাশবন্ড বাশ্যাধী শাস্ত্রের প্রচার করেন। বহু নিয়ু করেন। প্রস্থাত ছয় চক্রবর্তী, অষ্ট কবিরাজ তাহার শিয়ু বৈঞ্চ জ্বগতে তাহার অবনান অপরিসীম। ষড় গোস্বামী ও নরহন্তি সরকারের অষ্ট্রক সংস্কৃত ভাষায় রচনা করেন। জীনিবাস জাচার্য্যের সুরের নাম মনোহর সাহি। <mark>উহা মনোহর সাহি</mark> পরগনায় হইয়াছিল বলিয়া ঐনাম (হৈঃ জীবন ডঃ) পদকল্লভক এত্থের শ্ৰীনিশাস দাস ভনিতার পাদৃষ্ট হয়।

লবছরি দাস—নরহরি দাস জ্রীল বিশ্বনাথ চক্রবর্তীর শিষ্য জ্রীজগরাথ
চক্রবর্তীর পূত্র রূপে মুর্শিদাবাদ জেলার রেঞাপুর গ্রামে আধিভূতি হন।
জ্রীনিবাস আচার্য্য — ঠাকুর নরোত্তম ও শ্যামানন্দ প্রভূর প্রেমলীলা রহস্য জগতে
প্রচারের জন্য ভাহার আবিভাব। রুজুয়া নরহরি নাম সর্বজন প্রশিদ্ধ ভক্তিকর ব্রাক্তরের গ্রন্থামুবাদে আত্ম পরিচয় সম্পর্কে ভাহার বর্ণন যথা—

''নিজ পরিচয় দিতে লজা হয় মনে। পূর্ববাস গলাতীরে জানে সর্বভনে। বিশ্বনাথ চক্রবর্ত্তী সর্বত্র বিখ্যাত। তার শিশ্য মোর পিতা মিশ্র জগরাথ। না জানি কিহেতু হৈল মোর ছই নাম। নরহরি দাস আর দাস ঘন্টাম। গৃহাশ্রম হইতে হইলু উদাসীন। মহাপাপ বিষয়ে মাজ্জু রাতিদিন।

তথাহি - শ্রীনরহারর বিশেষ পরিচয়ে-

জীবিশ্বনাথের শিষ্য বিপ্র জগরাথ। ্ ভক্তিরদে মত্ত সদা সর্ববত্র বিখ্যাত। পানিশালা পাশে এই বেঞাপুর গ্রাম। তথাই বৈসয়ে বিপ্র তীর্থে অবিগ্রাম। পানিশালা গ্রামের নিকটস্থ রেঞাপুর গ্রামে আবিভূতি হন। নরংরি গুরু পরিচয় বর্থা — শ্রীনিবাস আচার্য্য-রামর্চন্দ্র কবিরাজ-হরিরামার্চার্য্য-গোপীকান্ত মনোহর-নন্ত্মার-নৃসিংহ চক্রবর্তীর শিষ্য নরহরি দাস l মরহরির পিতা জ্বারাথ বিবাহ ক্রিয়া পরে সংসারে উদাসী হইয়া সর্বতীর্থ ভ্রমন করতঃ বৃন্দাবনে বাদ করেন। নিত্যানন্দ বংশাত্মজ রাম লক্ষণের শিঘ্য লক্ষণ দাদ জগনাথকে গুহে পাঠাইয়া বলিলেন ভোমার যে পুত্র হইবে ভাহার দ্বারা জগতের অশেষ কল্যান সাধন হইবে। তারপর ঘরে আসিলেই নরহনির জন্ম হয়। তারপর ছগন্নাথ আবার গৃহ ত্যাগ করিয়া খুন্দাবনে গমন করিয়া তথায় অপ্রকট হন। এদিকে নরহার অল্লে দবশান্ত্র অধায়ন করত: নবদীপ হইয়া বৃন্দাবন গমন ক্তিলে লক্ষণ দাসাদির অনুরোধে গোবিনের সেবক নিযুক্ত হম। সকলে ই ইচ্ছ। নরহার গোবিন্দেও ভোগ পাক করুক। কিন্তু দৈন্তেখানি নরহারি বাহ্য সেবায় নিযুক্ত রহিলেন। একদা নরহরি মানসে পাক করিয়া গোবিন্দে নিবেদন কৰিয়াছেন। গোবিক স্বপ্নে জ্বপুর মহারাছতক দর্শন দিয়া প্রসাদ অৰ্পন করতঃ বলিলেন, তুমি বৃন্দাবন গিয়া আমাৰ আদেশ মত নরহরিকে আমার ভোগর রায় নিযুক্ত করা। তখন রাজা মহানন্দে বৃন্দাবনে আগমন করতঃ গোবিদের আদেশ জ্ঞাপন করিয়া নরহারকে রস্তই কার্য্যে নিযুক্ত করেন।

দেই হইতে রস্মা নাহরি নামে খ্যাত হন। তথাতি—ভথৈৰ—

"ভাল হে পাচক তুমি পরম প্রধান। আর এক পাক তুমি করিবা অচিরে। সেই স্বাদে মাতিৰ অনেক ভক্তগণ। এত কহি জয়ধ্বনি দিয়া সে সকলে। ত্রিভাগ বয়স এইরূপ পাক কৈল। তারপর উপবীত ত্যাগ তেঁহ কৈল। মধ্যে মধ্যে গোবিন্দ মাগির। কিছু খান। বছগ্রন্থ রচিলেন গোবিন্দ আজ্ঞায়। অনুরাগবল্পী আর ভব্তি রত্নাকর। মত সংস্থাপন জন্ম আরগ্রহ কৈল। - জীনরোত্তম বিলাস করিল বর্ণন। সব এন্থ মধ্যে জ্রীমন্তক্তি ৰত্নাকর। ব্রীনিধাস — চরিত্র আর পৃথক বর্নিল। ভপাহিত্রন্থ কন্তার পরিচয়ে—

গ্রীমহাশরের চায় বিলাস বর্নিতে। মোরে ভাত্তা কৈল মুক্তি গীন সর্বামতে 1 छनि स्मा गूर्थित मत्न व्यानन পण्डि । खीरिवरूंव जारमान ध कतिन वर्वन । বৈহত্ব গোদাঞির কুপামতে বৃন্দাবনে। মোর তৃই নাম ঘনগাম নরহার।

এইমত পাক তুমি কর প্রতিদিন । শ্রীনিবাদ নরোভ্য রদের ভাতারে। গানাদি রচিষা লে অপূর্বে রসায়ণ মুখ ভরি নিতানন্দ জ্রীগোরাক বলে। গোবিন্দু সেবায় নিতা সম্বোষিত হৈল। व्ययोहक देश्या उत्ता अपन कतिन । কভু মহাপ্রসাদাদি তাঁহারেও দেন । গৌরচরিত্র চিপ্তামগ্রাদ প্রস্থানয় । কিঅপূৰ্ব্ব বনিজেন নাহি যাব পর ৷ বহিন্মুৰ প্ৰকাশ তার নাম যে হইল। এসব শুনিয়া ভক্ত কর্ণ রসায়ন । বৰ্নিতে বৰ্নিতে গ্ৰন্থ হৈল কৃহত্তর ॥ সেই গ্রন্থে তাঁর শাখাগন বিস্তারিল।

নরোত্তম বিলাসাপা গ্রাম্থ আরভিল।

ক্রি পরিশোধন করহ আবাদন॥

মাথে গ্ৰন্থপূৰ্ব হৈল পৌৰ্নমাসী দিনে।

নরোত্তম বিলাস বনিলু যত্ত্বকরি॥ এইভাবে নরহরি দাস প্রীভক্তিরত্নাকর, নরোল্লম বিলাস। প্রীনিবাস চরিত্র, গীতচক্রোদয়, ছন্দঃ সমুদ্র, গৌরচরিত, চিস্তামনি, নামমৃত সমুদ্র শন্ধতি 📑 প্রদীপ, বহিন্ম্ব প্রকাশ, রাগরত্নকর প্রভৃতি গ্রন্থ রচন। করেন। ইনি একাধারে সুপাচক, সুগায়ক, সুবাদক, দঙ্গীতত্ত এবং প্রম বৈশ্বব ছিলেন। বৈষ্ণবৃদ্ধগতে তাহার অফুরস্ত অবদান গৌড়ীয় বৈষ্ণবের চিরস্মারনীয় ও গৌরবের সম্পদ। পদকল্পভক্ত আদি প্রন্থে নরহরি দাসের বন্ধ পদ উল্লেখ রহিয়াছে।

বাবেরান্তম দাস —নিত্যানন্দ প্রভুর প্রকাশ মূর্ত্তি রূপে ঠাকুর নরোত্তমের আ বর্তাব। ১৪৬৬ কাব্দে যখন প্রভু বৃন্দাবন যাত্রা উদ্দেশ্তে গৌড় দেশে আসেন সেসময় রামকেলি হইতে প্রত্যাবর্ত্তন পথে নরোত্তমকে আকর্ষন করেন। এবং প্রভু নিত্যানন্দ পদ্ম। গর্ভে প্রেম সংরক্ষণ করে। নরোত্তমের পিতার নাম জ্রীকৃষ্ণানন্দ দন্ত, মাতা ন রায়ণী, জ্যৈষ্ঠা পুরুষোত্তম দত্ত জ্যেতা সম্ভোষ দত্ত।

তথাহি-ভক্তি ১ তরঙ্গে -

জ্যেষ্ঠ পুরুষোত্তম, কনিষ্ট কৃষ্ণানন্দ। শ্রীকৃষ্ণানন্দের পুত্র শ্রীল নরোত্তম।
শ্রীপুরুষোত্তমের তনয় সম্ভোষাখ্য।

্ষাঘী পূর্ণিমায় ঠাকুর নরোত্তম জাবিভূতি হন। অন্নপ্রাশন কালে গোবিন্দের প্রসাদ ভিন্ন অন্ন গ্রহন না করায় ভদৰ্ধি প্রসাদ গ্রহন করিতে লাগিলেন। কিছুদিন পরে পিতামাতা পুত্রে বিবাহ দিয়া রাজ্যাভিবেকের অভিবায় করিলে সংবাৰ শুৰিয়া নৱোত্তৰ অভ্যন্ত বিচলিত হইলেন। সহসা একদিন প্ৰভাতে ্ত একাকী পদ্মা স্নানে পমন করেন। সেসময় প্রভু নিত্যানন্দ রক্ষিত প্রেম সম্পদ পদাদেবী প্রকৃট হইয়া ভাষাকে অর্পন করেন : সেই প্রেম প্রভাবে -ন্নোত্মের বর্ণান্তর ঘটিল। এবং প্রেমে ৰাহ্যজ্ঞান হারাইয়া নৃত্যুগীতাদি ্করিতে লাগিলেন। এদিকে পিডামাতা ভাহার অনুসন্ধানে আসিয়া বর্ণান্তর ঘটায় মহনা ভাহাকে চিন্তিতে পারে নাই। শেষে নরোজনের বাহাজ্ঞান হইয়া ্ৰপতামাতায় প্ৰণাম করিলে সকলে চিনিতে পারিলেন। কুফকান্ত দেহ গৌর এবং বুন্দাবন যাইবার জন্ম উত্তিগ্ন ইইলেন। পিভামাতায় আদেশ চাহিলে ভাহারা বিষ পানে প্রান ভাগে করিতে চাহিলেন। তবন विषयो लाय दशिलन । कृष्णमान नामक खरेनक विष्कृव ग्राथ शोदलीला শেষে নিবাদের মহিমা শুনিয়া তাহার সহিত মিলিত ইইবার জন্ম ব্যাকুল ত্রলেন। সেসময় জায়গীনার ভাহাকে ল:বার জক্ত লোক পাঠাইয়াছেন। শেই প্রযোগে মাতার নিকট বিদায় লইয়া রওনা হইলে পথে জায়গীদারের लाकामत्र वक्षना क्रिया नवदील आणि खमन क्रबंडः वृत्नावत्न ब्रह्मा १इटलन। ভাদশ বৰ্ষীয় শিশু পথে চলিতে চলিতে পায়ে ত্ৰণাদি অবস্থায় বৃক্ষমূলে শায়িত আছেন, ত্ত্ম হত্তে গৌরত্বনর স্বপ্নে রূপসনাতন দর্শন দিয়া অশেষ করুনা প্রকাশ করেন। তারপর ব্রক্তে পৌছিয়া গোধিন খন্দিরে জীব পোষামীর নর্শন

প্রাপ্ত হন। তারপর লোকনাথপ্রভুর সমীপে দীক্ষা গ্রহণ ও প্রীঞ্জীব গোস্বামী সমীপে গোস্বামী শাস্ত্র অধ্যায়ন করিয়া ঠাকুর মহাশয় উপাধি প্রাপ্ত হন। কতদিনে প্রীনিবাস আচার্য্য সহ বৃন্দাবন মিলন হইল। তারপর বৃন্দাবন লীলাস্থলী দর্শনাদি করডঃ বৃন্দাবনে কতককাল অবস্থান করেন। প্রীঞ্জীব গোস্বামীর আদেশে প্রীনিবাস আচার্য্য সঙ্গে গোস্বামী গ্রন্থ লইয়া গৌড়দেশে আগমন করেন। বনবিষ্ণুপুরে গোস্বামী গ্রন্থ অপহতে ইইলে প্রীনিবাস আচার্য্য তাহাকে খেতুরী প্রেরণ করেন। নরোত্তম খেতুরী পিয়া লিভাশাতাদির সহিত মিলন করতঃ কতকভাল অবস্থান করিয়া নীলাচলে গমন করেন। তথায় তৎকালীন প্রকট গৌরাঙ্গ পার্যদগণের সহিত মিলন করডঃ গৌড়দেশে আসেন। তথায় নবদ্বীপ আদি সমস্ত লীলাস্থলী দর্শন ও গৌর পার্যদগণের সহিত মিলন করডঃ গৌড়দেশে আসেন। তথায় নবদ্বীপ আদি সমস্ত লীলাস্থলী দর্শন ও গৌর পার্যদগণের সহিত মিলন করডঃ গৌড়দেশে সহিত মিলন করডঃ খেতুরীতে অবস্থান করিতে লাগিলেন। সেসময় বিগ্রহ স্থাপনের অভিলাবে পাঁচ মূর্ত্তি প্রিয়াসহ কৃষ্ণ মূর্ত্তি নির্ম্মান করেন।

তথাহি—নৰোত্তম বিলাদে - ১ম বিলাদ গৌৰাল বল্লণীকান্ত প্ৰীকৃষ্ণ ব্ৰহ্মমাহন। বাধারমন হে রাধে ৰাধাকান্ত নামোহ প্ততে ।

গৌরার্থ বিগ্রহ পাছ পাড়া গ্রামবার্থী বিপ্রদানের ধান্ত গোলা হইতে স্বপ্নাদীন্ত হইয়া প্রকট করেন। বিপ্রদানের ধান্ত গোলায় হক্তদিন যাবং স্বর্প ভরে কেহই ভাহার পার্থে যাইতে সক্ষম হইত না। ঠাকুর নরোন্তম স্বপ্নাদীন্ত হইয়া তথায় সমন করত প্রিয়াসহ গৌরস্থলাংকে প্রকট করেন। গৌরাঙ্গ বিগ্রাহ প্রকট করিয়া ভাবাবেশে স্ক্রীর্ত্তন কালে নং ভালের স্কলন করেন। তাহাই পরানহাটী স্বর নামে খ্যাত। পরানহাট পরগণায় এই ভালের স্কলন ভাই পরানহাটী স্বর নামে খ্যাত।

তথাহি – নরোত্তম বিলাদে — ৬৪ বিলাদ —

" একস্মাৎ দ্বন্দয়েতে হইল উদয়।

ক্ষেত্ৰ বাৰ ক্ষেত্ৰ কৰা দিয়া।

ক্ষেত্ৰ কৰা নহাশয়।

কি অন্তৃত্ত পান সৃষ্ঠি কৈলা মহাশয়।

কেইভাবে নবভালের সৃষ্ঠি হইল। তারপর ফান্তনী পুর্নিমায় জীবিগ্রহ স্থাপন উৎসবে বিশাল বৈশ্বৰ সমাবেশ ঘটিয়া ছিল। তৎকালীন প্রকট জীজাহ্নবা

দেবী সহ সমস্ত গৌরাঙ্গ পার্যদগন একত্রিত হইয়াছিল। এতবড় বৈষ্ণৰ সমাবেশ ও মহোৎদৰ তৎপূর্বের ও পরে হয় নাই। প্রীনিবাস আচার্য্য সপার্যদে উৎসবের সংযোগিতা করিয়া ছিলেন। সেই উৎসবে সংস্কীর্ত্তণে গৌরস্থান্দর সপার্যদে প্রকট ইইয়া কীর্ত্তন করিয়া ছিলেন। সেকালে প্রকটাপ্রকটের এক অভিন্ন স্বরূপ প্রকাশ পাইয়াছিল। রামচন্দ্র করিরাজ সহ নরোত্তমের এক অবিচ্ছিন্ন প্রেমস্ত্র স্থাপিত হইল। তদবধি রামচন্দ্র খেতুরীজে নরোত্তম সমীপে অবস্থান করিতে লাগিলেন। রামচন্দ্র সহ প্রেমরদে অবস্থান করিয়া ভক্তিশাপ্র প্রচার ও ভীবোদ্ধার করিতে লাগিলেন। নরোত্তম প্রভাবে কড দস্য যে উদ্ধার প্রাপ্ত ইইয়াছে তাহার ইয়বা নাই। দস্য চাঁদরায় আদি উদ্ধার তাহার প্রকাট্য প্রমান। নরোত্তম শৃত্র ইয়বা নাই। দস্য চাঁদরায় আদি উদ্ধার তাহার প্রকাট্য প্রমান। নরোত্তম শৃত্র হইয়া গঞ্জানার্যায় আদি উদ্ধার তাহার প্রকাট্য প্রমান। নরোত্তম শৃত্র হইয়া গঞ্জানার্যায় করিয় ব্যক্তিন ও গান্তীল গ্রামে প্রানত্যাগ এবং চিতার অগ্নির মধ্যে ঐশ্বর্যা প্রকাশাদি লীলা করেন। বৃন্দাবনে গিয়া রামচন্দ্র কবিরাজ অন্তর্দ্ধান করায় প্রিয়বিচ্ছেদ বিরহে বিরহাক্রাপ্ত নরোত্তম প্রেমানেশে পদাবলী স্ক্রন করেয়ে।

তথাহি-

রামচন্দ্র সহ মাগে নরেন্তম দাস ॥

প্রার্থনা, প্রেমভক্তি চপ্রিকা, পাষণ্ডদলন, বৈরাগানির্বয় প্রভৃতি গ্রন্থরাছী বৈষ্ণবীয় সাহিত্য ও সাধন তত্ত্বের অগুল্য সম্পদ । রামচন্দ্র কবিরাও সহ নরোজনের প্রগাঢ় স্থাতা ছিল তিনি প্রায়ই নির্জণে থাকিতেন । প্দকল্পকক্ষ গ্রন্থে তাহার বহু পদ পাওয়া যায়। তারপর গাঞ্জীলার গঙ্গার ঘাটে তিনি অপ্রকট হন।

লয়নানক্ষ্প পণ্ডিত — বৈষ্ণব সাহিত্যে ৪ জন মহনানক্ষের নাম পাওয়া যায়। এই চারজনেরই পদাবলী সাহিত্যে অবদান রহিয়াছে।

১। - নয়নানন্দ পণ্ডিত জ্রীগোরাঙ্গের শক্তি অবতার জ্রীল গদাধর পণ্ডিতের ভ্রাতৃষ্পত্র ও শেষ্য ছিলেন্। তাঁহার পরিচিতি বিষয়ে প্রেমবিলাস এন্ত্র ২২ বিলানের বর্ণন্ ২ও।—

"পণ্ডিত গোলাইর বড় ভাই বানীনাধ হয়। জগরাথ বলি তাঁরে কেহো কেহো কয়। বাণীনাথ ভঞ্জে সদা গৌরাক্ল চরণ। গৌরাক্ল চরণ বিনা নাহি ভ্রানে আন । বাণীনাথের পুত্র নয়নানন্দ গোসাঞি। তাহার যতেক গুন তার অন্ত নাই ।

তাহে শিশ্ব কৰি গোসাঞি শক্তি সঞ্চারিলা। পণ্ডিত গোসাই সেবা নয়ন পাইলা।

পণ্ডিত গোসাঞ্জি প্রভূর অপ্রকট সময়। নয়নানন্দেরে ডাকি এই কথা কয়।
মোর গলদেশে থাকিত এই কুঞ্জমূর্তি। সেবন করিহ সদা করি অভি প্রীতি ।

তোমারে অপিলা এই গোপীনাথের সেবা।
ভক্তি ভাবে সেবিবে না পৃদ্ধিবে অন্য দেবীদেবা।
অহস্ত লিখিত এই গীতা ভোমার দিলা।
মহাপ্রভু এক শ্লোক তাহাতে লিখিলা।
ভক্তিভাবে ইহা তুমি করিবে পূজন।
এত কহি পণ্ডিত গোসাঞি হৈলা অদর্শন।
দেখি শ্রীনয়ন গোলাঞি বহু খেদ কৈলা।
প্রভু ইচ্ছা মতে তবে স্থাইর হইলা।
নয়ন পণ্ডিত গোসাঞির অস্তোষ্টি ফ্রিরা করি।
রাচ্দেশে ভরতপুর করিলেন বাড়ী।

তথাহ--শ্ৰেমবিলাগ- ২৪ বিলান।

গৌরান্ধের প্রিয় পাত্র পণ্ডিত গদাধর। তার ভাই ক্লগন্নাথ আচার্য্য বিজ্ঞবর।
নদীরায় জগন্নাথ করিল বদ তি। তার পুত্র নরনানন্দ মিশ্র মহামতি ।
ভাতৃত্প,ত্র বলি ভাবে পুত্র স্লেহকরে। গোপালমস্ত্রে দীক্ষা দিলা নদীয়া নগরে।
চট্টগ্রামের বেলেটি গ্রামবাসা শ্রীমাধর মিশ্রের হুই পুত্র বানীনাথ ও গদাধর
পণ্ডিত। বানীনাথের হুই পুত্র হাদ্যানন্দ ও নরনানন্দ। গদাধর পণ্ডিত নিজ
ভাতৃত্প,ত্র হাদ্যান দকে গৌরীদাল পণ্ডিত সমাপে অর্পন করেন। এই হাদ্যানন্দ্র মিন্তা প্রভু শ্রামানন্দ। গদাধর পণ্ডিত ভ্রাতা বাদীনাথ সহ আবল্যা
নবদ্বীপৰাসী। নবদ্বীপেই নয়নানন্দকে গোপাল মন্ত্রে দীক্ষা দেন। গৌরাক্ষ
সন্মানে গদাধর পণ্ডিত নীলাচলে "টোটা গোপীনাথ" সেবা স্থাপন করেন।
সদাধর পণ্ডিত অন্তর্জান কালে টোটা গোপীনাথ সেবা, নিজগলদেশে স্থিত
শ্রীকৃষ্ণ মৃত্রিও সহস্ত লিখিত গীতা ভাহাতে বহাপ্রাক্রির সহস্তে লিখিত একটি

্রোক রহিয়াছে, ভাহা অপ'ন করেন। পদাধর পণ্ডিতের অন্তর্জানের পর নয়নামন্দ ভরতপুরে আসিয়া জ্ঞীপাট স্থাপন করেম। অন্তাপি জ্ঞীপাট বিরাজিত। ক্ষনদাগীত চিম্ভামনি ও পদকল্পতক্ষতে ভাহার বহু পদ আছে।

২। লয়বালন্য কবিরাজ— জ্ঞীনয়নানন্দ কবিরাজ জ্ঞীখণ্ড নিবাসী জ্ঞীরঘুনন্দন ঠাকুরের শিক্ত। বয়ঃ সন্ধি রসে ভাঁহার কবিছের বর্ণন—

खीत्रचूनन्त्रन भाषा निर्वरत्

রঘুনন্দনের শাখা নয়নানন্দ কবিরান্ত । যার শাখা উপশাখায় ভরিল ভবমাঝ।
বয়ঃ দল্লি রসে হয় যাহার বর্ণন । ভাগ্যবান সেই সেই করয়ে আরন ।
৩। বয়বারন্দ ঠাকুর—বীরভূম জেলায় মঙ্গলডিহি গ্রামে পাছুরা
গোপালের শিষা বংশের তৃতীয় অখন্তন হাদশ গোপালের অহাতম
ফুন্দরানন্দ গোপালের শিষ্য পানুয়া গোপালের শিষ্য কাশীনাথ। ভাঁহার
পাঁচপুত্র অনন্ত, কিশোর, হরিচরন, লক্ষন, কামুরাম । কানুরামের পুত্র
গোপালচরণ। ভাঁহার পুত্রন্বয় গোকুলানন্দ ও ময়নানন্দ । তুই ভাই পদাবলী
সাহিত্যের লেখক। নংনানন্দ শ্রীপাদরূপ গোস্থামীর বিরচিত শ্রীভিল্
রসামৃত সিদ্ধুর অনুগত্যে ১৬৫২ শকানে শ্রীকৃষ্ণভক্তি রস্কদন্ত ও ১৬৫০
শকান্দে শ্রীপ্রেয়োভল্তি রগার্গব গ্রন্থ রচনা করেন। প্রেয়োভল্তি রসার্গব গ্রন্থে
ভাহার রচিত প্রদ দ্বেখা যায়।

8। শ্রীনয়নারক দেব শ্রীনয়নানক দেব জীরসিকানক প্রভুর পুত্র
রাধানকের পুত্র জীসপ্রাণারী বৈক্রের গলতা গলীর মহাস্ত জীস্থানিকাই
কেহতাগ করিয়া নয়নানক দেব নাম ধান করেন। জীনয়নানক প্রভুর বচিত
বক্র উৎকল ও মেথিলী ভাষায় ১৫টি সংকার্তনের পদ এয়াবং সংগৃহীত
হইয়াছে। জীনয়নানক দেব জীরসিকানকের শিষ্য। বৈশাধী গুক্রা সপ্রমী
তিথিতে তিনি নিতা শীলায় প্রবীষ্ট হন। গৌড়ীয় বেদান্তাচার্য্য বলদেব
বিস্তাভূষন এবং শ্রীমানক প্রকাশ ও শ্রামানক রসাণব প্রনেতা কৃষ্ণাস

লক্ল দাস নাধন দাসের পরিচয় অজ্ঞাত চৈত্যুচরিতামূতে নিত্যানন্দ শাখার নবদীপবাসী এক নন্দন জাচার্যোর নাম পাওয়া যায়। ভথাহি—চৈ: চঃ আসি ১১ পরি:
বিষ্ণুদাস নন্দন গলাদাস ভিনভাই। পূর্বে গাঁর ঘরে ছিলা ঠাকুর নিভাই।
ভথাহি— চৈতন্যভাগরতে অস্ত ৫ অধ্যায়

চতৃত্'ব পণ্ডিত নন্দন গঙ্গাদাস। পূর্বে যাঁর ঘরে নিজানন্দের বিলাস। পদকল্পত্তক গ্রন্থে নন্দন দাস ভনিতা যুক্তপদ দেখাযায়।

্রবকান্ত—নুবকাস্তের পরিচয় অজ্ঞাত। পদকরতক্ষ গ্রন্থে নবকান্ত তনিতা যুক্ত পদ দেখাযায়।

লবচক্র দাস—নবচক্র দাসের পরিচয় অজ্ঞাত। পদকল্পতরু গ্রন্থে নবচন্দ্র ভনিতা যুক্তপদ দেখাযায়।

লবদ্বীপচন্দ্র দাস—নবদ্বীপচন্দ্র দানের পরিচয় অজ্ঞাত। পদকর্মতক গ্রন্থে নবদ্বীপচন্দ্র দাস ভনিতা যুক্ত পদ দেখাযায়।

নটবর দাস—নটবর দাসের পরিচয় অজ্ঞাও। পদকরতক এছে নটরৰ ভনিতা যুক্ত পদ দেখায়ায়

লাসির স্বামুদ্দ সুসলমান করি। পরিচয় অজ্ঞাত। পদকল্পতক্ষ থাছে নাসির মামুদ ভনিতা যুক্ত পদ দেখাযায়।

বিষানেল দাস—জ্ঞীনিমানল দাস পদকল্লভক্তর আদর্শে পদরস সার' সঙ্কশন করেন। ইহাতে প্রায় ২৭০০ পদ। পদকল্লভক্তর অভিরিক্ত ২১ জন পদকর্তার পদাবলী ও সংগৃহীত হইয়াছে। ইহাতে নিজের ১৪৬টি পদ রহিয়াছে অপ্রকাশিত পদরত্বাবলীতে নিমানল দাসের মাত্র ২২টি পদ উদ্ধৃত হইয়াছে (বৈঞ্চব সাহিত্য) ইনি জ্ঞীরঘুনাথ দাস গোস্বামীর গৌরাক্ত হুবকল্ল বৃক্ষের বসামুবাদ করেন।

—ভথাহি—

জীদাস গোস্থামীর পদ হাদে করি আশ। কল্লবৃক্ষ ভাষা কহে নিমানন্দ দাস।

নেকরাম দাস—নন্দ্রাম একজন পদকর্তা ইনি মহাভারতের অনুবাদক
কাশীরাম দাসের পূত্র। নন্দরাম মহাভারতের প্রেনি পর্বের অনুবাদ
করিয়াছেন।

বৃদিংছ দেৱ— রাজা নরসিংহ দেব ঠাকুর নরোত্তমের শিশ্র। তিনি পকপদ্দী দেশের রাজা ছিলেন।

তথাহি—শ্রীপ্রেমবিলাস - ১৯ বিলাস

"নরোন্তমের ফান রাজা নরসিংহ রায়। অতি দূরদেশ পরুপল্লী বাস হয়॥
গঙ্গাতীরে নগরী সেত অতি মনোরম। পুত্রসম স্লেহে প্রজা করয়ে পালন॥
ঠাকুর নরোন্তম থেতুরীতে অবস্থান করিয়া প্রেম প্রচার আরম্ভ করিলে রাজা
নরসিংহের সভার পণ্ডিতগণ তাঁহার প্রভাবে কটাক্ষ করিতে লাগিলেন।
নাজার সমীপে পুন: পুনঃ অভিযোগ করিতে লাগিলেন যে 'যে কোন প্রকারে
নরোন্তমের প্রভাব ক্ষুর্ম করিতেই হইবে। রাজা পণ্ডিতগণের বাক্যে বাধ্য
হইয়া একদিন পণ্ডিত মণ্ডলী সমবিত্যবহারে থেতুরী অভিমুখে রওনা হইলেন।
গড়ের হাটের নিকটবর্ত্তী কুমারপুর নামক স্থানে রাজা তাঁবু গাড়িলেন। এলিকে
রামচক্র কবিরাজ ও গলানারায়ণ চক্রবর্তী রাজার আগমন কাহিনী শুনিয়া
কুমারপুরে কুমার ও বাড়ুই সাজিলেন এবং ঘটনাচক্রে সমিল্ত পণ্ডিতগণকে
পরাভব করিলেন। পণ্ডিতগণের পরান্তবে রাজা লাজ্জত ও চিন্তিত হইলেন।
শেষে নরোন্তমের মহিমা সম্যক উপলব্ধি করিয়া পত্নী রূপমালা ও পণ্ডিত
মণ্ডলীসহ নরোন্তমের শিল্পছ গ্রহন করিলেন। ওদর্বধি রাজা পরম বৈঞ্চব
হইলেন এবং নরোন্তমের সঙ্গানন্দে বিভোর হইলেন। 'নরাসংহ দেব'' ভনিতা
যুক্ত বহু পদ পদক্রেক্তরু নামক গ্রন্থে উল্লেখ রহিয়াছে।

২। শ্রীনিবাস আগ্রহোর শিল্প বীর হাম্বীরের বন্ধ্ ভথাহি— সারাবলী -

"আচার্য্য প্রভুর শিষ্য নৃসিংহ রাজন। পরম পণ্ডিত হয় ভক্তি পরায়ন।
পূর্বব পুরুষ হৈতে মানভূমে স্থিতি। পদকর্ত্তা বলিয়া সর্বব্য যার খ্যাতি ।
বৃসিংক কবিরাজ নৃসিংহ কবিরাজ জ্রীনিবাস আচার্য্য প্রভুর শিষ্য।
উহার ছোট ভাই কবিশ্রেষ্ঠ নারায়ণ কবিরাজ।

তধাহি-শ্রীপ্রেমবিলাস-

নুসিংহ কৰিরাজ মহাকবি যেঁহো। যার আতা নারায়ণ কবিশ্রেষ্ঠ তেঁংে। । নুসিংহ কৰিরাজ নবপত্ত নামক কৰিছ গাঁত রচনা করেন।

<u>भवभुवास मान्-भवछवाम ङ्रिक्क मक्त ७ माध्य मन्नीछ नामक श्रष्ट्य ब्रह्मा</u> করেন। উভয় গ্রন্থই জ্ঞীকৃষলীলাকে কেন্দ্রকরেই বিরচিত। তাঁহার পরিচয় বিষয়ে মাধৰ সঙ্গীত গ্ৰান্থের প্রথম অধ্যায়ের বর্ণন হথা-

চম্পত নগরী গ্রাম. তাহাতে নিৰাস ধাম. নিবাস পুরুষ হয় সাত 🛭 লোকনাথ হরিরায়. তংপুত্ৰ সুবৃদ্ধিরায়, তার পুত্র জ্রীমধুসুদন। বিৰক্ষে জনমিয়া, ভাঁহার সম্পন হঞা, विवृष्टिण कृत्यम्त कीर्यम । পায়া গুরু উপদেশ, অনন্ত মহিমা শুন গ্ৰাম। কুঞ্চলেৱা স্থিপের. আপনি কলম ধরি. পরশুরামের মাত্র নাম। লিখন করেন হরি. **ঐ─>8 व्यश**् লিখর শ্রাম অধিপতি। ক্ষেত্রিয় শিরোমনি. সংলাৱে থনিধনি. রচিল সজীত পুঁৰি ঃ নুপতি আগ্রমে. ছার্মখকদ্যা প্রাথে, ঐ-ড অধাব কুষার শিখর শ্যাম। কেত্রি অবভংস. মচারাজ বংশ, রচিল পর্ভরাষ ।" সঙ্গীত বিলাসা, যার দেশে বসি. পরভ্যাম বোড়শ শভাকীর শেষভাগে যেদিনীপুর জেলার কাঁথি মহকুমার চম্পাইনগর নামক গ্রামে ব্রাহ্মন কুলে জন্মগ্রহন করেন। পিডা মধুস্কন ঘাদশ কলা গ্রামের কুমার শ্রামনিধরের আশ্ররে থাকিয়া মাধ্য সজীত রচনা করেন। ইনি আউলিরা মনোহর গালের নিকট বেশাশ্রর গ্রহন করেন। '(গৈঃ হৈঃ আঃ)

ভাহার গুরু পরিচর বিবরে ঐ – ৪ অধ্যার দেহ পদহায়া অভু খনোহর দাস ৷ পর্করামের রাত গুরুলদ আশ। মনোহর দাসের পরিচর বিষয়ক বর্ণন যথা—

क्षे->२ व्यश्य

क्षम कलन वज्ञ. বোরেসতে চরন্কিত্বরী। তুমি লে কক্সনালিজ্ব, মনোহর দাসে দয়া, কর কৃষ্ণ নাকর চাড়ুরী। ৰ্ভিঞা সকল মায়া. ভার পুর অভিলাব, কুপাৰুর বুন্দাবন দ্বালে। অকুত্ব বিশোর দাস, বিলসহ অনুক্ৰে, প্রিয়ায়ত পরিনত বেলে। माध्य बाट्सबं मत्न,

পদাरली গ্রন্থ রচনা বিষয়ে বর্ণন যথা— ১ অধ্যার

মূলব স পঞ্চধার, ভক্তিশাস্ত্র অভিপ্রায়। পঞ্চরাত্রি বিবিধ সংহিতা। ভক্তিয়ুক্তি নানাগ্রন্থ, কৌমার প্রতিমীতন্ত্র, বিষ্ণু রুদ্র পুরানের কথা। নাটক নাটকা ভেদ, গোপাল তাপিনী বেদ, বৃহৎকুল দিপিকা বিহিত। নিত্যপ্রিয়া স্থাদখি, নামগ্রাম য্থলেখি, এই হেতু মাধব সলীত। পদকর্তা পরস্তরামের সংস্কৃত, বাংলা ও ওড়িয়া ভাষায় যথেষ্ট দখল ছিল মাধব সঙ্গীত গ্রন্থের পঞ্চম অধ্যায় পদ উৎকল ভাষায় পদ রচনা করেন। পদকর্তা গ্রন্থের বন্ধনাম অনুক্রমে মনে তিনি শ্রীমন্মহাপ্রত্র সমসাময়িক ও শ্রীনিবাস নরোত্তম শ্রামানকের পূর্ববর্ত্তী মনেহয়।

পরমানন পুপ্ত—শ্রীপরমানন্দ গুপ্ত শ্রীনিভাানন্দ প্রভূব শিষ্য। প্রভূ ভাহার গৃহে^{ট শ্রমণ}ন করিয়া ছিলেন। তিনি শ্রীকৃত স্তবাবলীগ্রন্থ রচনা করেন[া]

ভধাহি— শ্রীপৌরগণে দেশ — ১৯৯ শ্লোকঃ

শ্রিকার প্রামানন গুপ্তো যাৎ কুডা কুফা স্তবাবলী ।"

ব্যানদের প্রীচৈতত মঙ্গলের মতে তিনি 'গৌরাঙ্গ বিজয়' নামক গীত রচনা করেন। তথাহি—নদীয়া খণ্ডে—

"সংক্ষেপ্ করিলেন তিঁহ পরমানন গুপ্ত। গৌনাল বিজয় গীত শুনিতে অন্তুত।"

পদকল্পভক প্রস্থে পর্মানন্দ ভনিতা যুক্ত পদাংলীর উল্লেখ রহিয়াছে।
পদকল্পভক প্রস্থে পরমানন্দ্' ভণিতায় গৌরলীলা ও কৃষ্ণলালা বিয়য়ক
পদাবলীর উল্লেখ রহিয়াছে। তাহা একজন পরম নন্দের কিনা বিচ র্যা
কেহ কেহ দেন শিশানন্দ স্থান্ত পরমানন্দ দাসকে (কবি কর্ণপুর) পদকর্তা
বলিয়া থাকেন। কাশীবাসী গৌরাঙ্গপার্যদ এক পর্মানন্দ কীঙ্গীয়ার নাম
পাওয়া য়ায়। তথাহি —য়াতিভেড্ড চারডায়্ডে— মধ্যে ২৫ পরিচেছ্দ
ভপন মিশ্র, রঘুনাথ, মহারাত্রীয় ভাষাণ।
চন্দ্রশেষর, কীর্ন্তনীয়া পরমানন্দ পঞ্জজন।

শর্মেশ্বর পান্স ত্রীপর্যেশ্বর দাস শ্রীনিত্যানন প্রভ্র শিষ্য ও দাদশ

গোপালের মধ্যে একজন। প্রভু নিত্যানন্দের প্রেম বিতরণ লীলায় পর্মেশ্বর সঙ্গী রহিয়া সন্ধীর্তন করিয়াছেন। কিছুকাল পর শ্রীজ্ঞাহ্নবা দেবী 'প্রীরাধানানী মূর্ত্তি নির্মান করাইয়া পরমেশ্বরের মাধ্যমে বৃন্দাবন প্রেরন করেন। সেই বিগ্রহ বৃন্দাবনে প্রীগোবিনাথের বামে প্রতিষ্ঠিত হইলে সেই সংবাদ লইয়া পরমেশ্বর খড়দহে প্রত্যাবর্তন করেন। তারপর জাহ্নবাদেবীর আদেশে ভড়া আটপুরে খ্রীরাধা গোপীনাথ মূর্ত্তি স্থাপন করেন এবং তথার সেবানন্দে অবস্থান করেন। তথাহি শ্রীভক্তি রন্ধাকরে ১০ তরঙ্গে সেবানন্দে অবস্থান করেন। তথাহি শ্রীভক্তি রন্ধাকরে ১০ তরঙ্গে শ্রেরা প্রকাশহ। করারীর আজ্ঞায় গ্রীপরমেশ্বর দাস্যা রাধাগোপীনাথ সেবা করিলা প্রকাশ । তিনি সপ্রভাবে সংকীর্তন মধ্যে শৃগালকে নাম কওয়াইয়া ছিলেন।

ज्याहि—देवस्य वंस्पना—

পরমেশ্বর দাস বন্দিব স বধানে। শৃগালে শওয়ান নাম সমীর্ত্তন স্থানে।" পদকল্পতক্ষ প্রত্যেশ্বর পরমেশ্বর নামে পদ নেখা যায়।

প্রসাদদাস—প্রসাদ দাসের নাম গুরুপ্রসাদ সেনগুল । (মতান্তরে প্রীনিবাস আচার্য্য দিয়া করুণাময় মজুমদার পূজ)। তিনি "পদচিন্তামনি মালা" নামক পদাবলীর সন্তলায়তা। ইংগর অধিকংশ কবিতাই ব্রজ বুলিতে রচিত। ১২৮৩ বছালে প্রথমতঃ এই গ্রন্থ প্রকাশিত হয়। ভূমিকাতে ইনি ব্রজবৃদি ভাষায় স্বর্ধবিষয়ে ও ব্যাক্রণ সন্তর্জে আলোচনা করিয়াছেন (বৈষ্ণব জাবন ধৃত)। পদকল্লতক গ্রন্থে 'প্রসাদ দাস" ভণিতায় বহু পদ রহিয়াছে।

প্রবোধানক সরম্বতী — প্রবোধানক সর্যতী পদ তদীয় সঙ্গীত মাধব গাতিকাব্যে ২৯টা গীতের বচনা করিয়াছেন। কাশীবাসী সন্ন্যাসীর আচার্য্য প্রকাশান দ সর্পতী গৌর কুপালাভের পর প্রবোধানক সর্পতী নামে প্রসিদ্ধ পীতাম্বর দাস — প্রীপীতাম্বর দাস প্রীথগু নিবাসী পদকর্তা। রামগোপাল দাসের পুরা। প্রীথগু বাসা প্রীরম্বনকর ঠাকুরের বংশধর প্রশাসনক্ষন ঠাকুরের শিষা। পীতাম্বর দাস অন্তর্মন ব্যাখ্যা ও রসমন্ত্রনী গ্রম্প্রমন্তর করেন। উক্ত গ্রম্বয় গৌড়ীয় বেক্সব সঙ্গীতের অমূলা সম্পদ। পীতাম্বর দাসের রসমন্ত্রনী বর্ণনের কারন সম্বন্ধে তাহার বর্ণন এইরূপ।

ভগাহি —
বসকল্লবল্লী প্রন্থের অন্তম কোককে।
ভাহসুদ্দা করিতে পিতা আজ্ঞাদিল মোকে।
ভাহার কড়চা কিছু আছিল বর্ণন।
গ্রন্থ বিস্তার ভয়ে না কৈল লিখন।

সেই অন্তদলের মঞ্জরী কথোক পাইল। রসমঞ্জরী ৰলি তবে গ্রন্থ জানাইল ।

পুরুষোত্তম দাস—গ্রীগোরাল পার্বদ মধ্যে বহু পুরুষোত্তমের নাম পাওয়া বায়। পদকর্তা কোন পুরুষোত্তম বলা সুকঠিন।

পুর্ণালন্দ দাস — প্রভূনিভানন্দের প্রাভার নাম পূর্ণানন্দ। কৃঞ্জের তরন্ধিনী গ্রন্থে দ্বিন্ধ পূর্ণানন্দ ভনিতা যুক্ত হুইটিপদ দৃষ্ট হয়।

ু ভখাহি—

"ব্ৰহ্মাৰণে গুনৰাঞা, সাধিৰে কেবন সাৱা, সন্ধা করিয়া আসি আৰি । কহে বিজ পূৰ্ণানন্দ, পোপাল পদারবৃন্দ, নুপতি এখানে থাক তুমি ।" প্রেয়াকাস—প্রেমদানের নাম প্রীপুরুষোত্ম সিদ্ধান্ত বাগীণ। তার জীগুরু প্রদক্ত নাম প্রেমদান। তার বংশ পরিচর সম্পূর্কে বীর গ্রন্থে ভাহার বর্ণন বথা—

> ভথাহি — চৈতন্যচন্দ্ৰোদয় নাটকের, বদানুবাদে — প্ৰভু যবে প্ৰকট আছিলা।

বুদ্ধ প্রাপিতামনত, জ্ঞীপোক্ল নগরে লেহ, গৃহাপ্রামে বর্তমান হৈলা ।
কাশ্রপ মুনির বংশ, বিপ্রকৃল অবভংস, জগরাথ মিশ্র তাঁর নাম ।
তাঁর পুত্র কুলচন্দ্র, নাম জ্ঞীমুক্লানন্দ, তাঁর পুত্র গলাদাসাখ্যান ।
তাঁর হয় পুত্র ছিলা, তিনপ্রভা কৃষ্ণ পাইলা, তিন প্রভা থাকি অবশিষ্ট ।
ক্রিগবিন্দ রাম, রাধাচরন মধ্যম, রাধাকৃষ্ণ পাদপদ্ম নিষ্ঠ ।
ক্রিলিট আমার নাম, মিশ্র জ্ঞীপুরুষোজ্ঞম, গুরুলান্তে মোর অভিলাব ।
ক্রিলান্ত থাপীশ বলি, নাম দিল বিজ্ঞাবলী, কৃষ্ণদান্তে মোর অভিলাব ।
ক্রেমন্দাসের গুরু বৃদ্ধ পিতামহ জগরাথ মিশ্র গোক্লনগরে বাস করিতেন ।
ক্রগন্মাথের পুত্র মুক্লানন্দ্র, তাঁরপুত্র গঙ্গাদাস। গঙ্গাদাসের ছয়পুত্র।

তিন পুত্র অল্পকালে গলাপ্রাপ্ত হন। অব্বিষ্ট তিন পুত্র – গোবিন্দরাম, রাধাচরন ও পুরুষোত্তম। পুরুষোত্তমের অভাতৃত পণ্ডিভা দেখিয়া বিজ্ঞান ভাষাকে নিক্ষান্ত বাগীশ উপাধি প্রদান করেন। তখন ভাষার নাম হয় পুরুষোত্তম নিক্ষান্ত বাগীশ। ভাঁছার গুরু পরিচয় সম্পর্কে বংশীশিক্ষা গ্রন্থের বর্ণন এইরূপ।

"মোর পরাপর গুরু প্রভু রামচন্দ্র। যাহা হৈতে পায় লোক নিগৃত আনন্দ । উর্দ্ধনাত হঞা বন্দো প্রাহির গোসাই। গুরুপদ পদ্মনিষ্ঠ যাঁর সমনাই। প্রেমদাস যোড়ণ বংসর বয়সে বৃন্দাবনে গমন করতঃ প্রীগোবিন্দ দেবের রন্ধন কার্বা নিযুক্ত হন। কিছুদিন পরে তাঁহার জ্যেষ্ঠ প্রাতা তথার উপনীত হইয়া তাহাকে গৃহে আনয়ন করেন। একদিন স্বপ্নে নবরীপধাম সহ সপার্ষদ নিতাই গোরাঙ্গ দেবের দর্শন ও স্পালায় সেবা কিয়া অশেষ করুনা লাভ করেন। তদবধি তিনি গৌরাঙ্গের মধুর স্পালা রস আস্থাদনে উদ্ধিয় হইসেন। কবি কর্ণপুর বিরচিত তৈত্যাচন্দ্রোদয় নাটকের বঙ্গান্থবাদ করেন ও বংশীনিক্ষা প্রস্থ রচনা করেন। বংশী কলান, বংশীলাম্ভ, রামের কড়চা, কেশব সঙ্গীত, গোরাজ বিজয় প্রভৃতি গ্রন্থ, পদাবলী, সাধু বাক্য হিচার করিয়া বংশীনিক্ষা গ্রন্থ রচনা করেন। ১৬৩৪ শকে চৈত্যা চন্দ্রোদয়ের বঙ্গান্থবাদ ও ১৬৩৮ শকে বংশীনিক্ষা গ্রন্থ রচনা করেন। গদকরতক্র প্রন্থে প্রেমদাসকৃত বহু পদ সন্নিবেশিত হইয়াছে। প্রেমদাসের নামান্তর প্রেমানন্দার প্রেমানন্দের মনঃশিক্ষা সর্বজ্ঞন প্রাসন্ধ প্রাসন্ধ নামান্তর প্রেমানন্দার স্ববিজ্ঞন প্রাসন্ধ ব্যাসন্ধ নামান্তর প্রেমানন্দার স্ববিজ্ঞন প্রাসন্ধ নামান্তর প্রমানন্দার স্ববিজ্ঞন প্রাসন্ধ নামান্তর প্রমানন্দার স্ববিজ্ঞন প্রাসন্ধ নামান্তর প্রমানন্দার স্বিজ্ঞান প্রাসন্ধ নামান্তর প্রমানন্দার স্বাসন্ধ স্বাসন্ধ স্বাসন্ধান্দার স্বিজ্ঞান প্রাসন্ধ স্বাসন্ধ স্বাসন্ধ স্বাসন্ধান্দার স্বাসন্ধান্ধ নামান্ধান্ধ স্বাসন্ধান্ধ স্

বাসুদেব ঘোষ—প্রীমশাহাপ্রভুর প্রেমলীল। বৈচিত্র অবলম্বনে পদাবলী রচনায় প্রীয়ণ্ড বাদী নরহার ঠাকুর পুরোধা হইলেও বস্তু মুখী লীলার পদাবলী রচনায় স্বচনায় জীল বাসুদেব ঘোষ অগ্রগন্ত। গৌরাঙ্গ বিষয়ক পদাবলী রচনায় বাসুদেব ঘোষ সর্বজন বিদিত। তাহার আবিভাব বিষয়ে প্রীপাট পর্যাটন গ্রন্থের মুব্দিন—

"অগ্রদ্বীপে তিন বোষ লভিলা জনম।"

হাওড়া টেশন হইতে ব্যাবেল কাটোয়ার মধ্যবর্তী অগ্রন্থীপ ষ্টেশন। অত্যাপি তথায় শ্রীগোবিন্দ ঘোষের শ্রীগোপীনাথ সেবা বিরাশিত। গোবিন্দ, মাধ্ব ও ৰাস্ত্ৰের ঘোষ ভিম ভাই জ্রীগোরাঙ্গ পার্যদ ও কীর্ত্তণীয়া। তিন জনেরই পদাবলী সাহিত্যে অবদান রহিরাছে।
জ্রীবাস্ত্রদেব ঘোয়ের পূর্ববাবভার বিষয়ে কবি কর্ণপুরের জ্রীগৌর গনোদ্দেশ দীপিকা গ্রন্থের ১৮৮ শ্লোকের বর্ণন—

"কলাৰলী রসোল্লাদা গুনতুক্সা ব্রঞ্জেতা। ই।বিশাখা কৃত গীতং গায়ন্তি স্মাত্যতামতাঃ ॥ গোবিন্দ মাধ্যানন্দ—বাস্তদেব যথাক্রমং ॥

ব্ৰজনীলার গুনতুকা স্থিই গৌরাক্সলীলায় বাহুদেব ছোষ নাম ধারন ক্রিয়াছেম। জ্রীরান্তদেব ঘোষের জ্রীপাট বিষয়ে জ্রীপাট নির্ণয় গ্রন্থের

"বাস্থদেব ঘোষের তাহা গৌরাজপুর হয়। যাদব সিহের নবরত্ব দেখিতে বিস্ময়। এই গৌরাঙ্গপুর হুগলী জেলায় অবস্থিত। তারকেশ্বর হইতে ২০-এ, বাসে এখানে যাওয়া যায়। কিন্তু শ্রামানন্দ প্রকাশ গ্রন্থের অন্তম দশায় মেদিনীপুর জেলার তমলুকে তাঁহার সেবা প্রকাশের কাহিনী রহিয়াছে।

শ্রীমন্মহাপ্রভূ টোটা গোপীনাথে আন্তর্জান করিলে গৌরবিরহে শ্রীবাস্থ্রদেব ঘোষ সন্ত্রীক চোথে পট্ট বাঁধিয়া প্রানত্যান সঙ্কল্ল করিলেন।

দিশ্চয় ডাজিব প্রান সাক্ষাৎ অনর্শনে। মাটি থোঁড়ে নিজদেংদিবে বিসর্জনে।
অন্তাপিত নরপোড়া সর্বলোকে গায়। অত্য বরদ দিয়া মহাপ্রভূ রয়।
তবে রাত্রে বালরূপ হইয়া আইলা। পট্ট খুলি দেখ মোরে বলি আজ্ঞা কৈলা।

বোধ কহে কহে। তুমি তোমা নাম কোন। তবে কহে প্রভূ মোর শ্রীনমাই নাম।

শুনি ঘোষ ৰলে যদি নিমাই হইবে। নিশ্চঃ মানিব আপে পট খুলি যাবে।
তবে প্রভু ইচ্ছাতে পট খুলি গেলা। শুইয়া আছেন নিমাই ক্রোড়েভে দেখিলা।
বলে কোথা ছিলে আমায় ছাড়িয়া। দারত ধনপায় যেন দিয়ে ফেলাইয়া।
তাত বলি কোলে ধরি ক্রন্ধেলাগাইশা। প্রভুক্তে বর মাগ বলিয়া বলিলা।
ঘোষ বলে মোরে যদি করিবে হুদ্য়া। দাগ এই বানে তুমি রবে মোরে লএগ।
তাত বলি মহাপ্রভু অফীকার কৈলা। সেই দিনাক্ষি প্রভু সেখানে রহিলা।
তাত বলি মহাপ্রভু অফীকার কৈলা। সেই দিনাক্ষি প্রভু সেখানে রহিলা।
তাত বলি মহাপ্রভু অফীকার কৈলা। সেই দিনাক্ষি প্রভু সেখানে রহিলা।
তাত বলি মহাপ্রভু অফীকার কৈলা।

করিতে লাগিলেন। প্রভূ খ্যামানন্দ প্রেমপ্রচারে ওথার গেলেন দে সময় জ্যাগারাক্তদেব এক সন্মাসীর অভ্যাচারে মির্জ্জাপুরে এক ব্রাহ্মন গৃহে অবস্থান করিতেছেন। প্রভূ খ্যামানন্দ তমলুকের রাজাকে কুপা সঞ্চার করিয়া সন্মাসীকে ঐ অঞ্চল ইইতে বিভাড়িত করতঃ মির্জ্জাপুর হইতে জ্রীপৌরাসদেব-কে তমলুকে আনিয়ন করেন।

প্রভূ খ্যামানন্দের শিব্য প্রীর্সিকানন্দ প্রীগুরুদেধের আদেশে প্রীগৌরারদেবের সন্ধান করিতে করিতে মির্জ্জাপুরে গিয়া জীবিগ্রহের সন্ধান পাইলেন।

"কন্যাবলে এই কুড়িয়াতে আছে বযা।।

হেঁদের ভিতরে হুদ্রে আছেন ওইয়া।
খ্যাম রাসক মুরারী কুড়িয়াতে গেলা।
প্রেমানন্দ চিত্ত ২ঞা হেঁস খুলাইলা।

নবচৈত্য দেখিয়া আনন্দ হইল। বিনীত করিয়া বহু প্রনতি করিল। এইভাবে জ্রীগৌরাঙ্গদেবের দ্বান পাইয়া ত্মলুকের নরপোতায় স্থাপন করত: থেতুরী উৎসবের ক্যায় মহামহোৎসব করেন। "খেতুরীতে মহোৎসৰ ঠাকুর মহাশয়। সাক্ষাতে গৌরাঙ্গ তথায় করিল আলয়।

নরোত্তম আজাতে জীবসিক মুরারী। তৈছে-আয়োজিল তেঁহ সাক্ষাত অবতরি। ভাত্রলিপ্ত নরপোতায় তৈছে মহোৎসব। ভাত্মানন্দ সাক্ষাৎ তেন বড়ই আপূর্বব।

এইভাবে প্রিগোরাঙ্গদেব তমলুকে পুনঃ প্রতিষ্ঠীত হইল অন্তাপি তমলুক সংক্রেম মধ্যেই জীপাট বিরাজিত। দক্ষিন পূর্বব বেলপথে হাওড়া—খড়গপুর বেলপথে মেছেদা ষ্টেশনে নামিয়া বাসে ভমলুকে যাভয়া যায়। প্রীরামগোপাল দাসের জ্রীপাট নির্ণয়ে ভমলুকে জ্রীবাল্পেব ঘোষের প্রাভা ম ধব ঘোবের জ্রীপাট বলি ছেন।

"ভমলুকে মাধব ঘোষের দেবালয়। হরি বিফু জগরাথ গৌরাঙ্গ আশ্রয়। বাসুদেব ঘোষ ভমলুকের গৌর জ সেবা ভ্রাভা মাধব ঘোষের হস্তে অপ'ন করিয়া পরে হগলী জেলার গৌরাঙ্গপুরে আসিয়া অবস্থান করিয়াছিল কিনা ভাগর কোন প্রমান পাত্রা যার না। কিংবা ইভিপূর্বের গৌরাসপুরে বাস করিয়াছিলেন কিনা কোন তথ্য পাত্রা যায় না। তবে ৰাম্বদেব ঘোষ পদাবলী রচনার ম.ধ্যমে তাহার ঐকান্তিক গৌর প্রীতির প্রকাশ পাত্রা যায়।

বাসুদেব দত্ত — শ্রীবাস্থদেব দত্ত জ্রীগৌরাঙ্গ পার্ষদ মুকুন্দ দত্তের প্রাডাইংাদের বংশ পরিচয় সম্পর্কে প্রেম বলাস প্রত্যের ২২ বিলাসের বর্ণন যথা—

"চট্টগ্রাম দেশ চক্রশাল গ্রাম হয়। সম্রান্ত দত্ত অন্তর্ত ভাহে বসতি করয় ॥

দেই বংশে জনমিলা হুই ভাগবত। জ্রীমুকুন্দ দত্ত আর ৰাস্থদেব দত্ত ॥

তুই ভাই কৃষ্ণ ভক্ত জানে সর্বজন। বাস্থদেব জ্যেষ্ঠ মুকুন্দ কনিষ্ঠ হন ॥

তুহৈ আসি নবদীপে করিলেন বাস। জ্রীকৃষ্ণ হৈত্তত্য প্রভূর তুই প্রিয় দাস॥

শ্রীমুকুন্দ দত্ত প্রভূর সমাধ্যায়ী হয়। প্রভূর সঙ্গেতে বিচার হয় সর্ববদায় ॥

মুকুন্দ দত্তের স্বরূপ মধুক্ঠ হয়। বাস্থদেব দত্তে মধুক্রত বোলি কয় ॥

বাস্থদেব দত্তের পূর্ববাব্রার বিষয়ে কৰি কর্ণপুর বির্বিত্ত জ্রীগৌরগণোন্দেশ

দীপিকা গ্রন্থের ১৪০ শ্রোকে বর্ণন—

ব্রক্তে কিতে গায়কো যৌ মধুকণ্ঠ মধুব্রতো।

মুকুন্দ বাস্থদেনো তৌ দত্তো গোরার গায়কো ॥
ব্রক্তনীলায় ক্ষের শৃঙ্গা, বেনু, মূরলী, যন্তী আদি যে সকল চেট সেবকগণ বহন
করিতেন তার মধ্যে শ্রুকণ্ঠ মধুব্রত গৌরলীলায় মুকুদ ও বাস্থদের দত্ত নামে
জন্ম গ্রহন করিয়াছেন। উভয়ের গৌরালের গায়ক।
বাস্থদের দত্ত অভিতর সমীপে দীক্ষা গ্রহন করেন। এতিরিবিয়য়ে অবৈত
প্রকাশ গ্রন্থের ১৩ অধ্যায়ের বর্ণন—

"নন্দিনী প্রভৃতি শ্রীমান বাস্ত্দের দত্ত। প্রভু স্থানে মন্ত্র লয়া ইইলা কুতার্থ। শ্রীমদাহাপ্রভু যখন বৃন্দাবন যাত্রা উদ্দেশ্যে ১৫১৫ খৃঃ গৌড়দেশে আগমন করেন সেই সময় স্কুমার হট্টের শ্রীবাস ভবন ইইডে শিবানন্দ সেনের ভবন ইইয়া বাস্তদেব দত্তের ভবনে গমন করেল।

তথাহি— চৈঃ চন্দ্ৰোঃ নাটকে—১ম অন্তে

অনস্তরং গৃহ ধং পিছা ৰাহদেৰ বাটী মাগতা ক্ষনমাৰস্থার পুনস্তরনি মারুহা চলিত ৰভি ।"

ভারপর কান ইর নাটশালা হইতে প্রভাবর্ত্তন পথে কুমার হট্ট শ্রীবাদ ভবনে

শ্রীগোরত্বনর আসিলে বাস্থদেব দত শ্রীশিবানন্দ সেনাদিসহ মিলিত হন। বাস্থদেব দত্ত কাঞ্চন পল্লী হইতে নবনীপের সমীপস্থ মামগাছি গ্রামে দেবা স্থাপন
করেন। অভাপি মামগাছি গ্রামে ভাহার মদনগোপাল সেবা বিরাজিত।
এখানে পঞ্চম বর্ষীয় বৃন্দাবন সহ মাতা নারামণী দেবী গিয়া কিছুকাল অবস্থান

করেন। তথাহি—এপ্রেমবিলাস—

পঞ্চম বংসরের শিশু বৃন্দাৰন দাস। সাতা সহ মামগাছি করিল নিবাস ।

ৰাস্থদেব দত্ত প্রভুর কুপার ভাজন। মাতা সহ বৃন্দাবনের করে ভরনপোষন॥

বাস্থদেব দত্তের ঠাকুর বাড়ীতে বাস কৈল।

নানা শাস্ত্র বৃন্দাবন শড়িতে লাগিল।

নারায়ণী দেবীরে সেবা করিয়া অর্পন। নীলাচলে প্রভূ পাশে করিলা গমন । নীলাচলে প্রভূ সমীপে অবস্থান সম্পুর্কে বৈষ্ণব বন্দনার বর্ণন—
"বাস্থানের দত্ত বন্দো বড় শুদ্ধভাবে। উৎকলে থাহারে প্রভূ রাখিলা সমীপে।"
বাস্থানের দত্ত ভনিতা যুক্ত পদ দেখাযায়।

বংশীবদ্বে —গ্রীবংশীবদন নবরীপবাসী প্রীপৌরাক পার্যদ। বংশীবদনের পিতা গ্রীহকড়ি চটোপাধার পাটুসী গ্রাম হইতে নবরীপস্থ কুলিয়া পাহাড়পুরে আসিয়া অবস্থান করেন। এখানে ১৪১৬ শকাবে বংশীবদনের জন্ম হয়।

তথাহি — জীবংশী শিক্ষা— ২ম উল্লাস
'ভাগীংথী ভটে রুমো গৌড়ে পৃঞ্চে নবদ্ধীপে।
কুল'য়ায়া শুভে শ কে রুমেন্দু বেদ চন্দ্র মে।
শ্রীবংশীবদনো যন্দ্রাং প্রকটোহ ভূদিলালয়ে।
সর্বসদগুন পূর্ণাভাং বন্দেহহং মধু পূর্ণিমাং।"

বংশীবদনের বংশ পরিচয় সম্পর্কে বংশীবদনের শিশ্ব জগদানন্দ পশুতের বিরচিত জ্রীবংশী লীলামূত গ্রন্থের বর্বনের ক্রেম যথা—
বিরচিত জ্রীবংশী লীলামূত গ্রন্থের বর্বনের ক্রেম যথা—
ক্রীনারায়ণ—ব্রক্ষা-মরীচি-কশ্যপ-কাশ্যপ - স্বর্গার-গৌতম-বীতরাগ-কলাধর ক্রীকর-বহুরপ-গোবিন্দ-চক্রপানি রত্বাকর-হামো-দক্ষ-মূলোচন-নাইদেব-বরাহ-জ্রীকর-বহুরপ-গোবিন্দ-চক্রপানি গুনাকর - অর্কচাদ-ক্রীক্ষ্ণ-লোকনাথ-শ্রীমান-গোপাল-তপন-গদাধর-হরিদাস গুনাকর - অর্কচাদ-ক্রীক্ষ্ণ-লোকনাথ-শ্রীমান-গোপাল-তপন-গদাধর-হরিদাস ধনপতি-বিভাষাগীশ-যুধিন্তির-মাধব দাস (ছকড়ি চট্ট) জ্রীবংশীবদন-চৈতক্র ও

নিতানন্দ। চৈতত্তের পুত্র রামাই ও শচীনন্দ্ন। শচীনন্দনের পুত্র রাজবল্লভ শ্রীবল্লভ ও কেশব।

মহাপ্রভুর সন্নাস গ্রহনের পূর্বেব বংশীবদন প্রভুর সমীপে আসিয়া একরাত্রি অবস্থান করেন। কৃষ্ণ কথা প্রসঙ্গের পর প্রভূ শচী ও বিষ্ণুপ্রিয়ার রক্ষনাবে-ক্ষণ ভার অর্পন করেন এবং ৰলিলেন যে, ভোমার অন্তর্জানের পর তুমি পুনঃ প্রাৰুট হংলে কোন এক স্থানে ভোমার সহিত জ্রীরাম—কানাইরূপে বিহার ক'রব।" ৰংশী আগমনের হুই দিন পরে প্রভুর সন্ন্যাস ঘটিলে বংশী প্রভুর ভবনে অবস্থান করিয়া প্রভুৱ আজ্ঞা পালন করেন। কতদিনে গ্রীগোরাঙ্গ স্কুদর অন্তর্জান করিলে বংশী বিহরে অতান্ত কাতর হইয়া পড়েন। স্বপাদেশ প্রদান করিলে বংশীপ্রভূর জীগৃর্ত্তি নির্মান করান ও তাঁহার সেবানন্দে বিভোর থাকেন। সেই বিগ্রহই নবদ্বীপে 'বিফুপ্রিয়ার গৌরাঙ্গ'। ভারপর কতন্দিন বিভিন্ন দেশ পরিভ্রমন করিয়া গৌরাঙ্গের ত্রনির্মাল প্রেম প্রচার করতঃ শ্রীগৌরাঙ্গ সেবায় আবিষ্ট রহিলেন। সেই সময় তিনি কৃঞ্লীলা ও গৌর লীলা বিষয়ক বহু পদ রচনা করেন।

তথাহি-জীবংশী শিক্ষা-8ৰ্থ উল্লাস-

"গৌর**লীলা কৃঞ্লীলা** গ্রন্থ পদাবলী ৷ তবে রচিলেন বংণী হইয়া ব্যাকুলী দ বংশীৰদনেৰ পদ নিকুঞ্জ ৰিহার 🖟 বৈঞ্বগনের হয় কণ্ঠমনিহার ॥ বৈঞ্চৰ সঙ্গাত জগতে বংশীবদনের অন্দান অপ্রিনীম। তাহার ইচিত বংলা ভাষায় নিকুঞ্জ রহস্তত্ত্ব ভত্ত হৃদেয়ে চির আনন্দের বস্তু হইয়া রহিয়াছে। মহাপ্রভুর অন্তর্জানের পর প্রভুর স্বপ্নায় শে বংশীবদন দেহত্যাগ করিং। নিজ-ভোষ্ঠ পুত্ বধুর গর্ভে রামাই পণ্ডিত রূপে প্রকট হন : এবং জাফ্বাদেবী কৰ্ত্তক পালিত হইয়া ৰাত্মপাড়ায় জ্ৰীপাট ফা- ন করেন। বংশীবদন সঙ্গীত শাস্তে বংশীবদন, বংশী, বংশীদাস. জ্রীবদন, বদনান দ এই পঞ্চ নামে সমধিক প্রসিদ্ধ।

তথাহি — জীবংশী শিক্ষা – ৪র্থ উল্লাস

ভক্তঅম ঘুচাইতে শ্রীপ্রভুর নামে। কহিব শ্রীবংশীবিলাসাদি প্রমানে 🛭 श्चीवश्मीवश्म वश्मी आत्र वश्मीशाम । জীবদন বদনানন্দ পঞ্চম প্রকাশ # প্রভুর পঞ্চমনাম গায় কবিগন। गृथा नाम रय किन्छ खीवश्मीवनन ॥

পদকল্পতক প্রস্থে উক্ত নামের ভনিতাযুক্ত পদ পাওয়া যার।

ব্লুন্দাৰত দাস - জীল বৃন্দাৰন দাস ঠাকুর জীগোরাঙ্গ পার্যদ জীৰাস পণ্ডিতের জ্যেষ্ঠ ভ্রাতা নলিনী পণ্ডিতের কন্তা নারায়ণী দেবীর পুত্র। তাঁহার পিতার নাম বৈকুঠ বিপ্র। হালিসহরের নতিগ্রাম নামক স্থানে তাঁহার জীপাট।

তথাহি-জীপাট পর্যাটনে -

"হালিসহর নতিপ্রামে নারায়ণী হত। ঠাকুর বৃন্দাবন নাম ভ্বন বিশ্বাত। নতিপ্রামে জন্মজান, দ্বিতি দেন্দুড়াতে। জ্রীচৈতক্য ভাগবত কৈল প্রচারিতে।" জ্রীল বৃন্দাবন দাস ঠাকুর মাতৃগর্ভে অবস্থান কালীন পি এ বৈকৃষ্ঠ বিপ্রে অন্তর্জান করিলে মাতা নারায়ণী দেবী অসহার হইয়া পড়েন। সে সময় মাতামহ জ্রীবাস পতিত নারায়নী দেবীকে আপনার কুমার ভট্ট ভবনে আনিয়া স্যতনে রক্ষনাবেক্ষণ করেন। কুমার হট্ট জ্রীবাস ভবনেই জ্রীল বৃন্দাবন দাস ঠাকুর ভূমিন্ত হন। তথায় পাঁচ বংসর অবস্থানের পর মাতার সঙ্গে মামগাছি গ্রামে গমন করেন। তথায় প্রীগোরাল পার্বদ নাম্বদেব দন্তের প্রতিষ্ঠিত সেবায় অবস্থান করিয়া নান। শাস্ত্র পর পর প্রভাবনের সংক্রি ক্রের প্রতিষ্ঠিত সেবায় অবস্থান করিয়া নান। শাস্ত্র পর্যায়ন করেওঃ সর্ববিশাস্ত্রে স্থানিত ইন। ক্রেকলাল মামগাছি গ্রামে অবস্থানের পর প্রভূ নিত্যানন্দের সঙ্গে দেন্দুড়ায় গমন করেন। প্রভূ নিত্যানন্দের আদেনে তথায় স্ত্রীপাট স্থাপন করেন এবং ভেধায় বিদ্যা ১৪৯৫ শ্রাকে জ্রীতিভত্ত ভাগবত গ্রন্থ রচনা করেন।

তথাহি — শ্রীশ্রেমবিলাসে - ২৪রিলাস।

"চৌদ্দশত পঁচানব্বই শকাব্দের যখন। জ্রীচৈতক্ম ভাগৰত হচে দাস বৃদ্দাবন।"
জ্রীচৈতক্ম ভাগৰত বাংলা ভাষায় জ্রীগৌরাক্স চরিত ধর্ন বিষয়ে সর্বাদি গ্রন্থ।
ইহার দীলাস্ত্র অবলম্বনে জ্রীচৈতক্ম চরিতায়তাদি প্রস্থ লিখিত হয়। তাঁহার
ক্বিত্বের মহিমা স্বয়ং জ্রীল কৃষ্ণনাস কাবরাজ গোস্থামী স্বীয় গ্রন্থে বর্ণনা

করিয়াছেন। তথাহি — হ্রীকৈতন্য চরিত,মৃতে।—

"মনুষ্য রচিতে নারে এছে গ্রন্থ বতা। বুন্দাবন পাস মুখে বক্তা শ্রীচৈততা।"
"চৈততা লীলার ব্যাস বৃন্দাবন পাস।" শ্রীচৈততা ভাগৰতের নাম চৈততা মঙ্গল
ছিল। শ্রীলোচন দাস ঠাকুর শ্রীচৈততা মঙ্গল গ্রন্থ রচনা করিলে বৃন্দাবনবাসী
বৈষ্ণবগণ বৃন্দাবন দাস কৃত চৈততা মঙ্গল গ্রন্থের নাম পরিবর্তন করিয়া
শ্রীতৈততা ভাগৰত নাম করণ করেন।

তথাহি— শ্রীপ্রেমবিলালে।—

"চৈতত্ত ভাগবতের নাম চৈতত্তমঙ্গল ছিল।
বুন্দাবনের মহাস্কের। ভাগবত থাখ্যা দিল॥"

বৃন্দাবন দাস ঠাকুর জ্রীচৈভক্ত ভাগবভ, নিত্যানন্দ বংশ বিস্তার, চৈতক্ত চন্দ্রোদয়, ভদ্পন নির্ণয়, বৈষ্ণব বন্দনা, গৌর গণোদ্দেশ, সংস্কৃত ভাষায় জ্রীচৈতক্ত লীলামৃত প্রভৃতি গ্রন্থ রচনা করেন। বৈষ্ণব পদাবলীতে তাঁহার অবদান কম নহে। বৃন্দাবন দাস ঠাকুরের বহু পদ দৃষ্ট ২য়। পদকল্পতক্ষ গ্রন্থে তাঁহার বহু পদ গৃহীত হইয়াছে।

ব

বলরাম দাস - জ্রীনিত্যানন্দ শাখাভূক্ত। নদীয়া জেলার দোগাছিয়া গ্রামে তাহার জ্রীপাট। পদকর্ত্তা হিসাবে বলরাম দাসের নাম সর্বজন প্রাসিদ্ধ। তথাহি জ্রীবৈষ্ণব বন্দ্রনা—

"সঙ্গীত রচকবন্দ বলরাম দাস। নিত্যানন্দ চন্দ্রে যঁ₁র অকথ্য বিশ্বাস। তথাহি—শ্রীপাট নির্ণয়ে—

